

# ମଧ୍ୟ-ଲୀଲା ।

## ନବମ ପରିଚେଦ

ନାନାମତଗ୍ରହଣାନ୍ ଦାକ୍ଷିଣାତ୍ୟଜନଦ୍ଵିପାନ୍ ।  
କୃପାରିଗା ବିମୁଚ୍ୟୋତାନ୍ ଗୌରଶକ୍ତେ ସ ବୈଷ୍ଣବାନ୍ ॥ ୧  
ଜୟଜୟ ଶ୍ରୀଚୈତନ୍ ଜୟ ନିତ୍ୟାନନ୍ଦ ।

ଜୟାଦୈତଚନ୍ଦ୍ର ଜୟ ଗୌରଭକ୍ତ୍ୟନ୍ ॥ ୧  
ଦକ୍ଷିଣଗମନ ପ୍ରଭୁର ଅତି ବିଲକ୍ଷଣ ।  
ମହାମହାସ୍ର ତୀର୍ଥ କୈଳ ଦରଶନ ॥ ୨

ଶୋକେର ସଂସ୍କୃତ ଟୀକା ।

ନାନାମତମେବ ଗ୍ରହଃ କୁଞ୍ଚିର ସ୍ତେନ ଗ୍ରହଣାନ୍ ଗିଲିତାନ୍ ଦାକ୍ଷିଣାତ୍ୟଃ ଦକ୍ଷିଣଦେଶସ୍ଥାଃ ଜନ ଏବ ଦ୍ଵିପାଃ ହସ୍ତିନ ସ୍ତାନ୍ କୁପୈର ଅରିଶକ୍ରଂ ତେନ । କୃପାଧିନେତି ପାଠେ ବନ୍ଧନଂ ବ୍ୟସନଂ ଚେତଃ ପୀଡାଧିଷ୍ଠାନମାଧ୍ୟ ଇତି ନାନାର୍ଥାଂ କୃପାରୀ ଆଧିନା ଆକ୍ରମଣେ ଅତ୍ରାଧିଷ୍ଠାନମାକ୍ରମଗମିତି ନାନାର୍ଥ ଟୀକା । ବ୍ୟସନଂ ବ୍ୟବସାୟଃ କୃପାଧିନା କୃପାବ୍ୟବସାୟେନ ବା । ଚକ୍ରବର୍ତ୍ତୀ । ୧

ଗୌର-କୃପା-ତରଙ୍ଗିଣୀ ଟୀକା ।

ଶ୍ରୀଶ୍ରୀକୃଷ୍ଣଚୈତନ୍ । ମଧ୍ୟଲୀଲାର ଏହି ନବମ ପରିଚେଦେ ଶ୍ରୀମନ୍ ମହାପ୍ରଭୁର ଦକ୍ଷିଣଦେଶ ଭୟନ, ତଦେଶବାସୀ ନାନା ମତାବଲମ୍ବୀ ଲୋକଦିଗକେ ବୈଷ୍ଣବ-କରଣ ଏବଂ ନୀଳାଚଳେ ପୁନରାଗମନ ବର୍ଣ୍ଣିତ ହୁଇଯାଇଛେ ।

ଶୋ । ୧ । ଅନ୍ତର୍ଯ୍ୟ । ସଃ ଗୌରଃ ( ସେଇ ଶ୍ରୀଗୌରଚଞ୍ଜଳି ) ନାନାମତ-ଗ୍ରହଣାନ୍ ( ନାନାବିଧମତକୁଳ କୁଞ୍ଚିରେର ଗ୍ରାସେ ପତିତ ) ଦାକ୍ଷିଣାତ୍ୟଜନଦ୍ଵିପାନ୍ ( ଦକ୍ଷିଣଦେଶବାସି-ଜନସମୂହ କୁଳ ହସ୍ତିଗଣକେ ) କୃପାରିଗା ( କୃପାକୁଳ ଚକ୍ରଦ୍ଵାରା ) ବିମୁଚ୍ୟ ( ବିମୁକ୍ତ କରିଯା ) ଏତାନ୍ ( ତାହାଦିଗକେ ) ବୈଷ୍ଣବାନ୍ ( ବୈଷ୍ଣବ ) ଚକ୍ରେ ( କରିଯାଇଲେନ ) ।

ଅନୁବାଦ । ଶ୍ରୀଗୌରାଙ୍ଗ-ପ୍ରଭୁ ନାନାବିଧ-ମତକୁଳ କୁଞ୍ଚିରେର ଗ୍ରାସେ ପତିତ ଦକ୍ଷିଣଦେଶୀୟ-ଜନସମୂହକୁଳ ହସ୍ତିଗଣକେ କୃପାକୁଳ ଚକ୍ରଦ୍ଵାରା ବିମୁକ୍ତ କରିଯା ତାହାଦିଗକେ ବୈଷ୍ଣବ କରିଯାଇଲେନ । ୧

ନାନାମତଗ୍ରହଣାନ୍—ସାଞ୍ଚ୍, ବୈଶେଷିକ, ବୌଦ୍ଧ, ଜୈନ, ଶାକ୍, ଗାଣପତ୍ୟ ପ୍ରଭୃତି ନାନାବିଧ ମତ କୁଳ ଗ୍ରହବା କୁଞ୍ଚିର, ତଦ୍ଵାରା ଗ୍ରହ କରିଲିତ ହୁଇଯାଇଛେ ଯାହାରା, ତତ୍ତ୍ଵପ ଦାକ୍ଷିଣାତ୍ୟଜନଦ୍ଵିପାନ୍—ଦାକ୍ଷିଣାତ୍ୟବାସୀ ଜନସମୂହକୁଳ ଦ୍ଵିପ ( ବା ହସ୍ତି ) ସମୁହକେ । କୃପାରିଗା—କୃପାକୁଳ ଅରି ( ବା ଅନ୍ତ୍ର ) ଦ୍ଵାରା ବିମୁକ୍ତ କରିଯା ତାହାଦିଗକେ ବୈଷ୍ଣବ କରିଲେନ ପ୍ରଭୁ । ହସ୍ତିର ଶୁଣ୍ଡକେ ଯଦି କୁଞ୍ଚିରେ ଗ୍ରାସ କରେ, ତାହା ହିଲେ ହସ୍ତିର ଆର ସହଜେ ନିଷ୍ଠାର ନାହିଁ; ତତ୍ତ୍ଵପ, ବିଚାବରୁଦ୍ଧିତୀନ ସାଧାରଣ ଲୋକ ଯଦି ବୌଦ୍ଧ-ଜୈନ-ଆଦି ନାନାବିଧ ମତାବଲମ୍ବୀଦେର କବଳେ ପତିତ ହୟ, ତାହାଦେର ସେଇ ମୋହ କାଟାନ୍ତି ମହାନ ମହାନ ନାହିଁ । ତାହିଁ, ଏହି ଶୋକେ ନାନାମତକେ କୁଞ୍ଚିରେର ସଙ୍ଗେ ଏବଂ ଦକ୍ଷିଣଦେଶବାସୀ ଜନସମୂହକେ ହସ୍ତିର ସଙ୍ଗେ ତୁଳନା କରା ହୁଇଯାଇଛେ । ପ୍ରଭୁ କୃପା କରିଯା ସେଇ ସମସ୍ତ ଲୋକେର ମତି ଫିରାଇଯା ତାହାଦିଗକେ ବୈଷ୍ଣବ କରିଲେନ; ଚକ୍ରଦ୍ଵାରା କୁଞ୍ଚିରେର କବଳ ଛାଡାଇଯା ଯେମନ ହସ୍ତିକେ ମୁକ୍ତ କରାଯାଇ, ତତ୍ତ୍ଵପ ପ୍ରଭୁର କୃପା କରିଯା ନାନାମତେର କବଳ ହିତେ ତାହାଦିଗକେ ମୁକ୍ତ କରିଯାଇଛେ; ତାହିଁ କୃପାକେ ଚକ୍ରେର ସଙ୍ଗେ ତୁଳନା କରା ହୁଇଯାଇଛେ ।

ଏହି ଶୋକେ ଏହି ପରିଚେଦେର ବର୍ଣ୍ଣନୀୟ ବିଷୟରେ ସ୍ଵତାକାରେ ଉପିଲିଖିତ ହୁଇଯାଇଛେ ।

୨ । ଦକ୍ଷିଣ ଗନ୍ଧ—ଦାକ୍ଷିଣାତ୍ୟ ଭୟନ । ବିଲକ୍ଷଣ—ଅନ୍ତ୍ର ; ଅସାଧାରଣ ।

ସେଇ ସବ ତୀର୍ଥ ସ୍ପର୍ଶ ମହାତୀର୍ଥ କୈଲ ।  
 ସେ-ଇ ଛଲେ ସେଇ ଦେଶେର ଲୋକ ନିଷ୍ଠାରିଲ ॥ ୩  
 ତୀର୍ଥ-ଧାତ୍ରୀଯ ତୀର୍ଥ-କ୍ରମ କରିତେ ନା ପାରି ।  
 ଦକ୍ଷିଣ-ବାମେ ତୀର୍ଥଗମନ ହୟ ଫେରାଫେରି ॥ ୪  
 ଅତ୍ରେବ ନାମମାତ୍ର କରିଯେ ଗଣନ ।  
 କହିତେ ନା ପାରି ତାର ସଥା ଅନୁକ୍ରମ ॥ ୫  
 ପୂର୍ବବ୍ୟ ପଥେ ଯାଇତେ ସେ ପାଯ ଦର୍ଶନ ।  
 ଯେ-ଗ୍ରାମେ ସାର ସେଇ ଗ୍ରାମେର ସତଜନ ॥ ୬  
 ସଭେଇ ବୈଷ୍ଣବ ହୟ—କହେ ‘କୃଷ୍ଣହରି’ ।  
 ଅଞ୍ଚଗ୍ରାମ ନିଷ୍ଠାରୟେ ସେଇ ବୈଷ୍ଣବ କରି ॥ ୭  
 ଦକ୍ଷିଣଦେଶେର ଲୋକ ଅନେକ ପ୍ରକାର ।  
 କେହୋ ଜ୍ଞାନୀ, କେହୋ କର୍ମୀ, ପାଷଣୀ ଅପାର ॥ ୮

ସେଇ ସବ ଲୋକ ପ୍ରଭୁର ଦର୍ଶନ-ପ୍ରଭାବେ ।  
 ନିଜନିଜ ମତ ଛାଡ଼ି ହଇଲ ବୈଷ୍ଣବେ ॥ ୯  
 ବୈଷ୍ଣବେର ମଧ୍ୟେ ରାମ-ଉପାସକ ସବ ।  
 କେହୋ ତତ୍ତ୍ଵବାଦୀ, କେହୋ ହୟ ଶ୍ରୀବୈଷ୍ଣବ ॥ ୧୦  
 ସେଇ ସବ ବୈଷ୍ଣବ ମହାପ୍ରଭୁର ଦର୍ଶନେ ।  
 କୃଷ୍ଣ-ଉପାସକ ହୈଲ—ଲୟ କୃଷ୍ଣନାମେ ॥ ୧୧

ତଥାହି—

ରାମ ରାଘବ ରାମ ରାଘବ ରାମ ରାଘବ ପାହି ମାମ୍ ।  
 କୃଷ୍ଣ କେଶବ କୃଷ୍ଣ କେଶବ କୃଷ୍ଣ କେଶବ ରଙ୍ଗ ମାମ୍ ॥ ୨  
 ଏହି ଶ୍ଲୋକ ପଥେ ପଢ଼ି କରିଲା ପ୍ରସାଦ ।  
 ଗୋତମୀ-ଗନ୍ଧାଯ ଯାଇ କୈଲ ତାହା ସ୍ନାନ ॥ ୧୨

ଗୌର-କୃପା-ତରଙ୍ଗିନୀ-ଟୀକା ।

୩ । ଦାକ୍ଷିଣାତ୍ୟ ଯତ ତୀର୍ଥ ଛିଲ, ପ୍ରଭୁ ଗ୍ରାୟ ତ୍ୱରିତ ଦର୍ଶନ କରିଯାଇଛେ; ପ୍ରଭୁର ଚରଣପ୍ରଶ୍ରେ ସେ ସମସ୍ତ ତୀର୍ଥ ମହାତୀର୍ଥେ ପରିଗତ ହଇଯାଇଛେ, ତାହାଦେର ମାହାତ୍ୟ ଆରା ବୃଦ୍ଧିପ୍ରାପ୍ତ ହଇଯାଇଛେ । ସେଇ ଛଲେ ଇତ୍ୟାଦି—ସେ ସମସ୍ତ ତୀର୍ଥ-ଦର୍ଶନେର ଛଲେ ପ୍ରଭୁ ଦକ୍ଷିଣଦେଶୀୟ ଲୋକଦିଗେରଇ ଉଦ୍ଧାର ସାଧନ କରିଲେନ ।

୪ । ତୀର୍ଥକ୍ରମ ଇତ୍ୟାଦି—ପ୍ରଭୁ କୋନ୍ ତୀର୍ଥେର ପରେ କୋନ୍ ତୀର୍ଥେ ଗିଯାଇଛେ, ଯଥାକ୍ରମେ ତାହା ବଲା ସନ୍ତୁବ ନହେ; କାରଣ, ଦକ୍ଷିଣ-ବାମେ ଇତ୍ୟାଦି—କୋନେ ଏକଟୀ ତୀର୍ଥ ଦର୍ଶନ କରିଯା ତାହାର ଡାଇନଦିକେର ତୀର୍ଥେ ହୟତୋ ଗିଯାଇଛେ, ତାହା ହେଲିବାର ପଥେ ଆବାର ଉତ୍ତର ତୀର୍ଥେ ବାମଦିକେର କୋନେ ଏକ ତୀର୍ଥେ ଗିଯାଇଛେ; ଏହିରୂପେ ଡାଇନଦିକେର ତୀର୍ଥ ହେଲିବାର ପଥେ ଆବାର ତୀର୍ଥେ ଯାଇତେ ମଧ୍ୟେର ତୀର୍ଥେ ଦ୍ୱିତୀୟବାର ଫିରିଯା ଆସିତେ ହଇଯାଇଛେ; ବାମଦିକେର ତୀର୍ଥଦର୍ଶନେର ପରେଓ ହୟତୋ ଆବାର ତୃତୀୟବାର ସେଇ ତୀର୍ଥେ ଆସିତେ ହଇଯାଇଛେ; ଏହିରୂପେ ଫେରାଫେରି—କୋନେ ଏକ ତୀର୍ଥେ ସମୟ ସମୟ ଏକାଧିକ ବାର ଫିରିଯା ଫିରିଯା ଆସିତେ ହଇଯାଇଛେ ବଲିଯା ତୀର୍ଥ୍ୟାତ୍ମାର ବର୍ଣନାର କ୍ରମ ଠିକ ରାଖା ସନ୍ତୁବପର ହୟ ନା ।

୫ । ତାହି ତୀର୍ଥ-ଭରମଗେର କ୍ରମ ନା ବଲିଯା, ପ୍ରଭୁ ଯେ ସେ ତୀର୍ଥେ ଗିଯାଇଛେ, କେବଳ ତାହାଦେର ନାମଶ୍ଵଲିମାତ୍ର ଉଲ୍ଲେଖ କରିବ ।

୬-୭ । ପୂର୍ବବ୍ୟ—ମଧ୍ୟଲୀଳାର ସମ୍ପଦ-ପରିଚେତରେ ୧୪-୧୦୧ ପଯାରୋତ୍ତମା ଶାୟ ।

ସେ ପାଯ ଦର୍ଶନ—ଯିନି ପ୍ରଭୁର ଦର୍ଶନ ପାଇଯେନ । ସେ ବୈଷ୍ଣବ କରି—ପ୍ରଭୁର ଦର୍ଶନ ପାଇଯା ଯିନି ବୈଷ୍ଣବ ହଇଯାଇଛେ, ତିନିଓ ଆବାର ଅନ୍ତ ଶାମବାସୀକେ ବୈଷ୍ଣବ କରିଯା ଉଦ୍ଧାର କରେନ ।

୮ । ଜ୍ଞାନୀ—ଜ୍ଞାନଯାଗେର ସାଧକ; ଜୀବ-ବ୍ରକ୍ଷେର ଅଭେଦବାଦୀ । କର୍ମୀ—କର୍ମକାଣ୍ଡେ ରତ । ପାଷଣୀ—ବେଦବିରୋଧୀ । ଅପାର—ଅସଂଖ୍ୟ ।

୧୦ । ତତ୍ତ୍ଵବାଦୀ—ସକଳ ବସ୍ତୁ ସତ୍ୟ, କିଛୁଇ ମିଥ୍ୟା ନହେ—ଏହି ତତ୍ତ୍ଵକେଇ ସତ୍ୟ ବଲିଯା ମନେ କରେନ ଯାହାରା; ମଧ୍ୟାଚାର୍ୟ ସମ୍ପଦାଯେର ଲୋକଦିଗକେ ତ୍ୱରିତେ ତତ୍ତ୍ଵବାଦୀ ବଲା ହେଲିବା ହେଲିବା ହେଲିବା । ଇହାରା ନାରାୟଣେର ଉପାସକ ଛିଲେନ । ଶ୍ରୀବୈଷ୍ଣବ—ଶ୍ରୀସମ୍ପଦାଯୀଭୁତ୍ତ ଅର୍ଥାତ୍ ରାମଶ୍ଵରଜ୍ଞମାତ୍ରୀର ପ୍ରସରିତ ସମ୍ପଦାଯେର ବୈଷ୍ଣବଗମନକେ ଶ୍ରୀବୈଷ୍ଣବ ବଲେ । ଇହାରା ଶ୍ରୀରାମଚନ୍ଦ୍ରେର ବାଲକ୍ଷ୍ମୀନାରାୟଣେର ଉପାସକ ।

୯ । ୧୨ । ଅସ୍ତ୍ର । ଅସ୍ତ୍ରାଦି ୨୧୧୩ ଶ୍ଲୋକେ ଦ୍ରଷ୍ଟବ୍ୟ ।

୧୨ । ପ୍ରସାଦ—ଗମନ ।

মল্লিকার্জুন তীর্থে ঘাট মহেশ দেখিল ।  
 তাঁ সবলোকে কৃষ্ণনাম লওয়াইল ॥ ১৩  
 দামোদর-মহাদেবে করিল দর্শন ।  
 অহোবল নৃসিংহেরে করিলা গমন ॥ ১৪  
 নৃসিংহ দেখিয়া তাঁরে কৈল নতি-স্তুতি ।  
 সিদ্ধিবট গেলা—ঘাঁ মূর্তি সীতাপতি ॥ ১৫  
 রঘুনাথ দেখি কৈল প্রণতি-স্তুত ।  
 তাঁ এক বিপ্র তাঁরে কৈল নিমন্ত্রণ ॥ ১৬  
 সেই বিপ্র রামনাম নিরন্তর লয় ।  
 রামনাম বিনা অন্ত বাণী না কহয় ॥ ১৭  
 সেই দিন তার ঘরে রহিল ভিক্ষা করি ।  
 তারে কৃপা করি আগে চলিলা গৌরহরি ॥ ১৮  
 ক্ষন্দক্ষেত্রতীর্থে কৈল ক্ষন্দ-দর্শন ।  
 ত্রিমুঠ আইলা তাঁ দেখি ত্রিবিক্রম ॥ ১৯  
 পুন সিদ্ধিবট আইলা সেই বিপ্রঘরে ।  
 সেই বিপ্র কৃষ্ণনাম লয় নিরন্তরে ॥ ২০

ভিক্ষা করি মহাপ্রভু তাঁরে প্রশ্ন কৈল—।  
 কহ বিপ্র ! এই তোমার কোন্দশা হৈল ? ॥ ২১  
 পূর্বে তুমি নিরন্তর কহিতে রামনাম ।  
 এবে কেনে নিরন্তর কহ কৃষ্ণনাম ? ॥ ২২  
 বিপ্র কহে—এই তোমার দর্শনপ্রভাব ।  
 তোমা দেখি গেল ঘোর আজন্ম-স্বভাব ॥ ২৩  
 বাল্যবধি রামনাম-গ্রহণ আমার ।  
 তোমা দেখি কৃষ্ণনাম আইল একবার ॥ ২৪  
 সেই হৈতে কৃষ্ণনাম জিহ্বাতে বসিল ।  
 কৃষ্ণনাম স্ফুরে—রামনাম দূরে গেল ॥ ২৫  
 বাল্যকাল হৈতে ঘোর স্বভাব এক হয় ।  
 নামের মহিমা-শান্ত্র করিয়ে সঞ্চয় ॥ ২৬

তথাহি পদ্মপুরাণে, শ্রীরামচন্দ্রস্থ  
 শতনামস্তোত্রে ( ৮ )

রমন্তে যোগিনোহন্তে সত্যানন্দে চিদাত্মনি ।  
 ইতি রামপদেনাসো পরং ব্রহ্মাভিধীয়তে ॥ ৩

শোকের সংস্কৃত টীকা ।

রমন্তে ইতি । অনন্তে অনন্তমহিমি সত্যানন্দে শুন্দ-সত্যানন্দ-স্বরূপে চিদাত্মনি আত্মাত্ম্যামিনি ভগবতি যোগিনঃ সর্বে মুনয়ঃ রমন্তে ইতি রামপদেন অসৌ দশরথ-তনয়ঃ যঃ পরং ব্রহ্মাভিধীয়তে কথ্যতে । শোকমালা । ৩

গৌর-কৃপা-ত্রঙ্গিশী-টীকা ।

১৭ । বাণী—কথা ।

১৮ । আগে চলিলা—সমুখের দিকে, আরও দক্ষিণের দিকে, চলিলেন ।

১৯ । ক্ষন্দ—কার্তিকেয় ।

২০ । আজন্ম স্বভাব—জন্মবধি যে স্বভাব ( সর্বদা রামনাম লওয়ার স্বভাব ) চলিয়া আসিতেছে, তাহা ।

২৫ । কৃষ্ণনাম স্ফুরে—বিনা চেষ্টায় আপনা-আপনিই জিহ্বায় স্ফুরিত হয় । বস্তুতঃ অপ্রাকৃত শ্রীকৃষ্ণনামাদি কেহই প্রাকৃত জিহ্বায় উচ্চারণ করিতে পারে না ; শ্রীনাম স্বপ্নকাশ বস্ত ; যাহারা সেবাবিষয়ে উন্মুখ, যত্নশীল, শ্রীনাম আপনা-আপনিই তাঁহাদের জিহ্বায় স্ফুরিত হয় । “অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ গ্রাহণিভিত্তৈঃ । সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ ॥ ভ. র. সি. ১১০৯ ॥”

২৬ । নামের মহিমা-শান্ত্র—শান্ত্রোভ্য যে শোকে নামের মহিমা কীর্তিত হইয়াছে, তাহা । করিয়ে সংশয়—সংশয় করিয়া স্বতন্ত্রভাবে লিখিয়া রাখি । তাঁহার সংগৃহীত শোকগুলি হইতে নিম্নে নাম-মাহাত্ম্যব্যঞ্জক কয়েকটী শোক উন্নত হইয়াছে ।

শো । ৩ । অন্তর্য । যোগিনঃ ( যোগিগণ—যোগমার্গাবলম্বী লোকগণ ) অনন্তে ( অনন্তমহিম ) সত্যানন্দে ( সত্যানন্দস্বরূপ ) চিদাত্মনি ( আত্মাত্ম্যামীতে ) রমন্তে ( রমণ করেন ) ইতি ( এজন্ত ) রামপদেন ( রাম এই শব্দব্বারা ) অসৌ ( এই দশরথতনয় ) পরং ব্রহ্ম ( পরব্রহ্ম ) অভিধীয়তে ( অভিহিত হয়েন ) ।

তথাহি মহাভারতে উদ্যোগপর্কণি (১১১৪)  
 কুমিত্তু'বাচকঃ শক্তোগ্রে নির্বিত্ববাচকঃ ।  
 তয়োরৈক্যং পরং ব্রহ্ম কুষ্ঠ ইত্যভিধীয়তে ॥ ৪  
 পরং ব্রহ্ম দুই নাম সমান হইল ।

পুন আর-শাস্ত্রে কিছু বিশেষ পাইল ॥ ২৭  
 তথাহি পদ্মপুরাণে, উত্তরখণ্ডে বৃহদ্বিষ্ণু-  
 সহস্রনামস্তোত্রে (৭২৩৩৫)—  
 রাম-রামেতি রামে রামে মনোরমে ।  
 সহস্রনামভিস্তুল্যং রামনাম বরাননে ॥ ৫

শ্লোকের সংস্কৃত টীকা ।

কৃষ্ণতি । কুষ্ঠিধাৰ্তু ভূবাচকঃ সত্ত্ববাচকঃ গঃ চ নির্বিত্ববাচকঃ আনন্দবাচকঃ তয়োঃ কুষ্ঠিণকাৰার্থযোরৈক্যং  
 পরং ব্রহ্ম কুষ্ঠ ইত্যভিধীয়তে কথ্যতে ॥ ইতি শ্লোকমালা । ৪

বামেতি । হে বরাননে ! হে সুন্দরবদনে দুর্গে ! রাম রাম রাম ইতি রামনামত্রয়ং সহস্রনামভিঃ বিষ্ণুসহস্র-  
 নামভিস্তুল্যং সমানং ভবেৎ অতঃ মনোরমে রামে দাশরথৈ অহঃ শিবঃ রমে পরমানন্দানুভবং করোমীত্যর্থঃ ।  
 শ্লোকমালা । ৫

গৌর-কৃপা-তত্ত্বলী টীকা ।

অনুবাদ । যাহার মহিমা অনন্ত, যিনি সত্যানন্দস্বরূপ, যিনি আত্মাস্তর্যামী, যোগিগণ তাহাতে রমণ করেন  
 বলিয়া সেই পরম-ব্রহ্মই রাম-নামে অভিহিত হয়েন । ৩

অনন্তে—অনন্ত-শব্দে যাহার মহিমা অনন্ত—অসীম, সেই পর-ব্রহ্মকেই বুৰায় । সত্যানন্দে—সত্যানন্দ-  
 স্বরূপে ; যিনি সত্যস্বরূপ এবং আনন্দস্বরূপ ; সত্যং জ্ঞানং আনন্দং ব্রহ্ম—তাহাতে । চিদাত্মনি—যিনি আত্মারও  
 আত্মা, তাহাতে ; পরমাত্মাতে বা পরব্রহ্মে । এইরূপে অনন্ত, সত্যানন্দ এবং চিদাত্মা—এই শব্দগুলির প্রত্যেকটাই  
 পরব্রহ্মকে লক্ষ্য করিয়া বলা হইয়াছে । যোগিগণ যাহাতে রমণ করেন, তিনি হইলেন রাম । তাহারা অনন্ত,  
 সত্যানন্দ এবং চিদাত্মাস্বরূপ পরব্রহ্মেই রমণ করেন, তাহি পরব্রহ্মই রাম । শ্রীরামই পরব্রহ্ম—তাহাই এই শ্লোকে  
 বলা হইল ।

শ্লো । ৪। অষ্টয় । কুষ্ঠঃ-শব্দঃ ( কুষ্ঠিধাতু ) ভূবাচকঃ ( সত্ত্ববাচক ), গঃ চ ( এবং গ ও ) নির্বিত্ববাচকঃ  
 ( আনন্দবাচক ) ; তয়োঃ ( এই কুষ্ঠিধাতুর এবং গ কারের ) ত্রিক্যং ( শিলনই ) পরংব্রহ্ম ( পরব্রহ্ম ) কুষ্ঠঃ ( কুষ্ঠ ) ।

অনুবাদ । কুষ্ঠ সত্ত্ববাচক-ধাতু ; আর গ আনন্দবাচক । এই উভয়ের ( সত্ত্বার ও আনন্দের ) ত্রিক্য  
 পরব্রহ্মই কুষ্ঠ বলিয়া কথিত হয়েন । ৪

কুষ্ঠ-শব্দে যে পরব্রহ্মকে বুৰায়, তাহাই এই শ্লোকে বলা হইয়াছে । পরব্রহ্মের লক্ষণ এই যে—তিনি সৎ-স্বরূপ  
 ও আনন্দস্বরূপ । কুষ্ঠিধাতুর উত্তর গ প্রত্যয় যোগে কুষ্ঠ-শব্দ নিষ্পন্ন হয় ; কুষ্ঠ-ধাতুর অর্থ সত্ত্ব—সৎ ; আর গ  
 প্রত্যয়ের অর্থ আনন্দ ; স্বতরাং কুষ্ঠশব্দেও সৎ-স্বরূপ এবং আনন্দস্বরূপকে ( অর্থাৎ পরব্রহ্মকেই ) বুৰায় ।

পূর্বশ্লোকে বলা হইয়াছে—রামই পরব্রহ্ম, এই শ্লোকে বলা হইয়াছে, কুষ্ঠই পরব্রহ্ম ; স্বতরাং পরব্রহ্মত্ব হিসাবে  
 রাম ও কুষ্ঠ—এই দুই নামই তুল্য ।

২৭। পরংব্রহ্ম ইত্যাদি—“রমন্তে” ইত্যাদি এবং “কুষ্ঠ” ইত্যাদি এই দুই শ্লোক অমুসারে “রাম ও কুষ্ঠ”  
 এই উভয় নামের বাচ্য একই “পরংব্রহ্ম” হওয়াতে উভয় নামই তুল্য বলিয়া জানিলাম । পুন আর ইত্যাদি—আবার  
 অগ্র গ্রামাণ্য অমুসারে এক নাম হইতে আর এক নামের বিশেষত্ব জানিতে পারিলাম ।

এই বিশেষত্ব-বাচক অম্বাণ নিম্নের দুই শ্লোকে দেখান হইয়াছে ।

শ্লো । ৫। অষ্টয় । হে বরাননে ( হে পার্কতি ) ! সহস্রনামভিঃ ( বিষ্ণুর সহস্রনামের ), তুল্য ( সমান )  
 রামনাম ( রামনাম ) ; [ অতঃ ] ( অতএব ) রাম রাম ইতি রাম ইতি ( রাম রাম রাম এইরূপে ) [ সংক্ষীর্ণ ] ( সংক্ষীর্ণ  
 করিয়া ) মনোরমে ( মনোরম ) রামে ( রামচন্দ্রে ) রমে ( রমণ করি—পরমানন্দ অনুভব করি ) ।

তথাহি হরিভজ্জিবিলাসে (১১২৫৮),  
লব্ধাগবতামুতে পূর্বীখণ্ডে (৫০৫৪)

ক্রকাণগুরাগবচনম্ ।

সহস্রনামাং পুণ্যানাং ত্রিবৃত্যা তু যৎফলম্ ।  
একাবৃত্যা তু কৃষ্ণ নামেকং তৎ প্রযচ্ছতি ॥ ৬

এই বাক্যে কৃষ্ণনামের মহিমা অপার ।

তথাপি লইতে নারি শুন হেতু তার ॥ ২৮

ইষ্টদেব রাম, তাঁর নামে স্মৃথ পাই ।

স্মৃথ পাণ্ডি সেই নাম রাত্রি-দিন গাই ॥ ২৯

শ্লোকের সংক্ষিপ্ত চীকা ।

কৃষ্ণ কৃষ্ণাবতারসম্বন্ধি নামেকমপি তৎফলম্ । শ্রীসনাতন-গোবিন্দী । ৬

গৌর-কৃপা-তুরঙ্গী চীকা ।

অনুবাদ । মহাদেব পার্বতীকে বলিলেন—“হে বরাননে ! রামনাম বিষ্ণুর সহস্রনামের তুল্য ; (অর্থাৎ মহাভারতোক্ত বিষ্ণুসহস্রনাম একবার পাঠ করিলে যে ফল হয়, একবার রামনাম বলিলেও সেই ফল হর) ; তাহি আমি সর্বদা “রাম রাম রাম” এইরূপে (রামনাম কীর্তন করিয়া) মনোরম রামচন্দ্রে রমণ করি (পরমানন্দ অনুভব করি) । ৫

বরাননা—বর (সুন্দর, শ্রেষ্ঠ) আনন (বদন, মুখ) যাহার, সেই রমণীকে বরাননা বলে ; তাহার সম্মোধনে বরাননে—সুন্দর-বদনে ।

শ্লো । ৬ । অন্বয় । পুণ্যানাং (পবিত্র) সহস্রনামাং (বিষ্ণুসহস্রনামের) ত্রিঃ (তিনবার) আবৃত্যাতু (আবৃত্তি-বারা) যৎফলং (যে ফল হয়), একাবৃত্যাতু (একবার মাত্র আবৃত্তিবারাই) কৃষ্ণস্তু (শ্রীকৃষ্ণের) একং নাম (একটী নাম) তৎ (তাহা—সেই ফল) প্রযচ্ছতি (দান করে) ।

অনুবাদ । পবিত্র বিষ্ণুসহস্রনাম তিনবার পাঠ করিলে যে ফল হয়, শ্রীকৃষ্ণের একটী নাম একবার পাঠ করিলেও সেই ফল হয় । ৬

কৃষ্ণস্তু একং নাম—শ্রীকৃষ্ণের যে কোনও একটী নাম একবার পাঠ করিলেই বিষ্ণুসহস্রনাম তিনবার পাঠ করার ফল পাওয়া যায় । শ্রীপাদ সনাতনগোবিন্দী বলেন, শ্রীকৃষ্ণের কোনও একটী নাম বলিতে এই শ্লোকে কৃষ্ণাবতারসম্বন্ধি কোনও একটী নামকেই লক্ষ্য করা হইয়াছে—যথা গোবিন্দ, দামোদর, মাধব, গোবর্কনধারী, পৃতনারি ইত্যাদি ।

উক্ত দুই শ্লোক হইতে জানা গেল—এক রাম নাম বিষ্ণুর সহস্রনামের তুল্য ফল প্রদান করে ; কিন্তু কৃষ্ণের একটী নাম একবার পাঠ করিলে বিষ্ণুসহস্রনাম তিনবার পাঠ করার ফল পাওয়া যায়—ইহাই পূর্ববর্তী ২৭ পয়ারোক্ত বিশেষত্ব ; রামনাম হইতে কৃষ্ণনামের বিশেষত্ব । সুতরাং রাম ও কৃষ্ণ এই দুই নামের বাচ্য স্বরূপতঃ এক হইলেও দুই নামের মাহাত্ম্য এক নহে—রাম নাম অপেক্ষা কৃষ্ণনামের মাহাত্ম্য অনেক বেশী । ভূমিকায় নাম-মাহাত্ম্য-প্রবন্ধ দ্রষ্টব্য ।

২৮ । এইবাক্যে—পূর্বোক্ত শাস্ত্র-বাক্যানুসারে । মহিমা অপার—অনন্ত মহিমা ।

রামনাম অপেক্ষা কৃষ্ণনামের মহিমা অনেক বেশী—শাস্ত্রপ্রমাণ হইতে তাহা আমি জানিয়াছি ; তথাপি কিন্তু আমি কৃষ্ণনাম লইতে পারিতেছি না, রামনামই লইয়া থাকি—তাহার কারণ বলি শুন (পরবর্তী পয়ারে কারণ বলা হইয়াছে) ।

২৯ । শ্রীরামচন্দ্র আমার ইষ্টদেব বলিয়া তাহার নাম লইতেই আমার অত্যন্ত আনন্দ হয় ; তাহি দিনরাত্রি রামনামই গ্রহণ করি ; কৃষ্ণনাম গ্রহণের আর সময় থাকে না—অথবা কৃষ্ণনামে রামনামের মতন আনন্দ পাই না বলিয়া কৃষ্ণনাম গ্রহণ করি না—অথবা আনন্দ পাই বলিয়া সর্বদা রামনাম গ্রহণ করি বলিয়াই কৃষ্ণনামের মহিমার কথা মনে জাগিতনা ।

তোমার দর্শনে যবে কৃষ্ণনাম আইল ।  
 তাহার মহিমা এই মনেতে লাগিল ॥ ৩০  
 'সেই কৃষ্ণ তুমি সাক্ষাৎ' ইহা নির্দ্ধাৰিল ।  
 এত কহি বিপ্র প্ৰভুৰ চৰণে পঢ়িল ॥ ৩১  
 তাৰে কৃপা কৰি প্ৰভু চলিলা আৱদিনে ।  
 বৃক্ষকাশী আসি কৈলা শিব-দৰশনে ॥ ৩২  
 তাহাঁ হৈতে চলি আগে গেলা এক গ্রাম ।  
 ব্ৰাহ্মণ-সমাজে তাহাঁ কৱিলা বিশ্রাম ॥ ৩৩  
 প্ৰভুৰ প্ৰভাৱে লোক আইল দৰ্শনে ।  
 লক্ষ্মাৰ্বুদ লোক আইসে নাহিক গণনে ॥ ৩৪  
 গোমাণ্ডিৰ সৌন্দৰ্য দেখি তাতে প্্্ৰেমাবেশ ।  
 সভে কৃষ্ণ কহে, বৈষ্ণব হৈল সব দেশ ॥ ৩৫  
 তাৰ্কিক-মীমাংসক-মায়াবাদিগণ ।  
 সাঞ্চ্য পাতঞ্জল স্মৃতি পুৱাণ আগম ॥ ৩৬

নিজনিজ শাস্ত্ৰে সভে উদ্গ্ৰাহে প্ৰচণ্ড ।  
 সৰ্ববৰ্মত দূৰি প্ৰভু কৰে খণ্ড খণ্ড ॥ ৩৭  
 সৰ্ববৰ্ত স্থাপয়ে প্ৰভু বৈষ্ণব-সিদ্ধান্তে ।  
 প্ৰভুৰ সিদ্ধান্ত কেহো না পাৱে খণ্ডিতে ॥ ৩৮  
 হাৰি-হাৰি প্ৰভু মতে কৱেন প্ৰবেশ !  
 এইমত বৈষ্ণব প্ৰভু কৈল দক্ষিণদেশ ॥ ৩৯  
 পাষণ্ডীৰ গণ আইল পাণ্ডিত্য শুনিগ্ৰহ ।  
 গৰ্ব কৰি আইল সঙ্গে শিষ্যগণ লঞ্চা ॥ ৪০  
 বৌদ্ধাচার্য মহাপাণ্ডিত নিজ নবমতে ।  
 প্ৰভু-আগে উদ্গ্ৰাহ কৰি লাগিলা কহিতে ॥ ৪১  
 যষ্টপি অসম্ভাষ্য বৌদ্ধ অযুক্ত দেখিতে ।  
 তথাপি বলিলা প্ৰভু গৰ্ব খণ্ডাইতে ॥ ৪২  
 তৰ্কপ্ৰধান বৌদ্ধশাস্ত্ৰ নবমতে ।  
 তকেই খণ্ডিল প্ৰভু, না পাৱে স্থাপিতে ॥ ৪৩

## গোৱ-কৃপা-তৱঙ্গী টীকা ।

৩০। তোমার দৰ্শন মাত্ৰেই যথন কৃষ্ণনাম মুখে শুৱিত হইল, তখন হইতেই কৃষ্ণনামেৰ মহিমার কথা দৃদয়ে জাগিল ।

৩৬-৩৭। তাৰ্কিক—গ্রামশাস্ত্ৰামুগত । শীগাংসক—মীমাংসা-শাস্ত্ৰামুগত । মায়াবাদী—শক্রাচার্যেৰ অমুগত অবৈতবাদী । সাঞ্চ্য—সাঞ্চ্য-মতামুহায়াৰী । পাতঞ্জল—পতঞ্জলিকৃত দৰ্শনামুহায়াৰী । পুৱাণ—শিবপুৱাণাদি । আগম—তন্ত্ৰ । উদ্গ্ৰাহ—তৰ্কনিৰ্বক্ষ । উদ্গ্ৰাহে—নিজ নিজ শাস্ত্ৰেৰ প্ৰমাণ উল্লেখ কৱিয়া তৰ্ক কৰে । ২১৫; ৪২-৪৪ পঞ্চাবেৰ টীকা দ্রষ্টব্য ।

৩৯। হাৰি হাৰি—পৱাণ হইয়া হইয়া ।

৪০। পাষণ্ডীৰ গণ—বৌদ্ধগণ । বেদ মানে না বলিয়া বৌদ্ধকে পাষণ্ডী বলা হয় । পাণ্ডিত্য শুনিয়া—প্ৰভুৰ পাণ্ডিত্যেৰ কথা শুনিয়া । গৰ্ব—অহংকাৰ ।

৪১। বৌদ্ধাচার্য—বৌদ্ধদিগেৰ আচার্য বা প্ৰধান পণ্ডিত । নবমতে—নৃতন মতে ; বৌদ্ধমতে ; আচীন বেদেৰ বিৰক্ষ বলিয়া বৌদ্ধমতকে নবমত বলা হয় । উদ্গ্ৰাহ—বিচাৰাৰ্থ তৰ্ক ।

৪২। অসম্ভাষ্য—আলাপেৰ অযোগ্য । অযুক্ত দেখিতে—দৰ্শনেৰ অযোগ্য । বৌদ্ধগণ বেদ মানিতেন না বলিয়া তাহাদেৰ সঙ্গে আলাপ কৱা, তাহাদিগকে স্পৰ্শ কৱা, এমন কি তাহাদেৰ দৰ্শন কৱাও এক সময়ে হিন্দুসমাজে অগ্রায় বলিয়া পৱিগণিত হইত । শব্দকল্পন্ম অভিধানে পাষণ্ড-শব্দেৰ অৰ্থই লিখিত হইয়াছে—বৌদ্ধকল্পণকাদি । বিষ্ণুপুৱাণ বলেন—এতাদৃশ পাষণ্ডদেৰ সহিত আলাপ বা তাহাদেৰ স্পৰ্শও বৰ্জন কৱিবে । “তত্ত্বাং পাষণ্ডিভিঃ পাঁঁগৈৱালাপং স্পৰ্শনং ত্যজেৎ । ৩১৮ ॥” গৰ্ব খণ্ডাইতে—বৌদ্ধদেৰ গৰ্ব খণ্ডন কৱাৰ নিষিদ্ধ ( প্ৰভু তাহাদেৰ সহিত কথা বলিলেন, নচেৎ তাহারা অসম্ভাষ্য বলিয়া প্ৰভু তাহাদেৰ সহিত কথাই বলিতেন না ) ।

৪৩। তকেই ইত্যাদি—তৰ্কশাস্ত্ৰামুহোদিত নিয়মামুসারে কেবল যুক্তি-আদিৰ অম-প্ৰমাদাদি দেখাইয়াই মহাপ্ৰভু বৌদ্ধমতেৰ খণ্ডন কৱিলেন ।

বৌদ্ধাচার্য নবপ্রস্তাব সব উঠাইল ।

দৃঢ়যুক্তি-তর্কে প্রভু খণ্ডণ কৈল ॥ ৪৪

দার্শনিক পণ্ডিত সভাই পাইল পরাজয় ।

লোকে হাস্ত করে, বৌদ্ধের হৈল লজ্জা-ভয় ॥ ৪৫

প্রভুকে বৈষ্ণব জানি বৌদ্ধ ঘর গেলা ।

সর্ব বৌদ্ধ মিলি তবে কুমন্ত্রণা কৈলা ॥ ৪৬

অপবিত্র অন্ন এক থালিতে করিয়া ।

প্রভু আগে আনিল ‘বিষ্ণুপ্রসাদ’ বলিয়া ॥ ৪৭

গৌর-কৃপা-তরঙ্গী-টীকা ।

৪৪। নব প্রস্তাব—নৃতন নৃতন প্রস্তাব ( বা প্রশ্ন ) । বৌদ্ধাচার্য নিজ শাস্ত্র হইতে যত কিছু প্রশ্ন বা তর্ক উঠাইলেন, প্রভু যুক্তিদ্বারা তৎসমস্তেরই খণ্ডন করিলেন । আচার্য যতই নৃতন নৃতন প্রশ্ন উত্থাপিত করেন, অকাট্য যুক্তিতর্কদ্বারা প্রভু সমস্তেরই খণ্ডন করিলেন ।

কোনও কোনও গ্রন্থে “নবপ্রস্তাব”-স্থলে “নবপ্রস্থান”-পাঠান্তর দৃষ্ট হয় । নব প্রস্থান—নৃতন প্রস্থান । প্রস্থান— $\text{প্র} + \text{স্থা} + \text{অন্ত}$  ( অধি ) । প্র ( প্রকৃষ্টক্রপে ) স্থিত আছে যাহাতে, তাহাই প্রস্থান । পরম-তত্ত্বসমূহ প্রকৃষ্টক্রপে স্থিত বা বিরাজিত আছে যে গ্রন্থে, তাহার নাম প্রস্থান । আচার্য খবিদিগের মতে ঈশ্বরতত্ত্ব, জীবতত্ত্ব, জীব ও দ্বিত্তৰের নিত্যসম্বন্ধ, অভিধেয় ( মায়াবন্ধ জীবের কর্তব্য ) ও প্রয়োজন—এসমস্তই হইল পরম তত্ত্ব । এসকল তত্ত্বসমূহে অভ্রান্ত সিদ্ধান্ত পাওয়া যায় প্রধানতঃ তিনটী আচার্যগ্রন্থে—উপনিষৎ, ব্রহ্মস্তুত এবং শ্রীমদ্ভগবদ্গীতা । তাই এই তিনি গ্রন্থকে প্রস্থানত্রয়—তিনটী প্রস্থান বা পরম-তত্ত্বসমূহীয় গ্রন্থ—বলা হয় । খবিদিগের সাধনপূর্ত চিন্তে শ্রীভগবান् কৃপা করিয়া যে সমস্ত তত্ত্ব স্ফুরিত করাইয়াছেন, তৎসমস্ত গুরুপরম্পরাক্রমে কথিত ও শিশুপরম্পরাক্রমে শৃঙ্খল হইয়া অবশ্যে উপনিষদের আকারে সংকলিত হইয়াছে ; এজন্য উপনিষদসমূহকে শ্রুতি-প্রস্থান বলে । ব্রহ্মস্তুতে বিভিন্ন শ্রুতির সমষ্টিয়ের চেষ্টা করা হইয়াছে এবং প্রসঙ্গক্রমে শাস্ত্র-প্রতিষ্ঠিত যুক্তিদ্বারা বিচারপূর্বক পরমতর খণ্ডন এবং স্বত্তের স্থাপন করা হইয়াছে ; এজন্য ব্রহ্মস্তুতকে শ্রায়-প্রস্থান বলে । আর যে শ্রীভগবান् উপনিষদ্বৃক্ত তত্ত্বসমূহ ধৰ্মদের চিন্তে স্ফুরিত করাইয়াছেন, স্বয়ং তিনিই স্বীয় শ্রীমুখে অর্জুনের নিকটে যে সমস্ত তত্ত্বকথা প্রকাশ করিয়াছেন, তৎসমস্তই শ্রীমদ্ভগবদ্গীতায় সংকলিত হইয়াছে ; মহাবিদিগের স্মৃতিপথে বেদের যে অর্থ জাগ্রিত ছিল, এই গ্রন্থেও তাহা দৃষ্ট হয় বলিয়াই বোধ হয় গীতাকে স্ফুরিত-প্রস্থান বলে । যাহা হউক, এই প্রস্থানত্রয় বেদের উপরই প্রতিষ্ঠিত এবং অতি আচার্য । এই আচার্য প্রস্থানত্রয়ের পরবর্তীকালে বৌদ্ধাচার্যগণ যে সমস্ত তত্ত্বকথা শ্রান্কারে শ্রান্তি করিয়াছেন, তৎসমস্তকেও তাহাদের মতে প্রস্থান বলা চলে, এবং পরবর্তীকালে রচিত হইয়াছে বলিয়া এবং আচার্য প্রস্থানত্রয় হইতে বৌদ্ধাচার্যদিগের সংকলিত তত্ত্বের অভিনবত্ব আছে বলিয়া তাহাদের সংকলিত গ্রন্থকে নব-প্রস্থান বলা হয় । বৌদ্ধাচার্যদের অভিযত বেদের উপর প্রতিষ্ঠিত নয় বলিয়াই তাহাকে অভিনব বলা হইল । যাহা হউক, বৌদ্ধাচার্যগণ তাহাদের নবপ্রস্থান অঙ্গুষ্ঠারে নানাবিধ যুক্তিতর্কের অবতারণা করিলেন ; কিন্তু শ্রীমন্মহাপ্রভুও দৃঢ় যুক্তিদ্বারা তৎসমস্ত খণ্ডন করিলেন ।

৪৫। দার্শনিক পণ্ডিত—দর্শনশাস্ত্রে অভিজ্ঞ পণ্ডিত । সাঞ্চ্য, পাতঞ্জল, শ্যায়, বৈশেষিক, মীমাংসা, বেদান্ত প্রভৃতি শাস্ত্রকে দর্শনশাস্ত্র বলে । এই পয়ারে বৌদ্ধদর্শন-শাস্ত্রে অভিজ্ঞ পণ্ডিতদিগের কথাই বলা হইয়াছে । লজ্জা-ভয়—পরাজয়-জনিত লজ্জা এবং সম্প্রদায়ের প্রাধান্ত নষ্ট হইবে বলিয়া ভয় ।

৪৬। কুমন্ত্রণা কৈলা—প্রভুকে জন্ম করার জন্য ষড়যন্ত্র করিল ।

৪৭। বৌদ্ধগণ মনে করিয়াছিল, প্রভু যখন বৈষ্ণব, তখন বিষ্ণুপ্রসাদ বলিয়া যাহা উপস্থিত করা হইবে, তাহাই তিনি শ্রদ্ধার সহিত গ্রহণ করিবেন । অপবিত্র অন্ন—কবিকর্ণপূর বলেন—“শ্বেতজনযোগ্যমঙ্গচিত্যামুং—রুক্মুরের ভোজনযোগ্য অপবিত্রতর অন্ন ।” শ্রীচৈতন্যচন্দ্রদেব নাটক ॥ ১২৪ ॥

হেনকালে মহাকায় এক পক্ষী আইল ।  
 ঠোঁটে করি অন্ন সহ থালী লঞ্চা গেল ॥ ৪৮  
 বৌদ্ধগণের উপর অন্ন পড়ে অমেধ্য হৈয়া ।  
 বৌদ্ধচার্যের মাথায় থালী পড়িল বাজিয়া ॥ ৪৯  
 তেরছে পড়িল থালি—মাথা কাটা গেল ।  
 মুর্ছিত হইয়া আচার্য ভূমিতে পড়িল ॥ ৫০  
 হাহাকার করি কান্দে সব শিষ্যগণ ।  
 সতে আসি প্রভু-পদে লইল শরণ ॥ ৫১  
 তুমিহ ঈশ্বর সাক্ষাৎ,—ক্ষম অপরাধ ।  
 জীয়াহ আমার গুরু,—করহ প্রসাদ ॥ ৫২  
 প্রভু কহে—সতে কহ ‘কৃষ্ণকৃষ্ণ হরি’ ।  
 গুরুকর্ণে কহ কৃষ্ণনাম উচ্চ করি ॥ ৫৩  
 তোমা সভার গুরু তবে পাইবে চেতন ।  
 সর্ববৌদ্ধ মিলি করে—কৃষ্ণসন্ধীর্তন ॥ ৫৪  
 গুরুকর্ণে কহে—কহ কৃষ্ণ রাম হরি ।  
 চেতন পাইল আচার্য উঠে ‘হরি’ বলি ॥ ৫৫  
 ‘কৃষ্ণ’ বলি আচার্য প্রভুকে করয়ে বিনয় ।  
 দেখিয়া সকল লোক পাইল বিস্ময় ॥ ৫৬

এইমতে কৌতুক করি শচীর নন্দন ।  
 অন্তর্জ্ঞান কৈল, কেহো না পায় দর্শন ॥ ৫৭  
 মহাপ্রভু চলি আইলা ত্রিপদী ত্রিমল্লে ।  
 চতুভুর্জ বিষ্ণু দেখি বেঙ্কট-অচলে ॥ ৫৮  
 ত্রিপদী আসিয়া কৈল শ্রীরামদর্শন ।  
 রঘুনাথ-আগে কৈল প্রণাম-স্তবন ॥ ৫৯  
 স্বপ্রভাবে লোক সব করিএতা বিস্ময় ।  
 পানা-নরসিংহে আইলা প্রভু দয়াময় ॥ ৬০  
 নৃসিংহে প্রণতি-স্তুতি প্রেমাবেশে কৈল ।  
 প্রভুর প্রভাবে লোক চমৎকার হৈল ॥ ৬১  
 শিবকাঞ্চী আসি কৈল শিব-দরশন ।  
 প্রভাতে বৈষ্ণব কৈল সব শৈবগণ ॥ ৬২  
 বিষ্ণুকাঞ্চী আসি দেখিল লক্ষ্মীনারায়ণ ।  
 প্রণাম করিয়া কৈল বহুত স্তবন ॥ ৬৩  
 প্রেমাবেশে নৃত্য গীত বহুত করিল ।  
 দিন-ঠুই রহি, লোকে কৃষ্ণভক্ত কৈল ॥ ৬৪  
 ত্রিমল দেখি গেলা ত্রিকালহস্তি-স্থান ।  
 মহাদেব দেখি তাঁরে করিলা প্রণাম ॥ ৬৫

## গোর-কৃপা-তরঙ্গী টাকা ।

৪৮। কিঞ্চ তাহা অঙ্গীকার করার পূর্বেই একটী বৃহদাকার পক্ষী আসিয়া থালাথানি ঠোঁটে করিয়া লইয়া গেল । মহাকায়—বৃহদাকার । কবিকর্ণপূর বলেন—ভগবৎ-প্রসাদের নাম করিয়া বৌদ্ধগণ যে প্রভুর সাক্ষাতে অপবিত্র অন্ন উপস্থিত করিয়াছিল, সর্বজ্ঞ প্রভু তাহা জানিতে পারিয়াছিলেন । তথাপি, মহাপ্রসাদের মর্যাদারক্ষার্থ তিনি তাহা উপেক্ষা করিতে পারিলেন না, তিনি তৎক্ষণাৎ তাহা নিজহস্তে গ্রহণ করিলেন এবং প্রসাদসহ সেই হাতখানা উর্দ্ধে তুলিয়া চলিতে লাগিলেন; ঠিক এই সময়ে একটী বড় পাখী আসিয়া ঠোঁটে করিয়া প্রসাদসহ থালিথানা লইয়া উড়িয়া গেল । “সর্বজ্ঞেত্থপি ভগবৎ-প্রসাদনাম্বা তত্ত্বাগমসহমান এব পাণো গৃহীত্বা তৎসহিতমেব পাণিমুগ্ধম্য চলিতবান् । সমস্তরমেব মহতা কেনাপি বিহগেন চঞ্চপুটে কৃত্বা তদন্বং ভগবৎ-করতলতঃ সমাদায় উড়ীনম্ । শ্রীচৈতস্তচন্দ্রোদয় । ৭২৫॥

৪৯। অমেধ্য—অপবিত্র । অপবিত্র অন্ন বৌদ্ধগণের মাথায় পড়িল এবং থালিথানা বৌদ্ধচার্যের মাথায় পড়িল । বাজিয়া—শব্দ করিয়া; মাথার সঙ্গে আঘাত লাগিয়া শব্দ হইল ।

৫০। তেরছে—তেরছা হইয়া বা বক্রভাবে ।

৫১। জীয়াহ—বাঁচাও । প্রসাদ—অংগুগ্রহ ।

৫২। অন্তর্জ্ঞান কৈল—সকলের মধ্য হইতে হঠাৎ অদৃশ্য হইলেন । ইহাদ্বারা ও প্রভু এক গ্রিষ্ম্য দেখাইলেন ।

৫৩। বেঙ্কট-অচলে—বেঙ্কট-পর্বতে ।

৫৪। পানা-নরসিংহ—এখানকার শ্রীনৃসিংহ-বিগ্রহের ভোগে কেবলই পানা (অর্থাৎ সরবৎ) দেওয়া হয় বলিয়া তাহাকে পানা-নরসিংহ বলে ।

পক্ষতীর্থ যাই কৈল শিব-দরশন ।

বৃন্দকোলতীর্থে তবে করিল গমন ॥ ৬৬

শ্রেতবরাহ দেখি তাঁরে নমস্কার করি ।

পীতাম্বর-শিব-স্থানে গেলা গৌরহরি ॥ ৬৭

শিয়ালী ভৈরবী দেবী করি দরশন ।

কাবেরীর তীরে আইলা শচীর নন্দন ॥ ৬৮

গোসমাজ-শিব দেখি আইলা বেদাবন ।

মহাদেব দেখি তাঁরে করিলা বন্দন ॥ ৬৯

অমৃতলিঙ্গ-শিব আসি দর্শন করিল ।

সব শিবালয়ে শৈব 'বৈষ্ণব' করিল ॥ ৭০

দেবস্থানে আসি কৈল বিষ্ণুদরশন ।

শ্রীবৈষ্ণবগণ-সনে গোষ্ঠী অনুক্ষণ ॥ ৭১

কুস্তিকর্ণ-কপালের দেখি সরোবর ।

শিবক্ষেত্রে শিব দেখে গৌরাঙ্গসুন্দর ॥ ৭২

পাপনাশনে বিষ্ণু করি দরশন ।

শ্রীরঞ্জক্ষেত্রে তবে কৈল আগমন ॥ ৭৩

কাবেরীতে স্নান করি দেখি রঞ্জনাথ ।

স্তুতি-প্রণতি করি মানিল কৃতার্থ ॥ ৭৪

প্রেমাবেশে কৈল বহু গান-নর্তন ।

দেখি চমৎকার হৈল সর্বলোকমন ॥ ৭৫

শ্রীবৈষ্ণব এক—বেঙ্কটভট্ট নাম ।

প্রভুকে নিমন্ত্রণ কৈল করিয়া সম্মান ॥ ৭৬

নিজঘরে লঞ্চা কৈল পাদপ্রকালন ।

মেই জল সবংশেতে করিল ভক্ষণ ॥ ৭৭

ভিক্ষা করাইয়া কিছু কৈল নিবেদন—।

চাতুর্মাস্ত আসি প্রভু ! হৈল উপসন্ন ॥ ৭৮

চাতুর্মাস্ত কৃপা করি রহ মোর ঘরে ।

কৃষ্ণকথা কহি কৃপায় নিস্তার আমারে ॥ ৭৯

তার ঘরে রহিলা প্রভু কৃষ্ণকথা-রসে ।

ভট্ট-সঙ্গে গোঙাইলা স্থুখে চারি-মাসে ॥ ৮০

কাবেরীতে স্নান করি শ্রীরঞ্জ দর্শন ।

প্রতিদিন প্রেমাবেশে করেন নর্তন ॥ ৮১

সৌন্দর্য-প্রেমাবেশ দেখি সর্বলোক ।

দেখিবারে আইসে সভার খণ্ডে দুঃখ-শোক ॥ ৮২

সভে কৃষ্ণলক্ষ লোক আইসে নানা দেশ হৈতে ।

সভে কৃষ্ণনাম কহে প্রভুরে দেখিতে ॥ ৮৩

কৃষ্ণনাম বিনা কেহো নাহি বোলে আর ।

সভে কৃষ্ণভক্ত হৈল, লোকে চমৎকার ॥ ৮৪

শ্রীরঞ্জক্ষেত্রে বৈসে যতেক ব্রাহ্মণ ।

এক এক দিনে সভে কৈল নিমন্ত্রণ ॥ ৮৫

এক এক দিনে চাতুর্মাস্ত পূর্ণ হৈল ।

কতক ব্রাহ্মণ ভিক্ষাৰ দিন না পাইল ॥ ৮৬

সেই ক্ষেত্রে রহে এক বৈষ্ণব ব্রাহ্মণ ।

দেবালয়ে বসি করে গীতা-আবর্তন ॥ ৮৭

অষ্টাদশাধ্যায় পঢ়ে আনন্দ-আবেশে ।

অশুল পড়েন, লোকে করে উপহাসে ॥ ৮৮

কেহো হাসে কেহো নিনে, তাহা নাহি মানে ।

আবিষ্ট হৈয়া গীতা পঢ়ে আনন্দিত মনে ॥ ৮৯

গোর-কৃপা-তরঙ্গী টীকা ।

৭১। শ্রীবৈষ্ণব—শ্রীসম্প্রদায়ী (অর্থাৎ রামচুজ-সম্প্রদায়ী) বৈষ্ণব। গোষ্ঠী—ইষ্টগোষ্ঠী; ভগবৎ-কথার আলোচনা ।

৭৮। চাতুর্মাস্ত—চাতুর্মাস্ত অত; শয়নৈকাদশী হইতে উথানৈকাদশী পর্যন্ত চারিমাস কাল চাতুর্মাস্ত অতের সময়। উপসন্ন—উপস্থিত ।

৮২। অন্য—প্রভুর সৌন্দর্য ও প্রেমাবেশ দেখিয়া সমস্ত লোক প্রভুকে দেখিবার নিমিত্ত শ্রীরঞ্জক্ষেত্রে বেঙ্কটভট্টের গৃহে আগমন করে এবং প্রভুকে দর্শন করিয়া তাহাদের শোক-দুঃখ দূরীভূত হইয়া যায় ।

৮৩। সভে কৃষ্ণনাম ইত্যাদি—প্রভুকে দেখিয়া সকলেই কৃষ্ণনাম করিতে লাগিলেন ।

৮৭। সেই ক্ষেত্রে—সেই শ্রীরঞ্জক্ষেত্রে। গীতা আবর্তন—শ্রীমদ্বিগ্নেগীতার আবৃত্তি ।

ପୁଲକାଣ୍ଡର କମ୍ପ ସ୍ଵେଦ ସାବ୍ୟ-ପର୍ତ୍ତନ ।  
ଦେଖି ଆନନ୍ଦିତ ହୈଲ ମହାପ୍ରଭୁର ମନ ॥ ୯୦  
ମହାପ୍ରଭୁ ପୁଛିଲା ତାରେ ଶୁଣ ମହାଶୟ !।  
କୋନ୍ ଅର୍ଥ ଜାନି ତୋମାର ଏତ ଶୁଖ ହୟ ॥ ୯୧  
ବିପ୍ର କହେ—ମୂର୍ଖ ଆମି ଶକ୍ତାର୍ଥ ନା ଜାନି ।  
ଶୁଦ୍ଧାଶୁଦ୍ଧ ଗୀତା ପଢ଼ି ଗୁରୁ-ଆଜ୍ଞା ମାନି ॥ ୯୨  
ଅର୍ଜୁନେର ରଥେ କୃଷ୍ଣ ହଣ୍ଡା ରଜ୍ଜୁଧର ।  
ବସିଯାଛେ ହାଥେ ତୋତ୍ର ଶ୍ୟାମଲ ଶୁନ୍ଦର ॥ ୯୩  
ଅର୍ଜୁନେରେ କହିତେଛେ ହିତ-ଉପଦେଶ ।  
ତାହା ଦେଖି ହୟ ମୋର ଆନନ୍ଦ-ଆବେଶ ॥ ୯୪  
ସାବ୍ୟ ପଢ଼େ । ତାବ୍ୟ ପାଇଁ ତାବ୍ୟ ଦରଶନ ।  
ଏହି ଲାଗି ଗୀତାପାଠ ନା ଛାଡ଼େ ମୋର ମନ ॥ ୯୫  
ପ୍ରଭୁ କହେ—ଗୀତାପାଠେ ତୋମାରି ଅଧିକାର ।  
ତୁମି ମେ ଜାନନ୍ତ ଏହି ଗୀତାର ଅର୍ଥ ମାର ॥ ୯୬  
ଏତ ବଲି ମେହି ବିପ୍ରେ କୈଲ ଆଲିଙ୍ଗନ ।  
ପ୍ରଭୁର ପାଦ ଧରି ବିପ୍ର କରେନ ସ୍ଵଦନ—॥ ୯୭  
ତୋମା ଦେଖି ତାହା ହୈତେ ଦିଗ୍ନଗ ଶୁଖ ହୟ ।  
'ମେହି କୃଷ୍ଣ ତୁମି' ହେଲ ମୋର ମନେ ଲୟ ॥ ୯୮

କୃଷ୍ଣକୁ ର୍ତ୍ତେ ତାର ମନ ହୈଯାଛେ ନିର୍ମଳ ।  
ଅତେବ ପ୍ରଭୁର ତତ୍ତ୍ଵ ଜାନିଲ ସକଳ ॥ ୧୯  
ତବେ ମହାପ୍ରଭୁ ତାରେ କରାଇଲ ଶିକ୍ଷଣ—।  
ଏହି ବାତ କାହା ନା କରିବେ ପ୍ରକାଶନ ॥ ୧୦୦  
ମେହି ବିପ୍ର ମହାପ୍ରଭୁର ମହାଭକ୍ତ ହୈଲ ।  
ଚାରିମାସ ପ୍ରଭୁର ମନ୍ଦ କରୁ ନା ଛାଡ଼ିଲ ॥ ୧୦୧  
ଏହିମତେ ଭଟ୍ଟଗୁହେ ରହେ ଗୌରଚନ୍ଦ୍ର ।  
ନିରନ୍ତର ଭକ୍ତମଙ୍ଗେ କୃଷ୍ଣ-କଥାରଙ୍ଗ ॥ ୧୦୨  
ଶ୍ରୀବୈଷ୍ଣବ ଭଟ୍ଟ ମେବେ ଲକ୍ଷ୍ମୀନାରାୟଣ ।  
ତାର ଭକ୍ତିନିଷ୍ଠା ଦେଖି ପ୍ରଭୁର ତୁଷ୍ଟ ମନ ॥ ୧୦୩  
ନିରନ୍ତର ତାର ମଙ୍ଗେ ହୈଲ ସଥ୍ୟଭାବ ।  
ହାସ୍ତ-ପରିହାସ ଦୌହେ ମଧ୍ୟେର ସ୍ଵଭାବ ॥ ୧୦୪  
ପ୍ରଭୁ କହେ—ଭଟ୍ଟ । ତୋମାର ଲକ୍ଷ୍ମୀ ଠାକୁରାଣୀ ।  
କାନ୍ତବକ୍ଷଃପ୍ତିତା ପତିତତା-ଶିରୋମଣି ॥ ୧୦୫  
ଆମାର ଠାକୁର କୃଷ୍ଣ ଗୋପ ଗୋଚାରଣ ।  
ସାକ୍ଷୀ ହଣ୍ଡା କେନେ ଚାହେ ତାହାର ମନ୍ଦମ ? ॥ ୧୦୬  
ଏହି ଲାଗି ଶୁଖଭୋଗ ଛାଡ଼ି ଚିରକାଳ ।  
ବ୍ରତ-ନିୟମ କରି ତଥ କରିଲା ଅପାର ॥ ୧୦୭

## ଗୌର-କୃପା-ତରଙ୍ଗିନୀ ଟାଙ୍କା ।

୧୦ । ସାବ୍ୟ ପର୍ତ୍ତନ—ସତକ୍ଷଣ ତିନି ଗୀତା ପାଠ କରିତେନ, ତତକ୍ଷଣ ପର୍ଯ୍ୟନ୍ତରେ ତାହାର ଦେହେ ଅଶ୍ରକମ୍ପାଦି ମାତ୍ରିକ ଭାବ ସକଳ ବିଠମାନ ଥାକିତ ।

୧୨ । ଗ୍ରହ କଥାର ଉତ୍ତରେ ବିପ୍ର ବଲିଲେନ—“ଆମି ମୂର୍ଖ ; ଗୀତାର ଶଦ୍ଗୁଲିର ଅର୍ଥଓ ଆମି ଜାନି ନା ; ଆମାର ପାଠ ଶୁଦ୍ଧ ହଇତେଛେ, କି ଅଶୁଦ୍ଧ ହଇତେଛେ—ତାହାଓ ଆମି ଜାନି ନା । ଗୁରୁ ଆଦେଶ କରିଯାଛେ—ଗୀତା ପାଠ କରିତେ ; ତାହି ଗୀତା ପାଠ କରି ।”

୧୩-୧୫ । “ସତକ୍ଷଣ ପର୍ଯ୍ୟନ୍ତ ଆମି ଗୀତାପାଠ କରି, ତତକ୍ଷଣ ପର୍ଯ୍ୟନ୍ତରେ ଆମାର ମନେ ହୟ ସେନ, ଆମି ସାକ୍ଷାତେ ଦେଖିତେହି—ଅର୍ଜୁନେର ରଥେ ଘୋଡ଼ାର ଲାଗାମ ଧରିଯା ଶ୍ରୀକୃଷ୍ଣ ବସିଯା ଆହେନ, ଆର ଅର୍ଜୁନକେ ହିତୋପଦେଶ ଦିତେଛେ । ସତକ୍ଷଣ ପଢ଼ି, ତତକ୍ଷଣରେ ଶ୍ରୀକୃଷ୍ଣର ଦର୍ଶନ ପାଇ ; ଦର୍ଶନ ପାଇଯା ଆନନ୍ଦେ ଆବିଷ୍ଟ ହଇଯା ଯାଇ । ତାହି ଆମି ଗୀତାପାଠ ଛାଡ଼ିତେ ପାରିଲା ।” ରଜ୍ଜୁଧର—ଯିନି ଘୋଡ଼ାର ମୁଖେର ରଜ୍ଜୁ (ଲାଗାମ ) ଧରିଯା ଆହେନ । ତୋତ୍ର—ଚାବୁକ ।

୧୬ । ଦିଗ୍ନଗ ଶୁଖ—ଗୀତା-ପାଠକାଳେ ଅର୍ଜୁନେର ରଥହିତ ଶ୍ରୀକୃଷ୍ଣକେ ଦେଖିଯା ଯେ ଜ୍ଞାପ ହୟ, ତାହାର ଦୁଇଣ୍ଠର ଶୁଖ ।

୧୦୦ । କରାଇଲ ଶିକ୍ଷଣ—ନିଜେର ତତ୍ତ୍ଵ ଶିକ୍ଷା ଦିଲେନ । ଏହି ବାତ—ଏହି କଥା ; ପ୍ରଭୁର ତତ୍ତ୍ଵକଥା ।

୧୦୨ । ଭଟ୍ଟଗୁହ—ବେଙ୍କଟ-ଭଟ୍ଟେର ଗୁହ ।

୧୦୩ । ବେଙ୍କଟ-ଭଟ୍ଟେର ନିକଟେ ଥାକାତେ ତାହାର ମଙ୍ଗେ ପ୍ରଭୁର ଥୁବ ମାଧ୍ୟମାଧ୍ୟ ସଥ୍ୟଭାବ ଜମିଯାଛିଲ ।

୧୦୪ । ଉତ୍ତରେ ମଧ୍ୟ ହାସ୍ତ-ପରିହାସାଦି ଚଲିତ ।

୧୦୫-୭ । ବୁନ୍ଦାବନେ ଶ୍ରୀକୃଷ୍ଣମଙ୍ଗଳ ପାତ୍ରୀର ନିମିତ୍ତ ଲକ୍ଷ୍ମୀଠାକୁରାଣୀ ବୈକୁଞ୍ଚିର ସୁଖଭୋଗତାଗ କରିଯା କର୍ତ୍ତୋର ତପଶ୍ଚ

তথাহি (ভা: ১০। ১৬। ৩৬) —

কস্তুরভাবোহষ্ট ন দেব বিমুহে  
তবাং শ্রিরেণুপ্রবশাধিকারঃ ।

যদ্বাঞ্জয়া শ্রীললনাচরন্তেপো  
বিহায় কামানু স্তুচিৰং ধৃতৰূপঃ ॥ ৭

ভট্ট কহে — কৃষ্ণ নারায়ণ একই স্বরূপ ।

কৃষ্ণেতে অধিক লীলা-বৈদঞ্চত্বাদি রূপ । ১০৮

তাঁর স্পর্শে নাহি ঘায় পতিৰুতা-ধৰ্ম ।

কৌতুকে লক্ষ্মী চাহেন কৃষ্ণের সঙ্গম ॥ ১০৯

তথাহি ভক্তিৰসামৃতসিঞ্চকো, পূর্ববিভাগে,

সাধনভক্তিলহর্ষ্যাম্ (৩২) —

সিদ্ধান্ততত্ত্বেদেহপি শ্রীশক্রষ্ণকৃপয়োঃ ।

রসেনোৎকৃষ্ণতে কৃষ্ণকৃপমেষা রসস্থিঃ ॥ ৮

শ্লোকের সংক্ষিপ্ত টীকা ।

রসেন ইতি । গর্বোৎকৃষ্টগ্রেমময়রসেনেত্যর্থঃ । উৎকৃষ্টতে অস্তুভুত-গ্যর্থত্বাং উৎকৃষ্টতা প্রকাশত ইত্যর্থঃ । যতস্তু রসস্থ এইব স্থিতিঃ স্বত্বাবঃ যৎকৃষ্ণকৃপমেবোৎকৃষ্টত্বেন দর্শয়তীত্যর্থঃ । শ্রীজীব । রসেন কর্ত্রী কৃষ্ণকৃপমুৎকৃষ্টতে উৎকৃষ্টং ক্রিয়তে । রসস্থিঃ রসস্থত্বাবঃ । চক্রবর্ণী । ৮

গোর-কৃগা-তরঙ্গী টীকা ।

করিয়াছিলেন — ইহা প্রমিক কথা ; এই ব্যাপারকে লক্ষ্য করিয়া প্রতু একদিন পরিহাসপূর্বক বেঙ্কট-ভট্টকে বলিলেন — “ভট্ট ! তোমার লক্ষ্মীঠাকুরণী তো পতিৰুতা-শিরোমণি ; নারায়ণেরও খুব আদরিণী — সর্বদা নারায়ণের বক্ষেই অবস্থান করেন ; কিন্তু এত সাধী হইয়া তিনি শ্রীকৃষ্ণ-সঙ্গমই বা চাহিলেন কেন এবং তজন্ত কর্তোর তপস্থাই বা করিলেন কেন ?”

লক্ষ্মী যে তপস্থা করিয়াছিলেন, তাহার প্রমাণকৃপে নিম্নে একটী শ্লোক উন্নত হইয়াছে ।

শ্লো । ৭ । অষ্টম । অগ্রহাদি ২৮। ৩৮ শ্লোকে দ্রষ্টব্য ।

১০৮-৯ । একই স্বরূপ — স্বরূপতঃ এক (অভিন্ন) ।

বৈদঞ্চত্ব — কলাবিলাসাদিতে নৈপুণ্য ।

প্রতুর কথা শুনিয়া বেঙ্কট-ভট্ট বলিলেন — “কৃষ্ণ ও নারায়ণ স্বরূপতঃ একই ; কিন্তু রসবিষয়ে কৃষ্ণের একটু বিশেষত্ব আছে ; সেই বিশেষত্ব এই যে, নারায়ণ অপেক্ষা কৃষ্ণের লীলামাধুর্যা, কলাবিলাসাদিতে নৈপুণ্য এবং কৃপমাধুর্য বেশী ; লক্ষ্মীদেবী কৌতুকবশতঃইন্দ্রাণীকৃষ্ণসঙ্গ কামনা করেন ; তাহাতে তাহার পতিৰুতাধৰ্ম স্ফুর হয় না ; যেহেতু, নারায়ণে ও কৃষ্ণে স্বরূপতঃ কোনও ভেদ নাই ।”

নারায়ণ ও কৃষ্ণ যে স্বরূপে অভিন্ন, কিন্তু রসবিষয়ে শ্রীকৃষ্ণের যে উৎকর্ষ আছে, তাহার প্রমাণকৃপে নিম্নে একটী শ্লোক উন্নত করা হইয়াছে ।

শ্লো । ৮ । অষ্টম । সিদ্ধান্ততত্ত্ব ( সিদ্ধান্তামুদ্ধারে ) শ্রীশক্রষ্ণস্বরূপয়োঃ ( শ্রীনারায়ণস্বরূপের এবং শ্রীকৃষ্ণ-স্বরূপের ) অভেদে অপি ( অভেদ থাকা সত্ত্বেও ) রসেন ( রসদ্বারা ) কৃষ্ণকৃপং ( শ্রীকৃষ্ণকৃপ ) উৎকৃষ্টতে ( উৎকৃষ্টতা প্রাপ্ত হয় ) ; [ যতঃ ] ( যে হেতু ) এবা ( ইহাই ) রসস্থিঃ ( রসের স্বত্বাব ) ।

অনুবাদ । যদিও শ্রীনাথে ও শ্রীকৃষ্ণে সিদ্ধান্তামুদ্ধারে স্বরূপতঃ কোনও অভেদ নাই, তথাপি কেবল প্রেমময়রস-নিবদ্ধন শ্রীকৃষ্ণের উৎকর্ষ লক্ষিত হইয়া থাকে ; প্রেমের এইকৃপ স্বত্বাব যে, তাহা আলহনকে ( আশ্রয়কে ) উৎকৃষ্টকৃপে প্রদর্শন করায় । ৮

প্রেমময়-রসের ধর্মই এই যে, শৌন্দর্য-মাধুর্যাদি বর্দ্ধিত করিয়া ইহা রসের আশ্রয়কে — শ্রীকৃষ্ণকৃপাদিকে — অত্যন্ত মনোরম করিয়া তোলে, তাহার চিত্তাকর্ষক বর্দ্ধিত করে ; তাহি — শ্রীনারায়ণ অপেক্ষা শ্রীকৃষ্ণে প্রেমময়-রসের বিকাশ অধিক বলিয়া — শ্রীকৃষ্ণের বৈদঞ্চত্বাদি অধিকতর চিত্তাকর্ষক ; এজন্তই শ্রীলক্ষ্মীদেবী তাহার সঙ্গ কামনা করেন । ১০৮-৯ পঞ্চারের প্রমাণ এই শ্লোক ।

କୃକ୍ଷମଙ୍ଗେ ପାତିବ୍ରତା-ଧର୍ମ ନହେ ନାଶ ।  
ଅଧିକ ଲାଭ ପାଇସେ ଆର ରାସବିଲାସ ॥ ୧୧୦

ବିନୋଦିନୀ ଲକ୍ଷ୍ମୀର ହସ୍ତ କୃଷ୍ଣେ ଅଭିଲାଷ ।  
ଇହାତେ କି ଦୋଷ, କେନେ କର ପରିହାସ ? ॥ ୧୧୧

ପ୍ରଭୁ କହେ—ଦୋଷ ନାହି, ଇହା ଆମି ଜାନି ।  
ରାସ ନା ପାଇଲ ଲକ୍ଷ୍ମୀ—ଇହା ଶାନ୍ତ୍ରେ ଶୁଣି ॥ ୧୧୨

ତଥାହି (ଭାଃ ୧୦୧୪୭।୬୦)—

ନାଯଃ ଶ୍ରିଯୋଙ୍କ ଉଁ ନିତାନ୍ତରତେଃ ପ୍ରସାଦଃ  
ସ୍ଵର୍ଯ୍ୟାଷିତାଂ ନଲିନଗନ୍ଧରଚାଂ କୁତୋହନ୍ତାଃ ।  
ରାସୋଂସବେହଣ୍ଟ ଭୁଜଦ୍ଗୁଣ୍ଠାତକର୍ତ୍ତ-  
ଲକ୍ଷ୍ମୀଶିଷାଂ ସ ଉଦ୍ଗାଦ୍ଵରଜସୁନ୍ଦରୀଗାମ ॥ ୯

ଲକ୍ଷ୍ମୀ କେନେ ନା ପାଇଲା, କି ଇହାର କାରଣ ?  
ତପ କରି କୈଛେ କୃଷ୍ଣ ପାଇଲ ଶ୍ରାନ୍ତି ଗଣ ? ୧୧୩

ତଥାହି (ଭାଃ ୧୦୧୪୭।୨୩)—  
ନିଭୃତମକୁଞ୍ଜନୋହଙ୍କଦୃତ୍ୟୋଗୟୁଜୋ ଦ୍ଵାଦ୍ଵି ସ-  
ଶୂନ୍ୟ ଉପାସତେ ତଦରଯୋହପି ସୟଃ ସ୍ଵରଣାଃ ।  
ଶ୍ରୀଯ ଉରଗେନ୍ଦ୍ରଭୋଗଭୁଜଦ୍ଗୁଣ୍ଠିବିଷତ୍ତିଧ୍ୟୋ  
ବସ୍ତମପି ତେ ସମାଃ ସମଦୃଶୋହିଜ୍ଞ୍ୟୁ ସରୋଜସ୍ଵଧାଃ ॥ ୧୦

ଶ୍ରାନ୍ତି ପାଯ, ଲକ୍ଷ୍ମୀ ନା ପାଯ, ଇଥେ କି କାରଣ ?  
ଭଟ୍ଟ କହେ—ଇହଁ ପ୍ରବେଶିତେ ନାରେ ମୋର ମନ ॥ ୧୧୪

ଆମି ଜୀବ କୁଦ୍ରବୁଦ୍ଧି—ମହଜେ ଅପ୍ରିତି ।  
ଈ ଶୂନ୍ୟର ଲୀଳା କୋଟି-ସମୁଦ୍ର-ଗଣ୍ଠୀର ॥ ୧୧୫

ତୁମି ମେଇ ସାକ୍ଷାଂ କୃଷ୍ଣ—ଜାନ ନିଜକର୍ମ ।  
ଯାରେ ଜାନାହ, ମେଇ ଜାନେ—ତୋମାର ଲୀଳାମର୍ମ ॥ ୧୧୬

ପ୍ରଭୁ କହେ—କୃଷ୍ଣେର ଏକ ସ୍ଵଭାବ ବିଲକ୍ଷଣ ।  
ସ୍ଵମାଧୁର୍ୟେ କରେ ସଦ୍ବୀ ସର୍ବ-ଆକର୍ଷଣ ॥ ୧୧୭

ଶୋଇ-କୃପା-ତରଙ୍ଗିଣୀ ଟିକା ।

୧୧୦ । ନାରାୟଣେ ଓ କୃଷ୍ଣେ ସ୍ଵରପତଃ କୋନାଓ ଭେଦ ନାହି ବଲିଯା ଶ୍ରୀକୃକ୍ଷମଙ୍ଗେ ଲକ୍ଷ୍ମୀର ପାତିବ୍ରତ୍ୟ ନଷ୍ଟ ହସ୍ତ ନା ।  
ତାହାତେ ପାତିବ୍ରତ୍ୟ ତୋ ଅକ୍ଷୁଣ୍ଣ ଥାକେଇ, ଅଧିକତ୍ତ ରାସଲୀଲାଯ ଶ୍ରୀକୃଷ୍ଣେର ସଙ୍ଗ ବିଲାସାଦିଓ ଲାଭ ହସ୍ତ ।

୧୧୨ । ଭଟ୍ଟେର କଥା ଶୁଣିଯା ପ୍ରଭୁ ବଲିଲେନ—“ଶ୍ରୀକୃକ୍ଷମଙ୍ଗେ ଲକ୍ଷ୍ମୀର ପାତିବ୍ରତ୍ୟ ନଷ୍ଟ ହସ୍ତ ନା, ତାହା ଆମି ଜାନି ।  
ଶ୍ରୀକୃକ୍ଷମଙ୍ଗେ ପାଇଲେ ଲକ୍ଷ୍ମୀ ଯେ ରାସାଦିବିଲାସଓ ପାଇତେନ—ଯାହା ବୈକୁଞ୍ଚେ ପାଓଯା ଯାଯା ନା, ତାହାହି ବୈଶିର ଭାଗେ ପାଇତେନ—  
ତାହାଓ ଜାନି ; କିନ୍ତୁ—ଦୁର୍ଥର ବିଷୟ—ଶାନ୍ତ୍ର ବଲେନ—ଲକ୍ଷ୍ମୀ ରାସଲୀଲାଯ ଶ୍ରୀକୃଷ୍ଣେର ସଙ୍ଗ ପାଇୟେନ ନାହି ।”

ଶୋ । ୯ । ଅସ୍ତ୍ରୟ । ଅସ୍ତ୍ରୟାଦି ୨୮୧୭ ଶୋକେ ଦ୍ରଷ୍ଟବ୍ୟ ।

ଲକ୍ଷ୍ମୀ ଯେ ଶ୍ରୀକୃକ୍ଷମଙ୍ଗେ—ରାସଲୀଲା—ପାଇୟେନ ନାହି, ତାହାର ପ୍ରମାଣ ଏହି ଶୋକ ।

୧୧୩ । ମୀମାଂସାର ଉଦ୍ଦେଶ୍ୟେ ପ୍ରଭୁ ଭଙ୍ଗି କରିଯା ଏକ ପ୍ରଶ୍ନ ତୁଲିଲେନ । “ଶ୍ରାନ୍ତ୍ୟଭିମାନିନୀ ଦେବତାଗଣ ତୋ  
ଶ୍ରୀକୃକ୍ଷମଙ୍ଗେ ପାଇୟାଛେନ, ତବେ ଲକ୍ଷ୍ମୀଦେବୀ ତପଶ୍ଚା କରିଯା ଓ ଶ୍ରୀକୃକ୍ଷମଙ୍ଗେ ପାଇୟେନ ନା କେନ ?”

ଶ୍ରାନ୍ତିଗଣ ଯେ ଶ୍ରୀକୃକ୍ଷମଙ୍ଗେ ପାଇୟାଛେନ, ତାହାର ପ୍ରମାଣକୁ ନିୟଲିଥିତ ଶୋକ ଉଚ୍ଚତ ହଇଯାଛେ ।

ଶୋ । ୧୦ । ଅସ୍ତ୍ରୟ । ଅସ୍ତ୍ରୟାଦି ୨୮୧୮ ଶୋକେ ଦ୍ରଷ୍ଟବ୍ୟ ।

୧୧୬ । ମେଇ ସାକ୍ଷାଂ କୃଷ୍ଣ—ଲକ୍ଷ୍ମୀ ଯାହାକେ ପାଇତେ ଚାହିୟାଛିଲେନ, ତୁମି ସାକ୍ଷାଂ ମେଇ କୃଷ୍ଣ । ଜାନ  
ନିଜକର୍ମ—କେନ ତୁମି ଲକ୍ଷ୍ମୀକେ ତୋମାର ସଙ୍ଗ ଦାଓ ନାହି, ତାହା ତୁମିହି ଜାନ ।

୧୧୭ । ସ୍ଵଭାବ ବିଲକ୍ଷଣ—ଅନ୍ତରୁ ବା ଅନ୍ତାଧାରଣ ସ୍ଵଭାବ ; ନାରାୟଣାଦିତେ ଯାହା ନାହି, ଏକପ ସ୍ଵଭାବ ।  
ସ୍ଵମାଧୁର୍ୟେ ଇତ୍ୟାଦି—ଶ୍ରୀକୃଷ୍ଣେର ଏକ ଅନ୍ତାଧାରଣ ସ୍ଵଭାବ ଏହି ଯେ, ତିନି ସ୍ଵର୍ଯ୍ୟ ମାଧୁର୍ୟେ ସକଳକେଇ—ଅନ୍ତାନ୍ତ ଭଗବନ୍-ସ୍ଵରୂପକେ,  
ଅନ୍ତାନ୍ତ ଭଗବନ୍-ସ୍ଵରୂପକେ କାନ୍ତାଗଣକେ, ବ୍ରଜବାସିଗଣକେ, ଏମନ କି ସ୍ଵାବର-ଜନ୍ମମକେ, ନିଜକେଓ—ସର୍ବଦା ଆକର୍ଷଣ କରେନ ;  
ତାହା ଲକ୍ଷ୍ମୀର ଚିତ୍ତ ତୋହାର ପ୍ରତି ଆକର୍ଷ ହଇଯାଛେ । କିନ୍ତୁ ନାରାୟଣେର ଏହି ବିଶେଷତ୍ତ ନାହି, ତିନି ଗୋପୀଦିଗେର ଚିତ୍ତକେ  
ନିଜେର ପ୍ରତି ଆକର୍ଷ କରିତେ ପାରେନ ନା । ମର୍ବ-ଆକର୍ଷଣ—ସକଳକେ ଆକର୍ଷଣ ।

অজলোকের ভাবে পাই তাহার চরণ।

তারে 'ঈশ্বর' করি নাহি জানে অজজন ॥ ১১৮

কেহো তারে পুত্র-জ্ঞানে উদুখলে বাক্সে।

কেহো তারে সখা-জ্ঞানে জিনি চতে কাক্ষে ॥ ১১৯

'অজেন্দ্রনন্দন' তারে জানে অজ-জন।

ঐশ্বর্য্য-জ্ঞান নাহি,—নিজ সম্বন্ধ-মনন ॥ ১২০

অজলোকের ভাবে যেই করয়ে ভজন।

সেই জন পায় অজে অজেন্দ্রনন্দন ॥ ১২১

গোর-কৃপা-তরঙ্গী-টাকা।

১১৮। অজলোকের ভাবে ইত্যাদি—শ্রীকৃষ্ণের নিত্যসিদ্ধ-পরিকর অজবাসীদের ভাবের আনুগত্যে তাহার ভজন করিলেই অজেন্দ্র-নন্দন শ্রীকৃষ্ণের সেবা পাওয়া যায়। যেই ভাবের অজ-পরিকরদের আনুগত্য করিবেন, সেই ভাবের লীলায় বিলাসবান् শ্রীকৃষ্ণের সেবাই সাধক পাইবেন। যিনি বাংসল্যভাবের পরিকর নন্দযশোদাদির ভাবের আনুগত্যে ভজন করিবেন, তিনি বাংসল্যভাবে শ্রীকৃষ্ণকে পাইবেন; যিনি সখ্যভাবের পরিকর সুবল-মধুমঙ্গলাদির ভাবের আনুগত্যে ভজন করিবেন, তিনি সখ্যভাবে শ্রীকৃষ্ণকে পাইবেন; যিনি অজহন্দৰীদের ভাবের আনুগত্যে ভজন করিবেন, তিনি রাসবিলাসী শ্রীকৃষ্ণের সেবা পাইবেন। সখ্যভাবের বা বাংসল্য ভাবের আনুগত্যে গোপীভাবের সেবা পাওয়া যাইবে না।

তারে ঈশ্বর ইত্যাদি—শ্রীকৃষ্ণ স্বয়ং ঈশ্বর হইলেও তাহার অজপরিকরগণ তাহাকে ঈশ্বর বলিয়া জানেন না, ঈশ্বর বলিয়া মনেও করেন না; তাহারা শ্রীকৃষ্ণকে নন্দ-যশোদার পুত্র বলিয়াই জানেন। ঐশ্বর্য্যজ্ঞান নাই বলিয়া শ্রীকৃষ্ণের প্রতি তাহাদের শ্রীতি কথনও সমুচ্চিত হইয়া যায় না।

১১৯। শ্রীকৃষ্ণকে ঈশ্বর বলিয়া মনে করেন না বলিয়াই তাহার সমক্ষে কোনও রূপ সঙ্কোচ অজবাসিগণের মনে স্থান পায় না। তাই, যশোদামাতা তাহাকে নিজের পুত্রমাত্র মনে করিয়া তাহার অস্ত্রায় কার্য্যের জন্য শাসন করিবার অভিপ্রায়ে তাহাকে উদুখলে পর্যন্ত বাধিয়াছিলেন; সখাগণ শ্রীকৃষ্ণকে তাহাদের সখামাত্র মনে করেন; তাই তাহার সঙ্গে খেলা করিতে গিয়া শ্রীকৃষ্ণ খেলায় হারিয়া গেলে খেলার পণ অনুসারে তাহার কাক্ষে পর্যন্ত চড়িয়াছেন। যদি তাহারা শ্রীকৃষ্ণকে ঈশ্বর বলিয়া মনে করিতেন, তাহা হইলে যশোদামাতাও তাহাকে বাধিতে পারিতেন না, সখাগণও তাহার কাঁধে উঠিতে পারিতেন না।

জিনি—খেলায় জিতিয়া।

১২০। অজেন্দ্র-ঘন্জন ইত্যাদি—অজবাসিগণ শ্রীকৃষ্ণকে অজেন্দ্র-ঘন্জন—নন্দ-মহারাজার ছেলে—বলিয়াই মনে করেন, ঈশ্বর বলিয়া মনে করেন না। ঐশ্বর্য্যজ্ঞান নাহি—শ্রীকৃষ্ণের সমক্ষে ঐশ্বর্য্যের জ্ঞান তাহাদের নাই; তাহারা তাহাকে ঈশ্বর বলিয়া মনে করেন না। নিজ সম্বন্ধ-মনন—শ্রীকৃষ্ণের সহিত অজবাসিগণের যাহার যে সম্বন্ধ আছে, সেই সম্বন্ধানুসারেই তিনি শ্রীকৃষ্ণের প্রতি ব্যবহার করেন। নন্দ-যশোদার পুত্র তিনি; নন্দ-যশোদা তাহাকে পুত্রমাত্রই মনে করেন। সুবলাদির সখা তিনি; সুবলাদি তাহাকে সখামাত্রই মনে করেন। অজগোপীদের কাস্ত তিনি; অজগোপীরা তাহাকে তাহাদের প্রাণবন্ধনমাত্রই মনে করেন। শ্রীকৃষ্ণ মানুষমাত্র হইলে অজবাসীরা নিজ নিজ সম্বন্ধানুসারে তাহাকে যাহা মনে করিতেন, কিম্বা তাহার সহিত যেরূপ ব্যবহার করিতেন, শ্রীকৃষ্ণ স্বয়ংভগবান্ হওয়া সন্দেও তাহারা ঠিক তাহাই মনে করেন এবং ঠিক তদ্বপৰী ব্যবহার করেন; কারণ, শ্রীকৃষ্ণ যে স্বয়ং ভগবান্—এই জ্ঞানই তাহাদের চিত্তে স্থান পায় না।

১২১। পূর্ববর্তী ১১৯ পয়ার হইতে জানা যায়—যশোদা-মাতা শ্রীকৃষ্ণকে উদুখলে বাঁধেন; সুবলাদি সখাগণ তাহার কাঁধে চড়েন; এসমস্ত হইতে বুবা যায়—শ্রীকৃষ্ণ অজবাসীদের প্রেমের অধীন, তাহাদেরও অধীন; তাই তাহারা রূপা করিয়া যাহাকে কঁপিসেবা দেন, শ্রীকৃষ্ণও তাহাকেই অঙ্গীকার করেন, তিনিই কৃষ্ণসেবা পাইতে পারেন। এজগুই বলা হইয়াছে, অজপরিকরদের ভাবের আনুগত্যে যাহারা ভজন করেন, তাহারাই অজে অজেন্দ্র-নন্দনের সেবা পাইতে পারেন, অস্ত্রের পক্ষে ইহা স্বচ্ছত্ব।

তথাহি (ভাৎ ১০।৩।২১) —

নায়ং স্বাধাপো ভগবান् দেহিনাং গোপিকাস্ততঃ

জ্ঞানিনাং চাতুর্ভুতানাং যথা ভক্তিমতামিহ ॥ ১১

শ্রীতিসব গোপীগণের অনুগত হঞ্চ।

৩৪। ব্রজেশ্বরী-স্তুত ভজে গোপীভাব লঞ্চ। ॥ ১২২

বুহান্তরে গোপীদেহ ব্রজে যবে পাইল।

সেই দেহে কৃষ্ণসঙ্গে রাসকুঠীড়া কৈল ॥ ১২৩

গোপজাতি কৃষ্ণ—গোপী প্রেয়সী তাঁহার।

দেবী বা অন্ত স্ত্রী কৃষ্ণ না করে অঙ্গীকার ॥ ১২৪

লক্ষ্মী চাহে সেই দেহে কৃষ্ণের সঙ্গম।

গোপিকা-অনুগা হঞ্চ না কৈল ভজন ॥ ১২৫

অন্যদেহে না পাইয়ে রাস-বিলাস।

অতএব “নায়ং” শ্লোক কহে বেদব্যাস ॥ ১২৬

পূর্বে ভট্টের মনে এক ছিল অভিমান—।

শ্রীনারায়ণ হয়েন—স্বয়ং ভগবান् ॥ ১২৭

তাঁহার ভজন সর্বোপরি কক্ষা হয়।

শ্রীবৈষ্ণব-ভজন এই সর্বোপরি হয় ॥ ১২৮

এই তাঁর গর্ব প্রভু করিতে থণ্ডন।

পরিহাস-দ্বারে উঠায় এতেক বচন ॥ ১২৯

গৌর-কৃপা-তরঙ্গিণী টীকা ।

এই পয়ারোভিত্তির প্রমাণকৃপে নিম্নে একটা শ্লোক উন্নত হইল।

শ্লোক । ১১। অষ্টয় । অষ্টাদি ২।৮।৪৯ শ্লোকে দ্রষ্টব্য ।

১২২। শ্রীত্যভিমানিনী দেবতাগণ ব্রজগোপীদের আনুগত্য স্বীকার করিয়া গোপীভাবে যশোদা-নন্দনের ভজন করিয়াছিলেন।

গোপীভাব লঞ্চ—আমি গোপীজন-বল্লভ শ্রীকৃষ্ণের সেবাভিলাষিণী একজন গোপী—অনুচিত্তিত সিদ্ধদেহে এইক্রম ভাব পোষণ করিয়া ।

১২৩। বুহান্তরে—কায়বৃহে ; শ্রীত্যভিমানিনী দেবীদেহ ব্যতীত অন্ত এক গোপীদেহে । ব্রজে শ্রীকৃষ্ণ পাওয়ার পরে প্রত্যেক শ্রীত্যভিমানিনী দেবতার দুই দেহ হইল—একদেহে পূর্ববৎ তিনি শ্রীত্যভিমানিনী দেবতাই রহিলেন, অপর দেহে তিনি ব্রজগোপী হইয়া ব্রজে কৃষ্ণসেবা করিতে লাগিলেন । প্রত্যেকের এই দুই দেহকে দুইটা বৃহ বলা হইয়াছে ।

১২৪। ব্রজে রাস-লীলাদিতে শ্রীকৃষ্ণসেবা পাইতে হইলে গোপীভাবে ভজনের প্রয়োজন কেন, তাহা বলিতেছেন ।

শ্রীকৃষ্ণের গোপ-অভিমান ; নরলীলার আবেশে তিনি মনে করেন তিনি গোয়ালারহেলে ; তাই গোয়ালিনীই—গোপীই—তাঁহার স্বাভাবিক-প্রেয়সী ; সমভাবাপন্ন গোয়ালার মেয়ে তাঁহার চিন্তকে যত আকর্ষণ করিবে—দেবীই হউক, কি গোয়ালাব্যতীত অন্ত জাতীয় রমণীই হউক, কেহই তাঁহার চিন্তকে তত আকর্ষণ করিতে পারিবে না ; সকল বিষয়ে চিন্ত সমভাবাপন্ন না হইলে কেহ কাহারও চিন্তকে আকৃষ্ট করিতে পারে না । তাই শ্রীকৃষ্ণ গোপীব্যতীত, দেবী বা অন্ত জাতীয়া রমণীকে, অঙ্গীকার করেন না ; কাজেই, শ্রীকৃষ্ণসঙ্গ পাইতে হইলে গোপীভাবের ভজন প্রয়োজন—নচেৎ গোপীদেহ প্রাপ্তি সন্তুষ্ট হইবে না, গোপীদেহ প্রাপ্তি না হইলে শ্রীকৃষ্ণের প্রেয়সী হওয়াও সন্তুষ্ট হইবে না ।

১২৫। লক্ষ্মীদেবী স্বীয় লক্ষ্মীদেহেই শ্রীকৃষ্ণের সঙ্গ কামনা করিয়াছিলেন এবং তজ্জন্মই তপস্তা করিয়াছিলেন ; তিনি গোপীদেহ পাইতেও চাহেন নাই, গোপীদের আনুগত্যও স্বীকার করেন নাই ; তাই তিনি কৃষ্ণসঙ্গ পায়েন নাই । ১১৩ পয়ারের প্রশ্নের মীমাংসা এই পয়ারে হইল ।

১২৬। অন্যদেহে—গোপীদেহ ব্যতীত অন্ত দেহে । অতএব ইত্যাদি—গোপীদেহ ব্যতীত অন্ত দেহে ব্রজে রাসবিলাস পাওয়া যায় না বলিয়াই, এবং লক্ষ্মীদেবীও গোপীদেহ প্রাপ্তির জন্য কামনা না করিয়া স্বীয় দেবী-দেহেই রাসবিলাস পাইতে ইচ্ছা করিয়াছিলেন বলিয়াই ব্যাসদেব শ্রীমদ্ভাগবতে “নায়ং শ্রিয়োহঙ্গ”-ইত্যাদি শ্লোকে বলিয়াছেন—অত্যন্ত প্রেমবতী হইয়াও লক্ষ্মীদেবী রাসবিলাসে কৃষ্ণসঙ্গ পাইলেন না ।

১২৭-২৯। বেঙ্কটভট্টের সঙ্গে প্রভুর স্থ্যভাব জনিয়া থাকিলেও ভট্টের উপাস্ত দেবতা লক্ষ্মীদেবী-সন্তুষ্ট

প্রভু কহে—ভট্ট !—তুমি না কর সংশয় ।

স্বয়ং ভগবান্ত-কৃষ্ণের এই স্বভাব হয় ॥ ১৩০

কৃষ্ণের বিলাসমূর্তি—শ্রীনারায়ণ ।

অতএব লক্ষ্মী-আন্দের হরে তেঁহো মন ॥ ১৩১

গৌর-কৃপা-তরঙ্গিণী টীকা ।

একপ ( ১০৫-৬ পয়ারোক্তির অনুকপ ) একটী প্রশ্ন কেন প্রভু উত্থাপিত করিলেন, তাই বলিতেছেন । ভট্টের অভিমান দূর করার জগ্নাই প্রভুর এই ভঙ্গি । বেঙ্কটভট্ট ছিলেন শ্রীসম্প্রদায়ী বৈষ্ণব ; লক্ষ্মী-নারায়ণ বা রামসীতাই এই সম্প্রদায়ের উপাস্ত ; এই সম্প্রদায় শ্রীনারায়ণকেই পরতন্ত্র স্বয়ং ভগবান্ত বলিয়া মনে করেন । তদনুসারে বেঙ্কটভট্টও মনে করিতেন—নারায়ণই স্বয়ং ভগবান্ত, সর্ববিষয়ে অগ্ন সমস্ত ভগবৎ-স্বরূপ হইতে—এমন কি শ্রীকৃষ্ণস্বরূপ হইতেও—শ্রেষ্ঠ এবং তিনি আরও মনে করিতেন যে, শ্রীসম্প্রদায়ের ভজন-প্রণালীই সর্বশ্রেষ্ঠ । এইরূপ ধারণাবশতঃ নিজেদের সম্প্রদায়ের প্রাধান্ত সম্বন্ধে ভট্টের মনে একটু গর্ব ছিল ; কিন্তু কোনও রূপ গর্বই সাধকের পক্ষে মঙ্গলজনক নহে ; তাই প্রভু ভট্টের প্রতি কৃপা করিয়া তাহার গর্ব খণ্ডনের জন্য ভঙ্গীক্রমে উক্ত প্রশ্ন তুলিলেন এবং প্রশ্নের সমাধান-প্রসঙ্গে—রসবিষয়ে নারায়ণ অপেক্ষা শ্রীকৃষ্ণের উৎকর্ষ দেখাইয়া ভট্টের গর্ব খণ্ডন করিলেন ।

একটী কথা এস্থলে বিবেচ্য । যিনি যে ভগবৎ-স্বরূপের উপাসক, তিনি সেই ভগবৎ-স্বরূপকেই স্বয়ং ভগবান্ত বলিয়া মনে করিবেন এবং তাহার শাস্ত্রসম্মত যে ভজনপ্রণালী, তাহাকেও উৎকৃষ্ট বলিয়া মনে করিবেন ; নচেৎ উপাস্ত স্বরূপেও নিষ্ঠা থাকিবে না, ভজনেও নিষ্ঠা থাকিবে না ; কিন্তু তাহার উপাস্তই স্বয়ং স্বয়ং ভগবান্ত, তাহার উপাসনাই শ্রেষ্ঠ—এইরূপ ভাবিয়া কোনওরূপ গর্ব পোষণ করা সম্পত্ত হইবে না ; গর্ব যাবতীয় অমঙ্গলের হেতু । ভগবৎ-কৃপায় উপাস্ত স্বরূপে যাহার বাস্তবিক গ্রীতি জনিয়া যায়, শাস্ত্রবিচারে তিনি যদি জানিতেও পারেন যে,—তাহার উপাস্ত স্বরূপতঃ স্বয়ং ভগবান্ত নহেন—তাহা হইলেও উপাস্তস্বরূপ হইতে তাহার নিষ্ঠা বা গ্রীতি বিচলিত হয় না । যিনি বস্ততঃই পতিত্বতা রয়ণী, স্বীয় পতিতে যাহার অবিচলা গ্রীতি জনিয়াছে, তাহার স্বামী নিতান্ত দরিদ্র হইলেও—তিনি যদি জানিতে পারেন যে, তাহার পরিচিত কোনও রয়ণী—এমন কি তাহার কোনও স্বীয়রও—স্বামী রাজ-রাজেশ্বর, তাহা হইলেও তিনি তজ্জন্ম নিজেকে ধিক্কার দেন না, স্বামীর প্রতি তাহার গ্রীতি বিন্দুমাত্রও ক্ষুণ্ণ হয় না । স্বামীর গ্রীতিতে তাহার হৃদয় ভরিয়া থাকে, সেই হৃদয়ে অগ্ন কোনও সক্ষীর্ণ ভাবের স্থান হইতে পারে না ।

তাহার ভজন—নারায়ণের ভজন । সর্বেৰাপৰি কক্ষা হয়—অগ্ন সমস্ত ভগবৎ-স্বরূপের ভজন অপেক্ষা উচ্চে অবস্থিত ।

শ্রীবৈষ্ণব—রামায়ুজ-সম্প্রদায়ী বৈষ্ণব । শ্রীবৈষ্ণব-ভজন—রামায়ুজ-সম্প্রদায়ের ভজন বা ভজনপ্রণালী ।

১৩০-৩১ । শ্রীকৃষ্ণ যে স্বয়ং ভগবান্ত এবং নারায়ণ যে তাহার বিলাসমূর্তিগতি—প্রসঙ্গক্রমে প্রভু তাহাই স্পষ্টরূপে বলিতেছেন ।

প্রভু বলিলেন—“ভট্ট ! নারায়ণের বক্ষেবিলাসিনী লক্ষ্মীদেবীর চিত্ত শ্রীকৃষ্ণের প্রতি আকৃষ্ট হইয়াছে বলিয়া নারায়ণে লক্ষ্মীদেবীর নিষ্ঠা সম্বন্ধে তোমার কোনওরূপ সন্দেহ পোষণের হেতু নাই ; লক্ষ্মীদেবীর চিত্ত যে কৃষ্ণের প্রতি আকৃষ্ট হইয়াছে, তাহাতে লক্ষ্মীর কোনও দোষ নাই—শ্রীকৃষ্ণের সৌন্দর্য-মাধুর্যাদির স্বরূপাভূবন্ধী ধৰ্মই ইহার কারণ । শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান্ত কিনা, আর শ্রীনারায়ণ হইলেন তাহার বিলাসমূর্তি ; তাই শ্রীনারায়ণ অপেক্ষা শ্রীকৃষ্ণের সৌন্দর্য-মাধুর্যাদি অনেক বেশী ; আবার ‘কৃষ্ণমাধুর্যে’র এক স্বাভাবিক বল । কৃষ্ণ-আদি নরনারী করয়ে চঞ্চল । ১৮।১১৮ ॥’ শ্রীকৃষ্ণের ‘আপন মাধুর্যে হরে আপনার মন । আপনে আপনা চাহে করিতে আস্থাদন ॥ ২৮।১১৪ ॥’ একপ অবস্থায় লক্ষ্মীদেবীর মন যে কৃষ্ণের প্রতি আকৃষ্ট হইবে, তাহাতে আর আশ্চর্যের কথা কি আছে ? প্রবল শ্রোতোবেগে নদীবক্ষস্থ লতিকার অগ্রভাগ যদি শ্রোতোর দিকেই ভাসিয়া যায়, তাহাতে লতিকার কোনও দোষই হইতে পারে না—শ্রোতোর তীব্র বেগ হইতে লতিকা আস্থারক্ষা করিতে অসমর্থ ; লক্ষ্মীর অবস্থাও তাই ; শ্রীকৃষ্ণের যে মাধুর্য ‘লক্ষ্মীকাস্ত-আদি অবতারের হরে মন । ২৮।১১৩ ।’ এবং যাহা স্বয়ং শ্রীকৃষ্ণের মনকে পর্যন্ত প্রলুক্ত করে, তাহা হইতে লক্ষ্মীদেবী

ତଥାହି ( ଭାଃ ୧୩୧୮ )—

ଏତେ ଚାଂଶକଳାଃ ପୁଂସଃ କୃକ୍ଷୁଣ୍ଠ ଭଗବାନ୍ ସ୍ୱର୍ଗ ।

ଇନ୍ଦ୍ରାରିବ୍ୟାକୁଳଃ ଲୋକଃ ମୃଦୁରଣ୍ତି ଯୁଗେ ଯୁଗେ ॥ ୧୨

ନାରାୟଣ ହୈତେ କୃକ୍ଷେର ଅସାଧାରଣ ଗୁଣ ।

ଅତଏବ ଲକ୍ଷ୍ମୀର କୃକ୍ଷେ ତୃପ୍ତା ଅନୁକ୍ଷଣ ॥ ୧୩୨

ତୁମି ଯେ ପଢ଼ିଲେ ଶୋକ—ମେହି ପରମାଣ ।

ମେହି ଶୋକେ ଆହିସେ—କୃକ୍ଷଣ ସ୍ୱର୍ଗ ଭଗବାନ୍ ॥ ୧୩୩

ତଥାହି ଭକ୍ତିରଦ୍ୟାମ୍ବିତସିଦ୍ଧୋ, ପୂର୍ବବିଭାଗେ,

ଦ୍ୱିତୀୟଲହର୍ଯ୍ୟାମ୍ ( ୩୨ )—

ସିଦ୍ଧାନ୍ତତସ୍ତବେଦେହିପି ଶ୍ରୀଶକ୍ରକ୍ଷସ୍ତବପର୍ଯୋଃ ।

ରସେନୋତ୍କୟତେ କୃକ୍ଷୁଣପମେଷା ରସହିତିଃ ॥ ୧୩

ସ୍ୱର୍ଗ ଭଗବତ୍ତେ କୃକ୍ଷ ହରେ ଲକ୍ଷ୍ମୀର ମନ ।

ଗୋପିକାର ମନ ହରିତେ ନାରେ ନାରାୟଣ ॥ ୧୩୪

ଗୌର-କୃପା-ତରଙ୍ଗିନୀ-ଟୀକା ।

କିରପେ ଆତ୍ମରକ୍ଷା କରିବେନ ? ବିଶେଷତଃ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଓ ଶ୍ରୀନାରାୟଣ ଯଥନ ସ୍ଵରପତଃ ଏକଇ, ଶ୍ରୀକୃକ୍ଷେର ପ୍ରତି ଚିନ୍ତ ଆକୃଷିତ ହେବାର ଲକ୍ଷ୍ମୀଦେବୀର ନାରାୟଣେ ନିଷ୍ଠାଓ କୁଣ୍ଡ ହୟ ନାହିଁ ।” ସ୍ୱର୍ଗ ଭଗବାନ୍ କୃକ୍ଷେର ସ୍ଵଭାବରୁ ଏହି ଯେ, ତାହାର ନିଜେର ମାଧ୍ୟ ଦ୍ୱାରା ତିନି ସ୍ଥାବର-ଜଙ୍ଗମ-ସକଳେର, ଅଞ୍ଚାତ୍ତ ଭଗବନ୍-ସ୍ଵରପେର, ଅଞ୍ଚାତ୍ତ ଭଗବନ୍-ସ୍ଵରପେର କାନ୍ତାଦିଗେର, ଏମନ କି କୃକ୍ଷେର ନିଜେର ଚିନ୍ତକେ ପର୍ଯ୍ୟନ୍ତ ପ୍ରବଳ ବେଗେ ଆକର୍ଷଣ କରେନ । ବିଲାସମୁଦ୍ରି—୧୧୩୮-୩୯ ପରାବେର ଟୀକା ଏବଂ ୧୧୩୫ ଶୋକେର ଟୀକାଦି ଦ୍ରଷ୍ଟବ୍ୟ ।

ଶୋ । ୧୨ । ଅନ୍ତର୍ଯ୍ୟ । ଅସ୍ୱାଦି ୧୨୧୩ ଶୋକେ ଦ୍ରଷ୍ଟବ୍ୟ ।

ଶ୍ରୀକୃଷ୍ଣ ଯେ ସ୍ୱର୍ଗ ଭଗବାନ୍, ଏହି ୧୩୦-ପ୍ରଯାରୋତ୍ତିର ପ୍ରମାଣ ଏହି ଶୋକ ।

୧୩୨ । ଶ୍ରୀନାରାୟଣ ହୈତେ ଶ୍ରୀକୃକ୍ଷେର ଅସାଧାରଣ ବିଶେଷତ୍ତବ ଦେଖାଇତେଛେ ।

ଏକାଧିକ ବ୍ୟକ୍ତିତେ ସାହା ବିଦ୍ୟମାନ ଥାକେ, ତାହାକେ ବଲେ ସାଧାରଣ ; ସାହା ଏକଜନେ ମାତ୍ର ବର୍ତ୍ତମାନ ଥାକେ, ଅପର କାହାତେଓ ଥାକେ ନା, ତାହାକେ ବଲେ ଅସାଧାରଣ । କତକଣ୍ଠିଲି ଗୁଣ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଓ ନାରାୟଣ ଉତ୍ତରେ ମଧ୍ୟେଇ ବର୍ତ୍ତମାନ ଆଛେ ; ଏହିଣ୍ଠିଲି ସାଧାରଣ ; ଏହି ସାଧାରଣ ଗୁଣଗୁଣିର ମଧ୍ୟେ ଅବିଚିନ୍ତ୍ୟ-ମହାଶକ୍ତି ପ୍ରଭୃତି ପାଁଚଟି ଗୁଣ ଶ୍ରୀକୃକ୍ଷେ ଅନ୍ତୁତରପେ ବିରାଜିତ । ଆବାର ଲୀଳା, ପ୍ରେମଗୁଣ-ପ୍ରେମଗୁଣର ଆଧିକ୍ୟ, ବେଗୁମାଧ୍ୟ ଓ କୃପମାଧ୍ୟ—ଏହି ଚାରିଟା ଶ୍ରୀକୃକ୍ଷେର ଅସାଧାରଣ ଗୁଣ ; ନାରାୟଣେ ବା ଅନ୍ତ କୋନାତେ ଭଗବନ୍-ସ୍ଵରପେଇ ଏହି ଚାରିଟା ଗୁଣ ନାହିଁ ॥ ଡ. ର. ସି. ୨୧୧୬-୧୮ ॥

ଶ୍ରୀକୃକ୍ଷେର ଏହି ଚାରିଟା ଅସାଧାରଣ ଗୁଣରୁ “ଆୟପର୍ଯ୍ୟନ୍ତ ସର୍ବଚିନ୍ତହର ।” ଏହି ଚାରିଟା ଗୁଣରୁ ଲକ୍ଷ୍ମୀଦେବୀର ଚିନ୍ତକେବେଳେ ଆକୃଷିତ କରିଯାଇଛେ ; ତାହା ଲକ୍ଷ୍ମୀର କୃକ୍ଷେର ଇତ୍ୟାଦି—ଶ୍ରୀକୃଷ୍ଣସଙ୍ଗଦାରୀ ଉତ୍ତ ଗୁଣ ସମ୍ମହିତ ମାଧ୍ୟାଦି ଆସାଦନେର ନିମିତ୍ତ ) ଲକ୍ଷ୍ମୀଦେବୀର ସର୍ବଦାଇ ତୀର୍ତ୍ତ ଲାଲସା ।

ଉତ୍ତ ଅସାଧାରଣ ଗୁଣଗୁଣିରୁ ଶ୍ରୀନାରାୟଣ ହୈତେ ଶ୍ରୀକୃକ୍ଷେର ଶ୍ରେଷ୍ଠ ଏବଂ ଶ୍ରୀକୃକ୍ଷେର ସ୍ୱର୍ଗ ଭଗବନ୍ତା ପ୍ରତିପାଦିତ କରିତେଛେ ।

୧୩୩ । ପ୍ରଭୁ ଭଟ୍ଟକେ ଆରା ବଲିଲେନ—“ଭଟ୍ ! ଶ୍ରୀକୃଷ୍ଣ ଓ ଶ୍ରୀନାରାୟଣେର ଅଭିନନ୍ଦ ସମ୍ବନ୍ଧେ ତୁମି “ସିଦ୍ଧାନ୍ତଃ”-ଇତ୍ୟାଦି ଯେ ଶୋକଟାର ଉଲ୍ଲେଖ କରିଲେ, ତାହାତେଇ ଶ୍ରୀକୃକ୍ଷେର ସ୍ୱର୍ଗ ଭଗବନ୍ତାର ପ୍ରମାଣ ପାଇଯା ଯାଏ ।”

ଏହି ଉତ୍ତର ପ୍ରମାଣରୂପେ ନିମ୍ନେ “ସିଦ୍ଧାନ୍ତଃ”-ଇତ୍ୟାଦି ଶୋକଟା ପୁନରାୟ ଉତ୍ସବ ହେବାଇଛେ ।

ଶୋ । ୩ । ଅନ୍ତର୍ଯ୍ୟ । ଅସ୍ୱାଦି ୨୧୧୮ ଶୋକେ ଦ୍ରଷ୍ଟବ୍ୟ ।

ଏହି ଶୋକେର “ରସେନୋତ୍କୟତେ କୃକ୍ଷୁଣପମେଷା ରସହିତିଃ”-ବାକେୟଇ ଶ୍ରୀକୃକ୍ଷେର ରସେର ଉତ୍କର୍ଷ ସ୍ଥଚିତ ହେବାଇଛେ ; ଏବଂ ରସେର ଉତ୍କର୍ଷରୁ ଲୀଳାମାଧ୍ୟାଦି ଚାରିଟା ଅସାଧାରଣ ଗୁଣରେ ହେତୁ ; ସୁତରାଂ ଉତ୍ତ ଶୋକେର “ରସେନୋତ୍କୟତେ” ଇତ୍ୟାଦି ବାକେୟଇ ଶ୍ରୀକୃକ୍ଷେର ସ୍ୱର୍ଗ ଭଗବନ୍ତା ପ୍ରମାଣିତ ହେବାଇଛେ ।

୧୩୪ । ଶ୍ରୀକୃକ୍ଷେର ସ୍ୱର୍ଗ ଭଗବନ୍ତା ପ୍ରତିପାଦିତ କରିଯା ଏକଣେ ଶ୍ରୀନାରାୟଣେର ସ୍ୱର୍ଗ ଭଗବନ୍ତା ଥଣ୍ଡନ କରିତେଛେ । ପ୍ରଭୁ ଯୁଦ୍ଧ ଏହି—“ଶ୍ରୀକୃଷ୍ଣ ସ୍ୱର୍ଗ ଭଗବାନ୍ ବଲିଯାଇ ଲକ୍ଷ୍ମୀର ମନ ହରଣ କରିଯାଇଛେ ; କିନ୍ତୁ ଶ୍ରୀନାରାୟଣ ଶ୍ରୀକୃଷ୍ଣକାନ୍ତା ଗୋପିକାଦେର

নারায়ণের কা কথা—শ্রীকৃষ্ণ আপনে ।

গোপিকারে হাস্য করিতে হয় নারায়ণে ॥ ১৩৫

চতুর্ভুজমুর্তি দেখায় গোপীগণ আগে ।

সেই ক্ষমে গোপিকার নহে অনুরাগে ॥ ১৩৬

তথাহি ললিতমাধবে ( ৬১৪ )—

গোপীনাংপশুপেন্দ্রনন্দনজুয়ো তাবস্তু কস্তাং কৃতী

বিজ্ঞাতুং ক্ষমতে দুরহপদবীসঞ্চারিণঃ প্রক্রিয়াম ।

আবিষ্কুর্বতি বৈষ্ণবীমপি তমুংতম্বিন্দু ভূজের্জিষ্টুভি-  
র্যাসাং হস্ত চতুর্ভিরস্তুতকচিং রাগেন্দয় কুঞ্চিতি ॥ ১৪

এত কহি প্রভু তাৰ গৰ্ব চুৰ্ণ কৰিয়া ।

তাৰে সুখ দিতে কহে সিদ্ধান্ত ফিরাইয়া—॥ ১৩৭

### গৌর-কৃপা-তৰান্তী টীকা ।

মন হৰণ করিতে পারেন নাই । শ্রীকৃষ্ণের ক্লপমাধুর্যাদিতেই গোপিকাগণ নিয়ম হইয়া আছেন ; তাহা ছাড়িয়া তাঁহারা শ্রীনারায়ণের সঙ্গ লোভনীয় মনে করেন নাই ; কিন্তু লক্ষ্মীদেবী নারায়ণের বক্ষে বিলাসিনী হইয়াও শ্রীকৃষ্ণরূপে আকৃষ্ট হইয়াছিলেন । ইহা হইতে স্পষ্ট বুৰা যায়—মাধুর্যাদিতে শ্রীনারায়ণ হইতে শ্রীকৃষ্ণের উৎকর্ষ এবং শ্রীকৃষ্ণ হইতে শ্রীনারায়ণের অপকর্ষ । স্বতরাং শ্রীনারায়ণ স্বয়ং ভগবান् হইতে পারেন না, শ্রীকৃষ্ণই স্বয়ং ভগবান् ।” স্বয়ং ভগবত্ত্বে—  
স্বয়ং ভগবান্ বলিয়া ; স্বয়ং ভগবত্ত্বহেতু গুণাদির উৎকর্ষ আছে বলিয়া । মাধুর্যই ভগবত্ত্বার সার ( ২২১৯২ ) ।  
স্বতরাং যে স্বরূপে মাধুর্যের বিকাশ যত বেশী, সে স্বরূপে ভগবত্ত্বার বিকাশও তত বেশী । যে স্বরূপে মাধুর্যের  
পূর্ণতম বিকাশ, সে স্বরূপে ভগবত্ত্বারও পূর্ণতম বিকাশ—সে স্বরূপই স্বয়ং ভগবান् । স্বয়ং ভগবান্ শ্রীব্রজেন্দ্র-নন্দন  
তাঁহার অসমোক্ত মাধুর্যের প্রতাবে “শৃঙ্গাৰ-ৱসৱাজ মুর্দ্দিধৰ ।” অতএব আত্মপর্যন্ত সর্বচিত্তহ ॥ আপন মাধুর্যে  
হৰে আপনার মন । আপনে আপনা চাহে করিতে আলিঙ্গন ॥ ( ২৮১১২, ১১৪ ) । কোটিৰক্ষাণ্প পৱবোয়াম,  
তাঁহাঁ যে স্বরূপগণ, তা-সভার বলে হৰে মন । পতিত্বতাণ্ডিৱোমণি, যাবে কহে বেদবাণী, আকৰ্ষণ্যে সেই  
লক্ষ্মীগণ ॥ ( ২২১৮৮ ) ॥”

১৩৫-৩৬ । গোপীদের চিন্ত হৰণ বিষয়ে নারায়ণের কথা তো দূৰে, স্বয়ং শ্রীকৃষ্ণও যদি গোপীদিগের সহিত  
পৱিহাস কৰার নিমিত্ত চতুর্ভুজ হইয়া নারায়ণ সাজিয়া বসেন, তাহা হইলেও তৎপ্রতি গোপীদিগের চিন্ত আকৃষ্ট  
হয় না । ১১৭১৮ শ্লোকের টীকা দ্রষ্টব্য ।

ইহার প্রমাণ নিম্নোক্ত শ্লোক ।

শ্লো । ১৪ । অষ্টম । অষ্টমাদি ১১৭১৮ শ্লোকে দ্রষ্টব্য ।

১৩৭ । বেঙ্কটভট্টের গৰ্ব ছিল দুইটী বিষয়ে । প্রথমতঃ, তিনি মনে করিতেন, তাঁহার উপাস্ত শ্রীনারায়ণই  
স্বয়ং ভগবান্ । শ্রীমন্মহাপ্রভু শ্রীকৃষ্ণের স্বয়ং ভগবত্ত্ব সপ্রমাণ কৰিয়া এবিষয়ে বেঙ্কটভট্টের গৰ্ব চুৰ্ণ কৰিলেন ।  
দ্বিতীয়তঃ, ভট্ট মনে করিতেন, তাঁহার ( অর্থাৎ শ্রীসম্প্রদায়ের ) ভজনই সর্বশ্রেষ্ঠ । ভজনের মাহাত্ম্য জানা যায়—  
ভজনের প্রতাবে যে বস্তুটী পাওয়া যায়, তাঁহার মাহাত্ম্যদ্বারা । শ্রীসম্প্রদায়ের ভজনের ফলে পাওয়া যায় শ্রীনারায়ণের  
সেবা । স্বতরাং শ্রীনারায়ণের সেবাই সর্বাপেক্ষা লোভনীয়, স্বতরাং সর্বাপেক্ষা কাম্য—ইহাই বেঙ্কটভট্টের ভজন-  
বিষয়ে গবেষের তাৎপর্য । কিন্তু প্রভু বেঙ্কটভট্টের এই গৰ্বও ধৰ্ম কৰিলেন । কি ভাবে তাহা কৰিলেন, বলা  
হইতেছে । শ্রীনারায়ণের অস্তরপ্রসেবা লক্ষ্মীর মত আৰ কেহই পারেন না । কিন্তু সেই লক্ষ্মীদেবীও  
বৈকুণ্ঠের স্বর্থভোগ উপেক্ষা কৰিয়া শ্রীকৃষ্ণসেবা পাওয়াৰ জষ্ঠ কঠোৰ তপস্তা কৰিয়া ছিলেন ; ইহা দ্বাৰাই শ্রীনারায়ণের  
সেবা অপেক্ষা শ্রীকৃষ্ণসেবার অধিকতর লোভনীয়তা এবং তদ্বাৰা শ্রীসম্প্রদায়ের ভজন অপেক্ষা শ্রীকৃষ্ণভজনের শ্রেষ্ঠতা  
প্রতিপন্থ হয় । এইক্ষণে শ্রীমন্মহাপ্রভু বেঙ্কটভট্টের গৰ্ব চুৰ্ণ কৰিলেন । তাৰে সুখ দিতে—বেঙ্কটভট্টকে সুখ  
দেওয়াৰ নিমিত্ত, তাঁহার মনে সাম্ভূতি দেওয়াৰ নিমিত্ত । গৰ্ব চুৰ্ণ হওয়াৰ একটা দুঃখ আছে । ভট্টের গৰ্ব চুৰ্ণ  
কৰার জগত্ত প্রভু ১০৫-৩৬ পয়াৰোক্ত আলোচনা আৱস্থা কৰিয়াছিলেন । তিনি জানিতেন—ভট্টের গৰ্ব চুৰ্ণ

দুঃখ না মানিহ ভট্ট ! কৈল পরিহাস ।

শান্ত্রিমিদ্বান্ত শুন—যাতে বৈষ্ণব-বিশ্বাস ॥ ১৩৮

কৃষ্ণ-নারায়ণ যৈছে একই স্বরূপ ।

গোপী-লক্ষ্মী ভেদ নাহি,—হয় এক-রূপ ॥ ১৩৯

গৌর-কৃপা-তরঙ্গী টীকা ।

হইলে তিনি মনে অত্যন্ত দুঃখ পাইবেন। দুঃখের তীব্রতা গ্রেশিত করার উদ্দেশ্যেই প্রভু পরিহাসের আশ্রয় গ্রহণ করিয়াছিলেন—পরিহাসের মাধুর্যে দুঃখের তীব্রতা প্রচল থাকিবে, এই ভরসায়। কিন্তু তথাপি ভট্টের মনে দুঃখ জনিয়াছে, যদিও তাহা বাহিরে প্রকাশ পায় নাই। ভট্টের এই দুঃখ দূর করিয়া তাহার মনে সান্ত্বনা দেওয়ার নিমিত্ত প্রভু কহে—পরবর্তী ১৪০-৪১ পয়ারোক্ত গৃঢ় সিদ্ধান্ত বলিলেন। সিদ্ধান্ত ফিরাইয়া—প্রভু পূর্বে যে সিদ্ধান্ত করিয়াছিলেন, সেই সিদ্ধান্তকে ফিরাইয়া ১৩৯-৪১ পয়ারোক্ত গৃঢ় সিদ্ধান্তের কথা বলিলেন। কিন্তু তিনি কি সিদ্ধান্ত করিয়াছেন এবং তাহা ফিরাইলেনই বা কিরণে ? “ফিরাইয়া”-শব্দের তাৎপর্য কি ? প্রভু সিদ্ধান্ত করিয়াছিলেন—শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান् এবং স্বয়ং ভগবান् শ্রীকৃষ্ণের অসমোক্ষ মাধুর্যে আকৃষ্ণ হইয়া কৃষ্ণ-সঙ্গলাত্মের লোকে কঠোর তপস্তা করিয়াও লক্ষ্মীদেবী তাহার লক্ষ্মীদেহে কৃষ্ণসঙ্গ পায়েন নাই। পরবর্তী ১৩৯-৪১ পয়ার হইতে জানা যায়, এই দুইটী সিদ্ধান্তের একটীরও প্রভু পরিবর্তন করেন নাই ; সুতরাং “ফিরান”-শব্দের অর্থ যে “পরিবর্তন” নয়, তাহা স্পষ্টই বুঝা যায়। কোনও লোক একস্থানে হইতে যাত্রা করিয়া দ্বিতীয় একস্থানে উপস্থিত হইয়া পুনরায় যদি প্রথম স্থানে আসে, তাহা হইলে বলা হয়, লোকটা প্রথম স্থানে ফিরিয়া আসিয়াছে। এই ফিরিয়া আসাদ্বারা দ্বিতীয় স্থানটা লোপ পাইয়াছে—ইহা বুঝায় না, দ্বিতীয় স্থানে ঐ লোকটার যাওয়াকৃপ ঘটনাটা ও বাতিল হইয়া যায় না ; তাহার গতির দিক পরিবর্তন হইয়াছে মাত্র। ইহাই বুঝায় না যে, পূর্বে তিনি যে সিদ্ধান্ত করিয়াছেন, পুনরায় তাহার থগন করিয়াছেন—সেই সিদ্ধান্তকে বাতিল করিয়া দিয়াছেন। বরং ইহাই বুঝায় যে, যে-যুক্তিদ্বারা তিনি উক্ত সিদ্ধান্তে উপনীত হইয়াছেন, তাহার দিক পরিবর্তন করিয়াছেন। যে গৃঢ় সিদ্ধান্তের উপরে তাহার পূর্বসিদ্ধান্ত প্রতিষ্ঠিত, তাহার যুক্তির গতি সেই গৃঢ় সিদ্ধান্তের দিকে পরিষ্ঠিত করিলেন ; সেই গৃঢ় সিদ্ধান্তটীকে বেঙ্কটভট্টের নিকটে পরিষ্কৃট করিয়াছেন। এই গৃঢ় সিদ্ধান্ত পরিষ্কৃট হওয়াতেই বেঙ্কটভট্টের মনে সান্ত্বনা জনিয়াছে, তাহার দুঃখ দূর হইয়াছে।

১৩৮। প্রভু বলিলেন—“ভট্ট ! মনে দুঃখ করিওনা ; পরিহাস করিয়াই আমি এতক্ষণ তোমার সঙ্গে বাচালতা করিয়াছি। বৈষ্ণবদের বিশ্বাস অনুকূপ শান্তীয় সিদ্ধান্ত বলিতেছি, শুন !” যাতে—যে শান্ত্রিমিদ্বান্তে। **বৈষ্ণব বিশ্বাস**—বৈষ্ণবদের বিশ্বাস বা শুন্দা ; যে শান্ত্রিমিদ্বান্তকে বৈষ্ণববেরা শুন্দা করেন।

পরবর্তী তিনি পয়ারে উক্ত সিদ্ধান্তের কথা বলা হইতেছে।

১৩৯। শ্রীনারায়ণ হইলেন শ্রীকৃষ্ণেরই এক স্বরূপ—বিলাসরূপ, তাই শ্রীকৃষ্ণে ও শ্রীনারায়ণে স্বরূপতঃ কোনও ভেদ নাই। পূর্বেস্থুত “সিদ্ধান্তত্ত্বভেদেহপি”-ইত্যাদি শ্লোকই তাহার শান্তীয় গ্রন্থ। তদ্বপ্ত গোপীতে (শ্রীরাধার) এবং লক্ষ্মীতেও স্বরূপতঃ ভেদ নাই—স্বরূপতঃ তাহারা এক। শ্রীকৃষ্ণই যেমন বৈকুণ্ঠে শ্রীনারায়ণরূপে গ্রকাশ পায়েন, তদ্বপ্ত শ্রীকৃষ্ণের মূলকান্তাশক্তি গোপী শ্রীরাধাও বৈকুণ্ঠে নারায়ণের কান্তা লক্ষ্মীরূপে গ্রকাশ পায়েন। শ্রীনারায়ণ যেমন শ্রীকৃষ্ণের বিলাসরূপ অংশ, তদ্বপ্ত শ্রীলক্ষ্মীদেবীও শ্রীরাধার বিলাসরূপ অংশ। “শ্রীরাধিকা হৈতে কান্তাগণের বিস্তার। অবতারী কৃষ্ণ যৈছে করে অবতার। অংশিনী রাধা হৈতে তিনি গণের বিস্তার। লক্ষ্মীগণ তার বৈত্ব-বিলাসাংশরূপ। ১৪১৬৫-৬৭ ॥” (১৪১৬৩-৬৭ পয়ারের টীকা সুষ্ঠব্য)।

শ্রীকৃষ্ণ ও শ্রীনারায়ণ (এবং তদ্বপ্ত গোপী-শ্রীরাধা এবং শ্রীলক্ষ্মীদেবী) বিভিন্ন গ্রকাশ হইয়াও কিরণে স্বরূপতঃ অভিন্ন, তাহা পরবর্তী ১৪১ পয়ারে এবং “মণিষথা” ইত্যাদি শ্লোকে বলা হইয়াছে।

গোপীদ্বারা লক্ষ্মী করে কৃষ্ণ-সঙ্গান্বাদ ।  
ঈশ্বরত্বে ভেদ মানিলে হয় অপরাধ ॥ ১৪০

একই ঈশ্বর ভক্তের ধ্যান-অনুরূপ ।  
একই বিগ্রহে করে নানাকার-রূপ ॥ ১৪১

গৌর-কৃপান্তরঙ্গী-টীকা ।

১৪০। প্রভু বলিলেন—“ভট্ট ! পূর্বে বলা হইয়াছে, লক্ষ্মীদেবী কৃষ্ণসঙ্গ পয়েন নাই ; কিন্তু তিনি যে মোটেই কৃষ্ণসঙ্গ পয়েন নাই, তাহা নহে । লক্ষ্মীদেহে তিনি কৃষ্ণসঙ্গ পায়েন নাই বটে, কিন্তু গোপীদেহে পাইয়াছেন । গোপী-শ্রীরাধায় এবং শ্রীলক্ষ্মীতে স্বরূপতঃ কোনও ভেদ নাই এবং গোপী-শ্রীরাধা যখন কৃষ্ণসঙ্গ পায়েন, তাহাদ্বারা লক্ষ্মীও কৃষ্ণসঙ্গ পাইতেছেন ।” পরবর্তী পয়ারের টীকার্জন্যব্য ।

কৃষ্ণসঙ্গান্বাদ—শ্রীকৃষ্ণসঙ্গের আন্বাদন । ঈশ্বরত্বে ভেদ ঈত্যাদি—ঈশ্বরের বিভিন্ন প্রকাশে স্বরূপতঃ কোনও ভেদ আছে বলিয়া মনে করিলে অপরাধ হয় । কারণ, তাহাতে ঈশ্বরের তত্ত্বের, তাহার বিভু-তত্ত্বের—  
ব্রহ্মতত্ত্বের—আপলাপ করা হয় । এজন্তই শ্রীশিব ও শ্রীবিষ্ণুর নাম-রূপ-লীলাদিকে ভিন্ন মনে করা নামাপরাধের মধ্যে গণ্য হয় । শিবস্তু শ্রীবিষ্ণোর্য ইহ গুণনামাদিকমলং ধিয়া ভিন্নং পশ্চেৎ স থলু হরিনামাহিতকরঃ । হ, ভ, বি, ১১১৮৩-৮৬ ॥ পূর্ববর্তী ১৩৯ পয়ার এবং এই পয়ারের প্রথমার্দের প্রতি দৃষ্টি রাখিয়া বিচার করিলে স্পষ্ট বুঝা যায়, শ্রীকৃষ্ণে এবং শ্রীনারায়ণাদি তাহার বিভিন্ন স্বরূপে ভেদ আছে বলিয়া মনে করিলেও যেমন অপরাধ হয়, তত্ত্বপ শ্রীরাধায় এবং লক্ষ্মী-আদি শ্রীরাধার বিভিন্ন স্বরূপে ভেদ আছে বলিয়া মনে করিলেও অপরাধ হয় । শক্তি ও শক্তিমানে ভেদ নাই বলিয়া, বিশেষতঃ শক্তির ক্রিয়াতেই ঈশ্বরের ঈশ্বরত্ব সন্তুষ্ট হয় বলিয়া এবং শক্তিব্যূতীত ঈশ্বরের ঈশ্বরত্ব সন্তুষ্ট হইতে পারেনা বলিয়াও কৃষ্ণের পূর্ণশক্তি শ্রীরাধাকে এবং তাহার বিভিন্নস্বরূপকেও এই পয়ারে ঈশ্বরতত্ত্ব বলা হইয়াছে ।

১৪১। ঈশ্বরের বিভিন্ন স্বরূপে যে কোনওরূপ ভেদ নাই, তাহা দেখাইতেছেন—হেতুনির্দেশপূর্বক ।

এই পয়ারের মর্ম—ভিন্ন ভিন্ন লোকের ভিন্ন ভিন্ন রূচি, ভিন্ন ভিন্ন প্রকৃতি ; তাই তাহাদের অভীষ্ঠ ভিন্ন ভিন্ন, উপাসনাও ভিন্ন ভিন্ন । কেহ কৃষ্ণসেবা চাহেন, তাই কৃষ্ণের উপাসা করেন, কৃষ্ণের ধ্যান করেন ; কেহ নারায়ণের সেবা চাহেন, তাই নারায়ণের উপাসনা করেন, নারায়ণের ধ্যান করেন ; কেহ কেহবা রাম-নৃসিংহাদির সেবা চাহেন, তাই রাম-নৃসিংহাদির উপাসনা করেন, রাম-নৃসিংহাদির ধ্যান করেন । একই ঈশ্বর তাহার একই দেহে কৃষ্ণের উপাসককে কৃষ্ণরূপে, নারায়ণের উপাসককে নারায়ণরূপে, রাম-নৃসিংহাদির উপাসকদিগকে রাম-নৃসিংহাদিরূপে দর্শনাদি দিয়া সেবা শৃঙ্খল করিয়া বিভিন্নভাবের ভক্তকে কৃতার্থ করেন ।

একই ঈশ্বর—ঈশ্বর একজনই ; একাধিক ঈশ্বর নাই, থাকিতেও পারেন না ; তিনি এক এবং অবিভীয় অদ্য়-জ্ঞানতত্ত্ব । উপনিষদ্ধ ধারাকে ব্রহ্ম বলিয়াছেন, “বৃহস্পতি বৃংহণস্ত্বাচ তদ্ব ব্রহ্ম পরমং বিদ্বৎ”—বলিয়া বিষ্ণুপূর্ণাণ, “কৃষ্ণস্তু তগবান্ত স্বয়ং”—বলিয়া শ্রীমদ্ভাগবত, “কৃষ্ণভুবাচকশদোগ্নং নিরূতিবাচকঃ । তয়োবৈক্যং পরংব্রহ্ম কৃষ্ণ ঈত্যভিদ্বীয়তে ॥”—বলিয়া স্মৃতি, “ঈশ্বরঃ পরমঃ কৃষঃ সচিদানন্দবিগ্রহঃ । অনাদিরাদির্গোবিন্দঃ সর্বকারণকারণম্ ॥” বলিয়া ব্রহ্ম—ধারার পরিচয় দিয়াছেন, তিনিই এই এক এবং অবিভীয় ঈশ্বর, পরম-ঈশ্বর, স্বয়ং তগবান্ত শ্রীকৃষ্ণচক্র । পরিচ্ছিমবৎ প্রতীয়মান হইলেও তাহার বিগ্রহ বা দেহ স্বরূপতঃ অপরিচ্ছিম,—সর্বগ, অনন্ত, বিভু । পরিচ্ছিমবৎ প্রতীয়মান দেহেই যে তিনি অপরিচ্ছিম বিভুবস্তু, প্রকটলীলাকালে দ্বারকায় তিনি একবার তাহা দেখাইয়াছিলেন । তিনি একসময়ে অনন্তকোটি ব্রহ্মাণ্ডের ব্রহ্মাণ্ডকে শ্রবণ করিয়াছিলেন ; সকলেই আসিয়া উপস্থিত হইলেন এবং তাহাদের প্রত্যেকেই মনে করিয়াছিলেন—শ্রীকৃষ্ণ তখন তাহারই ব্রহ্মাণ্ডে । ইহাতেই বুঝা যায়, তাহার পরিচ্ছিমবৎ—সমীকরণে—প্রতীয়মান দেহখানিই অনন্তকোটি ব্রহ্মাণ্ড ব্যাপিয়া ছিল ; (২২১৪৪-৬৫) । ব্রজে মৃত্তকগলীলাতেও ক্ষুদ্র শিখের ক্ষুদ্র মুখখানির মধ্যে বিশ্বব্রহ্মাণ্ডে এবং অপ্রাকৃত ব্রজধারাদি দেখাইয়া শ্রীকৃষ্ণ স্বীয় পরিচ্ছিমবৎ প্রতীয়মান দেহের অপরিচ্ছিমস্তু প্রতিপাদন করিলেন । যাহা হউক, এই এক এবং অবিভীয় ঈশ্বরের অনন্ত শক্তি ; প্রত্যেক শক্তির এবং শক্তি-কার্যের অনন্ত

## গৌর-কৃপা-তরঙ্গী-টাকা।

বৈচিত্রী ; এই শক্তির কার্য তাহার অনন্ত গ্রিষ্ম্য, অনন্ত মাধুর্য, অনন্ত রসবৈচিত্রী। এসমস্ত অনন্ত শক্তির, অনন্তশক্তি-কার্যের, অনন্ত গ্রিষ্ম্য, মাধুর্য ও রসের অনন্ত বৈচিত্রীর অনন্তক্রপে সম্মিলনে আরও কত অনন্ত বৈচিত্রী। নারায়ণ, রাম-নৃসিংহাদি অনন্ত ভগবৎস্বরূপ—এসমস্ত অনন্ত বৈচিত্রীই মূর্ত্তিবিগ্রহ। শক্তিমানের মধ্যেই শক্তির অবস্থান। স্তুতরাঃ এক এবং অদ্বিতীয় দ্রুঞ্জ যিনি, তাহার একই দেহেই—তাহার অনন্তশক্তি, অনন্তশক্তি-কার্যাদি এবং তাহাদের অনন্ত-বৈচিত্রী—এবং এসমস্ত বৈচিত্রীর মূর্ত্তিবিগ্রহক্রপ নারায়ণ-রাম-নৃসিংহাদি ভগবৎ-স্বরূপসমূহ অবস্থিত। একটী দৃষ্টিস্তরে সাহায্যে ইহা বুঝিতে চেষ্টা করা যাইতে পারে। লাল, নীল, সবুজ, হলুদ ইত্যাদি রংএর সমবায়ে ময়ুরকষ্টী রং বা বৈদুর্যমণির রং হয়। সমস্ত বর্ণের সমবায়ে যে বর্ণটী হয়, তাহারই নাম ময়ুরকষ্টী বর্ণ ; বৈদুর্যমণির বর্ণও ঐক্যপর্যন্ত ; কিন্তু লাল, নীল সবুজাদির প্রত্যেক বর্ণও ঐ ময়ুরকষ্টীবর্ণের এবং বৈদুর্যমণির বর্ণেরও অন্তর্ভুক্ত ; একখানা ময়ুরকষ্টী রংএর কাপড়ে যেখানে যেখানে ময়ুরকষ্টীবর্ণ আছে, সেখানে সেখানেই লাল-নীলাদি প্রত্যেক বর্ণই আছে, ময়ুরকষ্টী বর্ণের বাহিরে ঐ কাপড়ে লাল-নীলাদি বর্ণ থাকেন। তদ্বপ সমস্ত বৈচিত্রীর সমবায়ে যে ভগবৎ-স্বরূপ, তিনিই সেই এক এবং অদ্বিতীয় দ্রুঞ্জ, ভিন্ন ভিন্ন বৈচিত্রী বা ভিন্ন ভিন্ন ভগবৎ-স্বরূপ তাহারই অনুরূপ—ভক্তের উপাসনা অনুসারে। ভিন্ন ভিন্ন ভক্তের ভিন্ন ভিন্ন কৃচি, ভিন্ন ভিন্ন প্রকৃতি। এক এবং অদ্বিতীয় দ্রুঞ্জের অনন্ত রস-বৈচিত্রী আছে ; সকল বৈচিত্রীতে সকলের চিন্তা আকৃষ্ট হয়না, যে বৈচিত্রীতে যাহার চিন্তা আকৃষ্ট হয়, তিনি সেই বৈচিত্রীর (সেই বৈচিত্রীর মূর্ত্তি বিগ্রহক্রপ ভগবৎ-স্বরূপের) উপাসনা করেন, চিন্তা করেন, তাহার দেবা পাইতে চাহেন। তাই কেহ শ্রীকৃষ্ণের উপাসনা করেন, কেহ নারায়ণের উপাসনা করেন, কেহ কেহ বা রাম-নৃসিংহাদির উপাসনা করেন। এইক্ষণ ভিন্ন ভক্তের ভিন্ন ভিন্ন উপাসনা অনুসারে সেই এক এবং অদ্বিতীয় দ্রুঞ্জের একই বিগ্রহে—তাহার সমস্ত বৈচিত্রীর সমবায়ক্রপ একই দেহে (পৃথক কোনও দেহে নহে) ধরে নালাকার ক্রপ—বিভিন্ন রসবৈচিত্রীর মূর্ত্তিবিগ্রহক্রপ নারায়ণ-রাম-নৃসিংহাদি ভিন্ন ভিন্ন ক্রপ ভিন্ন ভিন্ন ভাবের ভক্তের গোচরীভূত—তাহাদের অনুভূতির বিষয়ীভূত—করেন। যিনি নারায়ণের উপাসক, তাহাকে নারায়ণক্রপের, যিনি রামের উপাসক, তাহাকে রামক্রপের, যিনি নৃসিংহের উপাসক তাহাকে নৃসিংহ-ক্রপের, যিনি অপর কোনও ভগবৎ-স্বরূপের উপাসক, তাহাকে তাহার উপাস্ত-ভগবৎ-স্বরূপের ক্রপের দর্শনাদি দিয়া থাকেন, সেবাদি দিয়া কৃতার্থ করেন। এই নারায়ণ-রাম-নৃসিংহাদি-ক্রপ তিমি তাহার স্বয়ংক্রপ হইতে পৃথক কোনও বিগ্রহে দেখান না—অনন্ত-রস-বৈচিত্রীর সমবায়ক্রপ যে তাহার বিগ্রহ—দ্বিভুজ মুরলীধর বিগ্রহ—সেই বিগ্রহেই তিনি রাম-নৃসিংহাদি বিগ্রহ দেখান। যখন হইতেই ময়ুরকষ্টী রং আছে, তখন হইতেই যেমন তাহার মধ্যে লাল-নীল-সবুজাদি রং থাকে, তদ্বপ অনাদিকাল হইতে অবস্থিত এক এবং অদ্বিতীয় দ্রুঞ্জের নিত্য বিগ্রহে নারায়ণ-রাম-নৃসিংহাদি ক্রপও অনাদিকাল হইতে নিত্য বিরাজিত। দর্শকের অবস্থান-ভেদে বা দৃষ্টিভঙ্গিভেদে ময়ুরকষ্টী বর্ণের মধ্যেই যেমন দর্শক লাল-নীলাদি পৃথক পৃথক ক্রপ দেখেন, তদ্বপ ভক্তের উপাসনা অনুসারে এক এবং অদ্বিতীয় দ্রুঞ্জের শ্রীকৃষ্ণের বিগ্রহেই ভক্ত তাহার উপাস্ত স্বরূপকে দেখিতে পারেন।

এই পয়ার হইতে বুঝা গেল—এক এবং অদ্বিতীয় দ্রুঞ্জের শ্রীকৃষ্ণের বিগ্রহ হইতে পৃথক কোনও বিগ্রহে নারায়ণ বা রাম বা নৃসিংহ বা অপর কোনও ভগবৎ-স্বরূপ অবস্থিত নহেন। ময়ুরকষ্টী বর্ণের লাল-নীলাদি বর্ণের শ্রায় শ্রীকৃষ্ণের বিগ্রহেই তাহারা অবস্থিত। ময়ুরকষ্টী বর্ণ হইতে লাল-নীলাদি ভিন্ন ভিন্ন বর্ণের যেমন স্বরূপতঃ কোনও ভেদ নাই, তদ্বপ শ্রীকৃষ্ণ হইতেও বিভিন্ন ভগবৎ-স্বরূপের কোনও ভেদ নাই।

ময়ুরকষ্টী রংএর শ্রায় তাহার বিভিন্ন বৈচিত্রী লাল-নীলাদি বর্ণও যেমন ময়ুরকষ্টী রংএর সমগ্র কাপড়খানিকে ব্যাপিয়া থাকে, তদ্বপ এক এবং অদ্বিতীয় দ্রুঞ্জের শ্রীকৃষ্ণের সর্বগ অনন্ত বিভু বিগ্রহের শ্রায় তাহার অনন্ত রস-বৈচিত্রীর মূর্ত্তি বিগ্রহক্রপ অনন্ত ভগবৎ-স্বরূপের প্রত্যেকে সর্বগ অনন্ত বিভু—সর্বব্যাপক। বস্তুর স্বরূপগত ধর্ম তাহার অংশেও বিস্তুরণ থাকে। বিভু শ্রীকৃষ্ণবিগ্রহের স্বরূপগত ধর্ম ; তাহার বিভিন্ন বৈচিত্রীতেও তাহা বিস্তুরণ থাকিবে।

তথাহি লযুভাগবতামৃতে পূর্বথঙ্গে,  
নানারূপঝরাত্রিবচনম् ( ৩৮৬ )—  
মণিষথা বিভাগেন নীলপীতাদিভিযুর্তঃ ।  
রূপভেদমবাপ্নোতি ধ্যানভেদাত্তথাচ্যুতঃ ॥ ১৫

ভট্ট কহে—কাহঁ মুক্তি জীব পামৰ ।  
কাহঁ তুমি সেই কৃষ্ণ—সাক্ষাৎ ঈশ্বর ॥ ১৪২  
অগাধ ঈশ্বরলীলা কিছু নাহি জানি ।  
তুমি যে কহ, সেই সত্য করি মানি ॥ ১৪৩

শ্লোকের সংস্কৃত টীকা ।

মণিষথেতি । আচ্যুতো ভগবান् তথা তেন গ্রাকারেণ ধ্যানভেদাত্ম রূপভেদে নানারূপমবাপ্নোতি সন্দর্শনীয়ো ভবতীত্যর্থঃ । যথা যেন প্রেকারেণ মণিঃ বৈদূর্যঃ বিভাগেন পৃথক পৃথক রূপেণ নীলপীতাদিভিঃ নানাৰ্বণ্যেৰ্তো ভবতি তত্ত্বদিত্যর্থঃ । শ্লোকমালা । ১৫

গৌর-কৃপা-তরঙ্গী টীকা ।

পূর্ববর্তী ১৩৯। ১৪০ পয়ারের প্রতি দৃষ্টি রাখিয়া এই পয়ারের মর্মের কথা চিন্তা করিলে বুঝা যায়—শ্রীকৃষ্ণই যেমন নারায়ণাদিক্রপে নারায়ণাদির উপাসককে কৃতার্থ করেন, তদ্বপ গোপী-শ্রীরাধা ও লক্ষ্মী-আদিক্রপে লক্ষ্মী-আদির উপাসককে কৃতার্থ করেন । নারায়ণাদির যেমন শ্রীকৃষ্ণবিশ্বাশ হইতে পৃথক কোনও বিগ্রহ নাই, তদ্বপ লক্ষ্মী-আদি ভগবৎ-কান্তগণেরও শ্রীরাধার বিশ্বাশ হইতে পৃথক কোনও বিগ্রহ নাই । ইহাই মহাপ্রভুর মতে শাস্ত্রসম্মত বৈষ্ণব-বিশ্বাস ।

হইটী কারণে বেঙ্কটভট্টের মনে দৃঃথ হইয়াছিল—তাঁহার উপাস্ত নারায়ণের স্বয়ংভগবত্তা নিরসিত হওয়ায় এবং লক্ষ্মীদেবী কৃষ্ণসন্ধ না পাওয়ায় । এক্ষণে মহাপ্রভুর মুখে বৈষ্ণব-সিদ্ধান্ত শুনিয়া তিনি যখন বুঝিতে পারিলেন যে—শ্রীকৃষ্ণ ও শ্রীনারায়ণ একই—নারায়ণক্রপে শ্রীকৃষ্ণই তাঁহার উপাস্ত এবং গোপী-শ্রীরাধা এবং লক্ষ্মীও একই । যিনি ময়ুরকষ্ঠিবর্ণের কাপড় গায়ে জড়াইয়া রাখেন, ময়ুরকষ্ঠিবর্ণের সঙ্গে লাল-নীলাদি ভিন্ন ভিন্ন বর্ণও যেমন তাঁহার গোত্রস্পর্শ পাইয়া থাকে, তদ্বপ শ্রীরাধা যখন কৃষ্ণসন্ধ পাইয়া থাকেন, তখন শ্রীরাধার ঘোগে লক্ষ্মীও কৃষ্ণসন্ধ পাইতেছেন—এই তত্ত্ব যখন বেঙ্কটভট্ট প্রভুর কৃপায় উপলক্ষ করিলেন, তখন তিনি বুঝিতে পারিলেন যে, তাঁহার দৃঃথের বা ক্ষেত্রের কোনও কারণ থাকিতে পারেনা ।

( ভূমিকায় শ্রীকৃষ্ণতত্ত্ব ও শ্রীকৃষ্ণকর্তৃক রসাস্বাদন প্রবন্ধ দ্রষ্টব্য ) ।

এই পয়ারের উক্তির প্রমাণক্রমে নিম্নে একটি শ্লোক উন্নত করা হইয়াছে ।

শ্লোক । ১৫। অন্বয় । যথা ( যেমন ) মণিঃ ( বৈদূর্যমণি ) বিভাগেন ( বিভাগভেদে ) নীলপীতাদিভিঃ ( নীল-পীতাদি নানাৰ্বণে ) যুতঃ ( যুক্ত হয় ) তথা ( তদ্বপ ) আচ্যুতঃ ( আচ্যুত—শ্রীকৃষ্ণ ) ধ্যানভেদাত্ম ( ধ্যানভেদে ) রূপভেদং ( রূপভেদ ) অবাপ্নোতি ( প্রাপ্ত হন ) ।

অনুবাদ । বৈদূর্যমণি যেমন বিভাগভেদে নীল-পীতাদি বর্ণযুক্ত হয় ; তদ্বপ আচ্যুত-শ্রীকৃষ্ণও ধ্যানভেদে বিভিন্নরূপভেদ প্রাপ্ত হয় । ১৫

মণিঃ—এস্তে মণি-অর্থ বৈদূর্যমণি । বৈদূর্যমণিকে বহুরূপী মণিও বলে ; ইহাতে বিড়ালের চক্র-গোলকের গ্রায় নীল-পীতাদি নানাৰ্বণের সমাবেশ আছে ; স্থানভেদে বা অবস্থানভেদে ইহাতে নানা বর্ণ দেখা যায় ; এক দিক হইতে দেখিলে নীলবর্ণ, আর এক দিক হইতে দেখিলে পীতবর্ণ, ইত্যাদি নানাৰ্বণে নানারূপ বর্ণ দেখা যায় । বিভাগেন—বিভাগভেদে ; স্থানের বা দিকের বা সময়ের বিভাগভেদে । ভিন্ন ভিন্ন স্থান হইতে, ভিন্ন ভিন্ন দিক হইতে, কিঞ্চি ভিন্ন ভিন্ন সময়ে বৈদূর্য মণির প্রতি দৃষ্টি করিলে ভিন্ন ভিন্ন বর্ণ ইহাতে দেখা যায় ; অথবা মণি সকল সময়ে একই থাকে । ঠিক তদ্বপ বিভিন্ন সাধনা লইয়া, বিভিন্নরূপ ধ্যান লইয়া আচ্যুত শ্রীকৃষ্ণের দিকে দৃষ্টি করিলেও তাঁহাকে ভিন্ন ভিন্ন রূপে দেখা যাইবে । ধাহার যেকোন ধ্যান, তিনি শ্রীকৃষ্ণকে সেই রূপই দেখিবেন । পূর্ববর্তী পয়ারের টীকা দ্রষ্টব্য ।

১৪২। সেই কৃষ্ণ—যেই কৃষ্ণের স্বরংভগবত্তা তুমি প্রতিপন্থ করিলে ।

মোরে পূর্ণ কৃপা কৈল লক্ষ্মী-নারায়ণ ।  
 তাঁর কৃপায় পাইল তোমার চরণদর্শন ॥ ১৪৪  
 কৃপা করি কহিলে মোরে কৃষ্ণের মহিমা ।  
 যাঁর রূপ-গুণেশ্বর্যের কেহো না পায় সীমা ॥ ১৪৫  
 এবে সে জানিল কৃষ্ণত্বক্রিয় সর্বোপরি ।  
 কৃত্যার্থ করিলে মোরে কহি কৃপা করি ॥ ১৪৬  
 এত বলি ভট্ট পড়ে প্রভুর চরণে ।  
 কৃপা করি প্রভু তাঁরে কৈল আলিঙ্গনে ॥ ১৪৭  
 চাতুর্মাস্ত পূর্ণ হৈল, ভট্টের আজ্ঞা লঞ্চা ।  
 দক্ষিণ চলিলা প্রভু শ্রীরং দেখিয়া ॥ ১৪৮  
 সঙ্গেতে চলিলা ভট্ট—না যায় ভবনে ।  
 তাঁরে বিদায় দিল প্রভু অনেক ঘতনে ॥ ১৪৯  
 প্রভুর বিচ্ছেদে ভট্ট হৈল অচেতন ।  
 এই রংজে লীলা করে শ্রীশচীনন্দন ॥ ১৫০  
 ঋষভ-পর্বত চলি আইলা গৌরহরি ।  
 নারায়ণ দেখি তাঁহা স্মৃতি-নতি করি ॥ ১৫১  
 ‘পরমানন্দপুরী তাঁহা রহে চতুর্মাস ।’  
 শুনি মহাপ্রভু গেলা পুরীগোসাঞ্চি-পাশ ॥ ১৫২  
 পুরীগোসাঞ্চির প্রভু কৈল চরণ-বন্দন ।  
 প্রেমে পুরীগোসাঞ্চি তাঁরে কৈল আলিঙ্গন ॥ ১৫৩  
 তিনদিন প্রেমে দোহে কৃষ্ণকথা রংজে ।  
 সেই বিপ্রঘরে দোহে রহে একসঙ্গে ॥ ১৫৪  
 পুরীগোসাঞ্চি কহে—আমি যাব পুরুষোত্তমে ।  
 পুরুষোত্তম দেখি গোড়ে যাব গঙ্গাস্নানে ॥ ১৫৫  
 প্রভু কহে—তুমি পুন আইস নীলাচলে ।

আমি সেতুবন্ধ হৈতে আসিব অল্লকালে ॥ ১৫৬  
 ‘তোমার নিকটে রহি’ হেন বাঞ্ছা হয় ।  
 নীলাচলে আসিবে মোরে হইয়া সদয় ॥ ১৫৭  
 এত বলি তার ঠাঞ্চিয় এই আজ্ঞা লঞ্চা ।  
 দক্ষিণ চলিলা প্রভু হরষিত হণ্ডা ॥ ১৫৮  
 পরমানন্দপুরী তবে চলিলা নীলাচলে ।  
 মহাপ্রভু চলি চলি আইলা শ্রীশেলে ॥ ১৫৯  
 শিবদুর্গা রহে তাঁহা ব্রাহ্মণের বেশে ।  
 মহাপ্রভু দেখি দোহার হইল উল্লাসে ॥ ১৬০  
 তিনদিন ভিক্ষা দিল করি নিমন্ত্রণ ।  
 নিভৃতে বসি গুপ্তকথা কহে দুইজন ॥ ১৬১  
 তাঁর সনে মহাপ্রভু করি ইষ্টগোষ্ঠী ।  
 তাঁর আজ্ঞা লঞ্চা আইলা পুরী কামকোষ্ঠী ॥ ১৬২  
 দক্ষিণমথুরা আইলা কামকোষ্ঠী হৈতে ।  
 তাঁহা দেখা হৈলা এক-ব্রাহ্মণ-সহিতে ॥ ১৬৩  
 সেই বিপ্র মহাপ্রভুর কৈল নিমন্ত্রণ ।  
 রামভক্ত সেই বিপ্র বিরক্ত মহাজন ॥ ১৬৪  
 কৃতমালায় স্নান করি আইলা তাঁর ঘরে ।  
 ভিক্ষা কি দিবেক?—বিপ্র পাক নাহি করে ॥ ১৬৫  
 মহাপ্রভু কহে তাঁরে—শুন মহাশয় ।  
 মধ্যাহ্ন হইল, কেনে পাক নাহি হয়? ॥ ১৬৬  
 বিপ্র কহে—প্রভু! মোর অরণ্যে বসতি ।  
 পাকের সামগ্ৰী বনে না মিলে সম্পূতি ॥ ১৬৭  
 বন্ত অন্ন ফল শাক আনিবে লক্ষ্মণ ।  
 তবে সীতা করিবেন পাক-প্ৰযোজন ॥ ১৬৮

## গৌর-কৃপা-তরঙ্গিণী টীকা ।

১৪৫। রূপগুণেশ্বর্যের—রূপের, গুণের এবং ঐশ্বর্যের ।  
 ১৪৬। কৃষ্ণত্বক্রিয় সর্বোপরি—তত্ত্বিমার্গে শ্রীকৃষ্ণের ভজনই সর্বশ্রেষ্ঠ ভজন। ভট্টের গৰ্ব যে থৰ্ব হইয়াছে, তাহার প্রমাণ এই পয়ারে ।  
 ১৪৭। পরমানন্দপুরী—ইনি শ্রীপাদ মাধবেন্দ্রপুরীর শিষ্য এবং শ্রীমূলমহাপ্রভুর গুরু শ্রীপাদ উপরপুরীর গুরুত্বাদৃশ ।  
 ১৪৮। পুরুষোত্তম—শ্রীক্ষেত্র। গোড়—বাঙ্গালাদেশ ।  
 ১৪৯। বিরক্ত—সংসারে আসন্তিশৃঙ্খল। মহাজন—মহাত্ম। ১১১২৯ পয়ারের টীকা দ্রষ্টব্য ।  
 ১৫০-৫১। এই দুই পয়ারে যাহা বলা হইয়াছে, তাহা রামভক্ত বিপ্রের ভজনাবেশের কথা। বুঝা যাইতেছে—প্রভু যখন তাঁহাকে পাকের কথা জিজ্ঞাসা করিলেন, তখন তিনি রামচন্দ্ৰের বনবাস-লীলার অন্তর্গত

তাঁর উপাসনা জানি প্রভু তুষ্ট হৈলা ।  
 আস্তে-ব্যস্তে সেই বিপ্র রক্ষন করিলা ॥ ১৬৯  
 প্রভু ভিক্ষা কৈল—দিন তৃতীয় প্রহরে ।  
 নির্বিশ্ব সেই বিপ্র উপবাস করে ॥ ১৭০  
 প্রভু কহে—বিপ্র ! কাহে কর উপবাস ? ।  
 কেনে এত দুঃখে তুমি করহ হৃতাশ ? ॥ ১৭১  
 বিপ্র কহে—জীবনে মোর নাহি প্রয়োজন ।  
 অগ্নি-জলে প্রবেশিয়া ছাড়িব জীবন ॥ ১৭২  
 জগন্মাতা মহালক্ষ্মী সীতা ঠাকুরাণী ।  
 রাক্ষসে স্পর্শিল তাঁরে—ইহা কর্ণে শুনি ॥ ১৭৩  
 এ শরীর ধরিবারে কভু না জুয়ায় ।  
 এই দুঃখে জলে দেহ, প্রাণ নাহি যায় ॥ ১৭৪

প্রভু কহে—এ ভাবনা না করিহ আৰ ।  
 পশ্চিত হইয়া কেনে না কৰ বিচার ? ॥ ১৭৫  
 ঈশ্বরপ্রেয়সী সীতা চিনানন্দমুর্তি ।  
 প্রাকৃত-ইন্দ্রিয়ে তাঁরে দেখিতে নাহি শক্তি ॥ ১৭৬  
 স্পর্শিবার কার্য্য আচুক, না পায় দর্শন ।  
 সীতার আকৃতি মায়া হরিল রাবণ ॥ ১৭৭  
 রাবণে আগে মায়া-সীতা পাঠাইল ॥ ১৭৮  
 ‘অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃতগোচর’ ।  
 বেদপূরাণেতে এই কহে নিরন্তর ॥ ১৭৯  
 বিশ্বাস করহ তুমি আমাৰ বচনে ।  
 পুনৰপি কু-ভাবনা না করিহ মনে ॥ ১৮০

### গৌর-কৃপা-তরঙ্গী-টীকা ।

করিতেছিলেন । রাম, সীতা ও লক্ষণ এই তিনজন পঞ্চবটীবনে বাস করিতেছিলেন ; রামতন্ত্র বিপ্রও অনুচিত্বিত সিদ্ধদেহে তাঁহাদের দাস বা দাসীরূপে ( সম্বতঃ দাসী-অভিমানই তিনি পোষণ করিতেন ; দাস অভিমান থাকিলে লক্ষণের পরিবর্তে অথবা লক্ষণের সঙ্গে তিনিও হয়তো ফল-মূল-আহরণে বাহির হইয়া যাইতেন ; যাহা ছটক, সম্বতঃ দাসীরূপে ) পঞ্চবটীবনে তাঁহাদের সঙ্গে বাস করিতেছিলেন বলিয়া মনে করিতেছিলেন । তিনি চিষ্টা করিতেছিলেন—লক্ষণ যেন বশ ফল-মূল ও শাকাদি আনিতে গিয়াছেন ; তিনি ফিরিয়া আসিলে সীতাদেবী শ্রীরামচন্দ্রের আহারের যোগাড় করিবেন ; লক্ষণের ফিরিয়া আসার অপেক্ষায় তাঁহারা সকলে বসিয়া আছেন । বিপ্র যখন একুপ ভাবনায় নিয়গ্ন, তখন প্রভু তাঁহাকে পাক সম্বন্ধে প্রশ্ন করিলেন ; প্রভুর কথা শুনিয়া তাঁহার যেন একটু বাহু হইল—কিন্তু অন্তরের আবেশ তাঁহার তখনও ছুটে নাই ; তাই তিনি সেই আবেশের বশে বলিলেন—“প্রভু, আমি বনে ( পঞ্চবটীবনে ? ) বাস করি ; এখানে পাকের সামগ্রী দুর্ভূত ; লক্ষণ বশ ফল-মূলাদি আনিতে গিয়াছেন ; তিনি ফিরিয়া আসিলেই সীতাঠাকুরাণী পাকের যোগাড় করিবেন ।”

১৬৯। তাঁর উপাসনা—বিপ্রের উপাসনা-প্রণালী ; অনুচিত্বিত সিদ্ধদেহে লীলাস্বরণ-প্রণালীর অনুসরণ ।  
 অস্তে-ব্যস্তে—ধীরে ধীরে ; খুব তাড়াতাড়ি না করিয়া, লীলাস্বরণের আবেশ ছুটিয়া গেলে পর ।

১৭০। তৃতীয় প্রহরে—এক প্রহর বেলা থাকিতে । নির্বিশ্ব—খিন ; দুঃখিত । মনের দুঃখে বিপ্র আৰ আহার করিলেন না । দুঃখের কারণ পরবর্তী ১৭২-৭৪ পয়ারে ব্যক্ত হইয়াছে ।

১৭২। অগ্নি জলে প্রবেশিয়া—আগনে বা জলে পড়িয়া ।

১৭৩। বিপ্রের দুঃখের কারণ বলিতেছেন । পঞ্চবটীবনের নির্জন কুটীর হইতে রাক্ষসরাজ রাবণ সীতাদেবীকে হরণ করিয়া লইয়া গিয়াছিলেন ; রামতন্ত্র বিপ্র এই সীতাহরণ-লীলা স্বরণ করিয়া দুঃখে অধীর হইয়া গিয়াছিলেন, সেই দুঃখেই তিনি অনাহারে প্রাণত্যাগের সন্ধান করিয়াছিলেন ।

১৭৫-৮০। প্রভু বিপ্রকে সাস্তনা দিতেছেন । প্রভু বলিলেন—“সীতাদেবী চিছক্কিঙ্গপিণী, ঈশ্বর-প্রেয়সী ; প্রাকৃত হস্ত তাঁহাকে স্পর্শ কৰা তো দূৰের কথা, প্রাকৃত নয়নও তাঁহাকে দেখিতে পায় না । সুতৰাং প্রাকৃত রাক্ষস রাবণ কিছুতেই সীতাদেবীকে স্পর্শ কৰিতে পারেন নাই । রাবণ কুটীরঘারে আসামাত্রই সীতাদেবী অনুহিত হইলেন ; অনুহিত হইলে তাঁহারই আয় অকৃতিবিশিষ্ট এক মায়ামূর্তি তাঁহার স্থলে আসিল । এই মায়ামূর্তি দেখিয়াই

প্রভুর বচনে বিপ্রের হইল বিশ্বাস ।  
 তোজন করিল, হৈল জীবনের আশ ॥ ১৮১  
 তারে আশাসিয়া প্রভু করিলা গমন ।  
 কৃতমালায় স্নান করি আইলা দুর্বেশন ॥ ১৮২  
 দুর্বেশন-রঘুনাথে করি দৰশন ।  
 মহেন্দ্রশেলে পরশুরামে করিলা বন্দন ॥ ১৮৩  
 সেতুবক্ষে আসি কৈল ধনুতীর্থে স্নান ।  
 রামেশ্বর দেখি তাঁহা করিলা বিশ্বাম ॥ ১৮৪  
 বিপ্র-সভায় শুনে তাঁহা কৃষ্ণপুরাণ ।  
 তার মধ্যে আইল পতিরুতা-উপাখ্যান ॥ ১৮৫  
 'মায়াসীতা নিল রাবণ'—শুনিল ব্যাখ্যানে ।  
 শুনি মহাপ্রভু হৈলা আনন্দিত মনে ॥ ১৮৬  
 'পতিরুতা-শিরোমণি জনকনন্দিনী ।  
 জগতের মাতা সীতা শ্রীরামগৃহিণী ॥ ১৮৭

রাবণ দেখি সীতা লৈল অগ্নির শরণ ।  
 রাবণ হৈতে অগ্নি কৈলা সীতা-আবরণ ॥ ১৮৮  
 সীতা লঞ্চা রাখিলেন পার্বতীর স্থানে ।  
 মায়াসীতা দিয়া অগ্নি বধিলা রাবণে ॥ ১৮৯  
 রঘুনাথ আসি যবে রাবণে মারিল ।  
 অগ্নি-পরীক্ষা দিতে যবে সীতারে আনিল ॥ ১৯০  
 তবে মায়া-সীতা অগ্নি করি অনুর্দ্ধান ।  
 সত্য-সীতা আনি দিল রাম-বিদ্ধমান ॥ ১৯১  
 শুনিঞ্চ প্রভুর আনন্দিত হৈল মন ।  
 রামদাস বিপ্রের কথা হইল স্মরণ ॥ ১৯২  
 এ সব সিদ্ধান্ত শুনি প্রভুর আনন্দ হৈল ।  
 ব্রাহ্মণের স্থানে মাগি সেই পত্র লৈল ॥ ১৯৩  
 নৃতন পত্র লিখিয়া পুস্তকে রাখাইল ।  
 প্রতীতি লাগি পুরাতন পত্র মাগি লৈল ॥ ১৯৪

## গৌর-কৃপা-তরঙ্গী-টাকা ।

রাবণ মনে করিলেন—ইনিই শ্রীরামগৃহিণী সীতাদেবী । তাহাকেই তিনি লইয়া গেলেন । বিপ্র ! তুমি আমার কথা বিশ্বাস কর ; কুভাবনা ভাবিও না ।" চিদাম্বনমূর্তি—চিম্বয় ও আনন্দময়মূর্তি ; শুন্দসন্দ-বিশ্বাহ । প্রাকৃত ইঙ্গিয়ে—প্রাকৃত চক্র-আদি দ্বারা । আকৃতি মায়া—আকৃতিকূপা মায়া । মায়ানিশ্চিতা আকৃতি ; মায়াসীতা । অপ্রাকৃত বস্তু ইত্যাদি—কোনও অপ্রাকৃত বস্তুই প্রাকৃত ইঙ্গিয়ের প্রাপ্ত হয় না—প্রাকৃত চক্রতে দেখা যায় না, প্রাকৃত কানে অপ্রাকৃত বস্তুর শব্দ শুনা যায় না, প্রাকৃত নাসিকায় অপ্রাকৃত বস্তুর গন্ধ পাওয়া যায় না ইত্যাদিকূপে কোনও বস্তুই কোনও প্রাকৃত ইঙ্গিয়ের বিষয়ীভূত হইতে পারে না । এজন্তই ভগবান् সর্বদা সর্বত্র বর্তমান থাকিলেও প্রাকৃত জীব আমরা তাঁহাকে দেখিতে পাই না, তাঁহার অঙ্গসন্ধাদি পাই না । বেদ পুরাণে ইত্যাদি—অপ্রাকৃত বস্তু যে প্রাকৃত ইঙ্গিয়ের গোচরীভূত হইতে পারে না, সমস্ত বেদ-পুরাণাদিই তাহা বলিতেছেন ।

১৮৫-৮৬ । রামেশ্বরে ব্রাহ্মণ-সভায় কৃষ্ণপুরাণ পাঠ হইতেছিল ; প্রভু সেই সভায় গিয়া পাঠ শুনিলেন ; সেখানে প্রভু শুনিলেন—রাবণ প্রকৃত-সীতাদেবীকে হরণ করেন নাই, হরণ করিয়াছেন মায়া-সীতাকে । শুনিয়া প্রভুর মনে অত্যন্ত আনন্দ হইল—কারণ, তিনি পূর্বে রামভক্ত বিপ্রকে যাহা বলিয়াছিলেন, পুরাণও তাহাই বলিতেছেন ।

১৮৭-৯১ । রামেশ্বরের বিপ্রসভায় পুরাণপাঠ শুনিয়া প্রভু জানিতে পারিলেন—“পঞ্চবটীবনে রাবণকে দেখিয়া একাকিনী-সীতা অগ্নির শরণ লইলেন । অগ্নিদেব তাঁহাকে লইয়া পার্বতীর নিকটে রাখিলেন এবং সীতার এক মায়ামূর্তি আনিয়া রাবণের সম্মুখে রাখিলেন ; রাবণ তাহাই লইয়া গেলেন । রাবণ-বধের পরে রামচন্দ্র যখন সীতার অগ্নিপরীক্ষার আয়োজন করিলেন, তখন মায়াসীতা অগ্নিতে প্রবেশ করিলেন, অগ্নি তাঁহাকে রাখিয়া প্রকৃত সীতাকে আনিয়া শ্রীরামের নিকট দিলেন ।”

১৯২ । রামদাস বিপ্র—১৬৩ পয়ারোক্ত দক্ষিণ-মথুরাস্থিত রামভক্ত বিপ্র ।

১৯৩ । সেই পত্র—কৃষ্ণপুরাণের যে পাতায় সীতাহরণের বিবরণ লিখিত আছে, সেই পাতা ।

১৯৪ । নৃতন পত্র—নৃতন একখণ্ড কাগজে সেই পাতার লেখা নকল করিয়া গঙ্গের মধ্যে রাখিয়া দিলেন ।

পত্র লঞ্চা পুন দক্ষিণ-মথুরা আইলা ।  
রামদাস বিপ্রে সেই পত্র আনি দিলা ॥ ১৯৫

তথাহি কুর্মপুরাণে—

সীতায়ারাধিতো বক্ষিষ্ণায়াসীতামজীজনৎ ।  
তাঃ জহার দশগ্রীবঃ সীতা বক্ষিপুরং গতা ॥ ১৬  
পরীক্ষাসময়ে বক্ষিঃ ছায়াসীতা বিবেশ সা ।  
বক্ষিঃ সীতাঃ সমানীয় স্বপুরাতুনীনয়ৎ ॥ ১৭

পত্র পাঞ্চা বিপ্রের হৈল আনন্দিত মন ।

প্রভুর চরণ ধরি করয়ে ক্রন্দন ॥ ১৯৬

বিপ্র কহে—তুমি সাক্ষাৎ শ্রীরঘূনন্দন ।

সম্মানীর বেশে মোরে দিলে দরশন ॥ ১৯৭

মহা দুঃখ হৈতে মোরে করিলা নিষ্ঠার ।

আজি মোর ঘরে ভিক্ষা কর অঙ্গীকার ॥ ১৯৮

শ্লোকের সংস্কৃত টীকা ।

সীতারেতি । সীতায়া কর্তৃতুষ্ণা বক্ষিগ্রাধিষ্ঠাতা দেবঃ আরাধিতঃ সন্ত ছায়াসীতাঃ মায়াসীতাঃ অজীজনৎ আবির্ভাবিতবান্ত তাঃ ছায়াসীতাঃ দশগ্রীবো রাবণে জহার হতবান্ত সীতা স্বয়ংকৃপা জানকী বক্ষিপুরং অপ্রেৰাসং গতা প্রাপ্তবতীত্যৰ্থঃ । শ্লোকমালা । ১৬

পরীক্ষেতি । রাবণবধানস্তরং সীতায়াঃ বক্ষিপরীক্ষাসময়ে সা ছায়াসীতা বক্ষিঃ অগ্নিকুণ্ডং বিবেশ প্রবেশিত-বতীত্যৰ্থঃ । বক্ষিগ্রাহিদেবঃ স্বপুরাং নিজনিবাসাং সীতাঃ স্বয়ংকৃপাঃ জানকীঃ পুনঃ সমানীয় উদনীয়ৎ রামায় দন্তবানিত্যৰ্থঃ । শ্লোকমালা । ১৭

গোর-কৃপা-তরঙ্গিনী-টীকা ।

প্রতীতি লাগি—রামতন্ত্র বিপ্রের বিশ্বাসের নিয়িত পুরাতন পাতা প্রভু লইয়া আসিলেন । নৃতন কাগজে নৃতন লেখা দেখিলে উহা কৃত্রিম বলিয়া বিপ্রের সন্দেহ হইতে পারিত ।

১৯৫ । কুর্মপুরাণের সেই পুরাতন পত্রে নিম্নলিখিত শ্লোক দুইটা লিখিত ছিল ।

শ্লো । ১৬-১৭ । অন্বয় । সীতায়া ( সীতাকর্তৃক ) আরাধিতঃ ( আরাধিত—প্রার্থিত—হইয়া ) বক্ষিঃ ( অগ্নি—অগ্নির অধিষ্ঠাত্রী দেবতা ) ছায়াসীতাঃ ( মায়াসীতা ) অজীজনৎ ( উৎপাদন করিয়াছিলেন ) । দশগ্রীবঃ ( দশানন রাবণ ) তাঃ ( তাহাকে—সেই মায়াসীতাকে ) জহার ( হরণ করিয়াছিল ) ; সীতা ( সীতা দেবী ) বক্ষিপুরং ( অগ্নিদেবের পুরীতে ) গতা ( গমন করিয়াছিলেন ) । পরীক্ষা-সময়ে ( রাবণ-বধের পরে সীতার অগ্নিপরীক্ষা সময়ে ) সা ( সেই ) ছায়াসীতা ( মায়াসীতা ) বক্ষিঃ বিবেশ ( অগ্নিতে প্রবেশ করেন ) । বক্ষিঃ ( অগ্নিদেব ) স্বপুরাং ( নিজ পুরী হইতে ) সীতাঃ ( স্বয়ংকৃপা জানকীকে ) সমানীয় ( আনিয়া ) উদনীয়ৎ ( রামচন্দ্রকে দান করেন ) ।

অনুবাদ । সীতাকর্তৃক প্রার্থিত হইয়া অগ্নিদেব এক মায়াসীতার স্থষ্টি করিলেন ; এই মায়াসীতাকেই দশানন রাবণ হরণ করিয়াছিল ; আর সত্য সীতা অগ্নিদেবের পুরীতে গমন করেন । রাবণ-বধের পরে সীতার অগ্নিপরীক্ষা-সময়ে সেই মায়াসীতা অগ্নিতে প্রবেশ করেন ; আর অগ্নিদেব নিজ পুরী হইতে স্বয়ংকৃপা সীতাদেবীকে আনিয়া শ্রীরামচন্দ্রের নিকটে দান করেন । ১৬-১৭

যে সময়ে রাক্ষসরাজ রাবণ পঞ্চবটীবনে শ্রীরামচন্দ্রের কুটীরের অঙ্গনে প্রবেশ করে, তখন কুটীরমধ্যে সীতাদেবী একাকিনী ছিলেন । দুষ্টমতি রাবণ কোশলে পূর্বেই শ্রীরাম ও শ্রীলক্ষ্মণকে কুটীর হইতে দূরে পাঠাইবার বন্দোবস্ত করিয়াছিল । তাহার পার্শ্ব মারীচকে এক স্বর্ণমূর্তি সাজাইয়া কুটীরের নিকটে পাঠাইয়াছিল ; স্বর্ণমূর্তি দেখিয়া সীতাদেবীর লোভ জন্মিল, ঐ মূর্তি ধরিয়া দেওয়ার নিয়িত তিনি রামচন্দ্রের নিকটে প্রার্থনা জানাইলেন । প্রেমবতী ভার্যার অনুরোধ উপেক্ষা করিতে না পারিয়া ধর্মৰ্বাণ লইয়া রামচন্দ্র মুগের অব্বেষণে বাহির হইলেন, লক্ষ্মণকে কুটীর রক্ষার ভার দিয়া গেলেন । মুগরূপী কুচক্ষেত্রী মারীচ দৌড়াইয়া বহু দূরে চলিয়া গেল, রামচন্দ্র ও তাহার অনুসরণ করিলেন ; অবশেষে তিনি মুগের প্রতি বাণ নিক্ষেপ করিলেন ; বাণাহত হইয়া মুগরূপী মারীচ ভূপতিত হইয়া শ্রীরামচন্দ্রের স্বর

মনোদুঃখে ভাল ভিক্ষা না দিল সেইদিনে ।  
মোর ভাগ্যে পুনরপি পাইল দর্শনে ॥ ১৯৯  
এত বলি স্বথে বিপ্র শীঘ্র পাক কৈল ।  
উত্তম প্রকারে প্রভুকে ভিক্ষা করাইল ॥ ২০০  
সেই রাত্রি তাঁহাঁ রহি তাঁরে কৃপা করি ।  
পাণ্ড্যদেশে তাত্ত্বপর্ণী আইলা গৌরহরি ॥ ২০১  
তাত্ত্বপর্ণী স্নান করি তাত্ত্বপর্ণী-তীরে ।  
নয়ত্রিপদী দেখি বুলে কুতুহলে ॥ ২০২  
চিড়য়তালা-তীরে দেখি শ্রীরাম-জন্মণ ।  
তিলকাঞ্চী আসি কৈল শিব দরশন ॥ ২০৩

গজেন্দ্রমোক্ষণতীর্থে দেখি বিষ্ণুমূর্তি ।  
পানাগড়ি-তীর্থে আসি দেখি সীতাপতি ॥ ২০৪  
চামতাপুরে আসি দেখে শ্রীরামলক্ষ্মণ ।  
শ্রীবৈকুণ্ঠে বিষ্ণুঁ আসি কৈল দরশন ॥ ২০৫  
মলঘরপর্বতে কৈল অগস্ত্য বন্দন ।  
কন্ধাকুমারী তাঁহাঁ কৈল দরশন ॥ ২০৬  
আমলীতলাতে রাম দেখি গৌরহরি ।  
মল্লার দেশেতে আইলা—যাঁহা ভট্টমারি ॥ ২০৭  
তমাল কাঞ্চিক দেখি আইলা বাতাপানী ।  
রঘুনাথ দেখি তাঁহাঁ বঞ্চিলা রঞ্জনী ॥ ২০৮

## গৌর-কৃপা-তরঙ্গী টিকা ।

অনুকরণ করিয়া—“তাহি লক্ষণ ! আমি রাক্ষসের হাতে বিপন্ন, শীঘ্র আসিয়া আমাকে রক্ষা কর”—ইত্যাদি বলিয়া প্রাণপনে চীৎকার করিতে লাগিল । তাহা শুনিয়া সীতাদেবী লক্ষণকে পাঠাইয়া দিলেন । অরক্ষিত কুটীরে সীতাদেবী একাকিনী রহিলেন । স্বয়োগ বুঝিয়া রাবণ সন্ধ্যাসীর বেশে ভিক্ষাঞ্চার্থী হইয়া কুটীর দ্বারে উপনীত হইল । সীতাদেবী সঙ্কটে পড়িলেন । কুটীর হইতে একাকিনী বাহির হইতেও সাহস হয় না ; বাহির না হইলেও ভিক্ষাঞ্চার্থী বিমুখ হইয়া যায় । এই উভয় সঙ্কটে পড়িয়াই বোধ হয় তিনি অগ্নিদেবের শরণাপন্ন হয়েন ; অগ্নিদেব দুষ্ট রাবণের বড়বন্দু বুঝিতে পারিয়া জ্ঞানকীকে রক্ষা করিয়া মায়াসীতাকে রাবণের নিকটে পাঠাইলেন । রাবণ এই মায়াসীতাকেই নিয়া লক্ষায় অশোকবনে রাখিল । রাবণবধের পরে এই মায়াসীতাকেই রামচন্দ্র উদ্ধার করিয়া নিজের নিকটে আনিলেন । অবশ্য, ইনি যে শয়াসীতা—সত্যসীতা নহেন, সত্যসীতা যে অগ্নিদেবের পুরীতে—এসমস্ত রামচন্দ্র জানিতেন না ; জানিলে লীলারসের পুষ্টি হইত না । লীলাশক্তিই লীলারসের পুষ্টির নিমিত্ত এ মমস্ত বৃত্তান্ত গোপন করিয়া রাখিয়াছিলেন ।

যাহাহটক, যদিও শ্রীরামচন্দ্র জানিতেন—সীতাদেবী কলঙ্কহীনা ; তথাপি লোকতৃষ্ণির নিমিত্ত তিনি সীতাদেবীর অগ্নি-পরীক্ষার আয়োজন করিলেন । তিনি সীতাদেবীকে বলিলেন—“তোমাকে দুর্বৃত্তের হস্ত হইতে উদ্ধার করা আমার কর্তব্য, তাহা আমি করিয়াছি । তুমি এত দীর্ঘকাল (দশমাস) দুর্বৃত্ত রাবণের অধীনে ছিলে ; তোমার দেহ যে অপবিত্র হয় নাই, যদি অগ্নিতে প্রবেশ করিয়া তাহার প্রমাণ দিতে পার, তাহা হইলেই আমি তোমাকে গ্রহণ করিতে পারি ।” অগ্নিপরীক্ষা আরম্ভ হইল । অগ্নি-পরীক্ষার মর্ম এই—একটা অগ্নিকুণ্ড জালা হয় ; পরীক্ষার্থীকে সেই কুণ্ডের মধ্যে প্রবেশ করিতে হয় । যদি আগুন তাহাকে স্পর্শ না করে, অক্ষতদেহে যদি সেই ব্যক্তি অগ্নিকুণ্ড হইতে নির্দিষ্ট সময়ের পরে বাহির হইয়া আসিতে পারে, তাহা হইলেই বুঝিতে হইবে, সে ব্যক্তি নির্দেশ ।

রামচন্দ্রকে প্রদক্ষিণ ও প্রণাম করিয়া মায়াসীতা অগ্নিতে প্রবেশ করিলেন । অগ্নিদেব পূর্বেই নিজপুরী হইতে অদৃশ্যভাবে সীতাদেবীকে আসিয়া পরীক্ষাস্থলে রাখিয়াছিলেন ; এক্ষণে পরীক্ষার নির্দিষ্ট সময়ের পরে মায়াসীতা অস্থিত হইয়া গেলেন, স্বংকৰ্পা-জনকনদিনী অগ্নিকুণ্ড হইতে বাহির হইয়া আসিয়া শ্রীরামচন্দ্রের চরণে প্রণতা হইলেন ।

১৭শ খণ্ডকের শেষচরণে “স্বপুরাতুদনীনয়ৎ”-স্থলে “তৎপুরস্তদনীনয়ৎ”-পাঠান্তরও দৃষ্ট হয় । অর্থ একই ।

২০২ । বুলে—ভ্রমণ করেন ।

২০৫ । “চামতাপুরে”-স্থলে “চামড়ানূর” ও “রামতানূ” পাঠান্তরও দৃষ্ট হয় ।

২০৭ । ভট্টমারি—বামচারী সন্ধ্যাসিবিশেষ ।

গোসাগ্রিগ সঙ্গে রহে কৃষ্ণদাস ব্রাহ্মণ ।  
 ভট্টমারিসহ তাঁর হৈল দুরশন ॥ ২০৯  
 স্তু-ধন দেখাইয়া তাঁর লোভ জন্মাইল ।  
 আর্য-সরল-বিপ্রের বুদ্ধিনাশ কৈল ॥ ২১০  
 প্রাতে উঠি আইলা বিপ্র ভট্টমারি-ঘরে ।  
 তাহার উদ্দেশে প্রভু আইলা সহরে ॥ ২১১  
 আসিয়া কহেন সব ভট্টমারিগণে—।  
 আমার ব্রাহ্মণ তুমি রাখ কি কারণে ? ॥ ২১২  
 তুমিহ সন্ন্যাসী দেখ আমিহ সন্ন্যাসী ।  
 আমায় চুঁথ দেহ তুমি, আয় নাহি বাসি ॥ ২১৩  
 শুনি সব ভট্টমারি উঠে অস্ত লঞ্চা ।  
 মারিবারে আইসে সব চারিদিকে ধাঞ্চা ॥ ২১৪  
 তাঁর অস্ত তাঁর অঙ্গে পড়ে হাথে হৈতে ।  
 খণ্ঠেশ্বর হৈল ভট্টমারি পলায় চারিভিতে ॥ ২১৫

ভট্টমারি-ঘরে মহা উঠিল ক্রন্দন ।  
 কেশে ধরি বিপ্র লঞ্চা করিলা গমন ॥ ২১৬  
 সেইদিনে চলি আইলা পঞ্চনী-তীরে ।  
 শ্রান করি গেলা আদিকেশব-মন্দিরে ॥ ২১৭  
 কেশব দেখিয়া প্রেমে আবিষ্ট হইলা ।  
 নতি-স্তুতি নৃত্য-গীত বহুত করিলা ॥ ২১৮  
 প্রেম দেখি লোকের হৈল মহা চমৎকার ।  
 সর্ববলোক কৈল প্রভুর পরম সৎকার ॥ ২১৯  
 মহাভক্তগণ-সহ তাঁহাঁ গোষ্ঠী হৈল ।  
 অঙ্গসংহিতাধ্যায় তাঁহাঁই পাইল ॥ ২২০  
 পুথি পাইয়া প্রভুর আনন্দ অপার ।  
 কম্প অশ্রু স্বেদ স্তুত পুজক বিকার ॥ ২২১  
 সিদ্ধান্তশাস্ত্র-নাহি অঙ্গসংহিতার সম ।  
 গোবিন্দ-মহিমা-জ্ঞানের পরম কারণ ॥ ২২২

## গোর-কৃপা-তরঙ্গী টীকা ।

২১০। স্তু-ধন—স্তুলোক ও ধনসম্পত্তি ।  
 ২১৩। আয় নাহি বাসি—সম্পত্তি বলিয়া মনে করি না ।  
 ২১৪। মারিবারে—প্রভুকে মারিতে ।  
 ২১৫। তাঁর অস্ত ইত্যাদি—ভট্টমারিদের অস্ত তাহাদের নিজেদেরই দেহে পড়িল ; তাহাদের নিজেদের অন্তে তাহারা নিজেরাই আহত হইল । ইহা প্রভুর ঐশ্বর্য্যশক্তিরই এক খেলা ।  
 ২১৬। কেশে ধরি ইত্যাদি—প্রভু কৃষ্ণদাস নামক ব্রাহ্মণকে কেশে ধরিয়া সেস্থান হইতে লইয়া আসিলেন ।

কৃষ্ণদাস-ব্রাহ্মণের উপলক্ষ্যে প্রভু দেখাইলেন—যে সম্পদায়ে কামিনী-কাঞ্চনের গ্রানাতেন আছে, তাহার সংশ্রবে যাওয়া সাধকের পক্ষে সম্পত্তি নহে ; দুর্ভাগ্যজন্মে কেহ এরূপ কোনও সম্পদায়ের অস্তর্ভুক্ত হইয়া পড়িলে প্রভু কৃপা করিয়া উদ্ধার না করিলে তাহার আর নিষ্ঠার নাই ।

কৃষ্ণদাস স্বয়ং মহাপ্রভুর সঙ্গে ছিলেন, তাঁহারই পার্শ্ব ; স্বয়ং প্রভুর সেবার সৌভাগ্য যাদের হয়, কামিনী-কাঞ্চন তো দূরের কথা, সালোক্যাদি মুক্তির লোভও তাহাদের মনকে বিচলিত করিতে পারে না । প্রভুর পার্শ্বে কৃষ্ণদাসের মন ভট্টমারিদের কামিনী-কাঞ্চনে গ্রুপ্ত হওয়ার কোনও হেতু থাকিতে পারে না ; যাহারা ভজনমার্গের অতি উচ্চস্তরে অধিষ্ঠিত, কামিনী-কাঞ্চন হইতে তাহাদেরও যে ভয়ের কারণ আছে, তাহা দেখাইবার উদ্দেশ্যেই কৃষ্ণদাসকে উপলক্ষ্য করিয়া প্রভুর এই লীলা ।

২১৯। প্রভুর পরম সৎকার—প্রভুর প্রতি অঙ্গাভক্তি-প্রদর্শন ।  
 ২২০। অহাভক্তগণ—পরম ভাগবতগণ । গোষ্ঠী—ইষ্টগোষ্ঠী ; কৃষ্ণকথার আলাপন । অঙ্গ-সংহিতা-ধ্যায়—অঙ্গসংহিতার পঞ্চম অধ্যায় । তাঁহাঁই—গয়স্ত্রীতীরে আদিকেশব-মন্দিরে । অঙ্গসংহিতা একখানি সিদ্ধান্ত গ্রন্থ ; ইহা স্বয়ং অঙ্গারই রচিত বলিয়া কথিত আছে । সম্পূর্ণ গ্রন্থে একশত অধ্যায় ছিল বলিয়া জানা যায় ;

অল্প অক্ষরে কহে সিদ্ধান্ত অপার ।  
সকল বৈষ্ণবশাস্ত্র-মধ্যে অতিসার ॥ ২২৩  
বহুযত্নে সেই পুঁথি নিল লেখাইয়া ।  
অনন্তপদ্মনাভ আইলা হরষিত হগ্রা ॥ ২২৪  
দিন-দুই পদ্মনাভের করি দরশন ।  
আনন্দে দেখিতে আইল শ্রীজনার্দন ॥ ২২৫  
দিন দুই তাঁঁ করি কীর্তন-নর্তন ।  
পর্যোগী আসিয়া দেখে শঙ্কর-নারায়ণ ॥ ২২৬  
সিংহারিমঠ আইলা শঙ্করাচার্য-স্থানে ।  
মৎস্যতীর্থ দেখি কৈল তুঙ্গভদ্রায় স্থানে ॥ ২২৭  
মধ্বাচার্য-স্থানে আইলা যাঁঁ তত্ত্ববাদী ।  
উড়ুপ-কৃষ্ণ দেখি তাঁঁ হৈলা প্রেমোন্মাদী ॥ ২২৮  
নর্তকগোপাল কৃষ্ণ পরমমোহনে ।  
মধ্বাচার্যে স্বপ্ন দিয়া আইলা তাঁর স্থানে ॥ ২২৯

গোপীচন্দন-ভিতর আছিলা ডিঙ্গাতে !  
মধ্বাচার্য সেই কৃষ্ণ পাইলা কোনমতে ॥ ২৩০  
মধ্বাচার্য আনি তাঁরে করিল স্থাপন ।  
অদ্যাপি তাঁর সেবা করে তত্ত্ববাদিগণ ॥ ২৩১  
কৃষ্ণমূর্তি দেখি প্রভু মহাস্থথ পাইল ।  
প্রেমাবেশে বহুক্ষণ নৃত্যগীত কৈল ॥ ২৩২  
তত্ত্ববাদিগণ প্রভুকে মায়াবাদি-জ্ঞানে ।  
প্রথমদর্শনে প্রভুর না কৈল সন্তায়ণে ॥ ২৩৩  
পাঁচে প্রেমাবেশ দেখি হৈল চমৎকার !  
বৈষ্ণব-জ্ঞানেতে বহু করিল সৎকার ॥ ২৩৪  
তাঁ-সভার অন্তরে গর্ব জানি গৌরচন্দ ।  
তাঁ-সভা-সহিত গোষ্ঠী করিল আরম্ভ ॥ ২৩৫  
তত্ত্ববাদি-আচার্য শাস্ত্রে পরম প্রবীণ ।  
তাঁরে প্রশং কৈল প্রভু হগ্রা যেন দৈন— ॥ ২৩৬

## গোর-কৃপা-তরঙ্গিনী টিক।

কিন্তু পঘন্মুনীতীরে শ্রুতি কেবল পঞ্চম অধ্যায়টা মাত্র দেখিতে পায়েন ; দেখিয়া প্রভু তাহা পড়িলেন, পড়িয়া মুঝ হইলেন ; শ্রুতিটি নকল করাইয়া সঙ্গে লইয়া আসিলেন ; আনিয়া গোড়ের ভক্তদের দিমেন ; এইরূপেই বঙ্গদেশে এই গ্রন্থের প্রচলন হয় । এই গ্রন্থে শ্রীকৃষ্ণের ও শ্রীকৃষ্ণধামের তত্ত্ব ও মহিমাদি বিবৃত আছে ।

২২৮। **মধ্বাচার্য-স্থানে**—শ্রীপাদমধ্বাচার্যের শ্রীপাটে । **তত্ত্ববাদী**—শ্রীমধ্বাচার্যের সম্প্রদায়ভুক্ত সাধকদিগকে তত্ত্ববাদী বলে ; ইঁহারা বৈত্ববাদী এবং শঙ্করাচার্যের অবৈত্ববাদের ভয়ানক বিরোধী । **উড়ুপ-চন্দ** । **উড়ুপকৃষ্ণ**—চন্দকৃষ্ণ অর্থাৎ কৃষ্ণচন্দ ।

২২৯। **নর্তকগোপাল**—উড়ুপ-কৃষ্ণের বিশ্রাম নর্তক-গোপালের ( মৃত্যকারী বালগোপালের ) বেশে গঠিত । **মধ্বাচার্যে স্বপ্ন দিয়া**—কথিত আছে, কোনও বণিক নৌকাযোগে ধারকা হইতে আসিতেছিলেন ; নৌকা যখন এই স্থানের ( মধ্বাচার্যের শ্রীপাটের ) নিকটে আসে, তখন ইহা জলমগ্ন হয় । সেই নৌকায় অনেক গোপীচন্দন ছিল ; গোপীচন্দনের মধ্যে বালগোপালের মূর্তি ছিলেন । গোপীচন্দনসহ তিনিও জলমগ্ন হইলেন ; জলমগ্ন হইয়া তিনি স্বপ্নযোগে মধ্বাচার্যকে সমস্ত বিবরণ বলিয়া জলের ভিতর হইতে তাঁহাকে উদ্ধার করিতে আদেশ করেন । তদন্তসারে মধ্বাচার্য তাঁহাকে উঠাইয়া তাঁহার সেবা প্রতিষ্ঠিত করিলেন ।

২৩০। **মায়াবাদিজ্ঞানে**—সন্ধ্যাসী দেখিলেই তৎকালে লোকে শঙ্করাচার্যের অমুগত মায়াবাদী সন্ধ্যাসী বলিয়া মনে করিত । না কৈল সন্তায়ণে—প্রভুকে অবৈত্ববাদী মনে করিয়া তাঁহার সঙ্গে কথা বলেন নাই । কথিত আছে, তৎকালে তত্ত্ববাদিগণ মায়াবাদীর মুখ দেখিলেও সবস্ত্রে স্থান করিতেন ।

২৩১। প্রভুর প্রেমাবেশ দেখিয়া তত্ত্ববাদীদের সন্দেহ ঘুচিয়া গেল ; তাঁহারা বুঝিতে পারিলেন—প্রভু বৈষ্ণব-সন্ধ্যাসী ।

২৩২। **গোষ্ঠী**—তত্ত্ববাদি সম্বন্ধীয় আলোচনা ।

২৩৩। **পরম প্রবীণ**—অত্যন্ত অভিজ্ঞ । **তত্ত্ববাদি-আচার্য**—তত্ত্ববাদীদের আচার্য বা শ্রেষ্ঠ ব্যক্তি ।

সাধ্য-সাধন আমি না জানি ভালমতে ।

সাধ্য-সাধনশ্রেষ্ঠ জানাহ আমাতে ॥ ২৩৭

আচার্য কহে—বর্ণাশ্রমধর্ম কৃষ্ণে সমর্পণ ।

এই হয় কৃষ্ণভক্তের শ্রেষ্ঠ সাধন ॥ ২৩৮

পঞ্চবিধি মুক্তি পাএঁগি বৈকুণ্ঠে গমন ।

সাধ্যশ্রেষ্ঠ হয় এই শাস্ত্র-নিরূপণ ॥ ২৩৯

প্রভু কহে—শাস্ত্রে কহে ‘শ্রবণ-কীর্তন ।

কৃষ্ণপ্রেম সেবাফলের পরমসাধন ॥’ ২৪০

গোর-কৃপা-তরঙ্গিণী টীকা ।

২৩৭। তত্ত্ববাদীদের গর্ব ছিল—তাহাদের সাধ্য এবং তাহাদের সাধনই সর্বশ্রেষ্ঠ। প্রভু এই গর্ব দূর করার উদ্দেশ্যে সাধ্য-সাধন-সম্বন্ধে তাহাদের আচার্যকে প্রশ্ন করিলেন।

২৩৮-৩৯। প্রভুর প্রশ্ন শুনিয়া আচার্য বলিলেন—“বর্ণাশ্রমধর্ম শ্রীকৃষ্ণে অপিত হইলেই শ্রেষ্ঠ সাধন অচুর্ণিত হয় ; অর্থাৎ শ্রীকৃষ্ণে অপিত বর্ণাশ্রম-ধর্মই শ্রেষ্ঠ সাধন। এই সাধনের অর্থুর্ণান—অর্থাৎ বর্ণাশ্রমধর্ম শ্রীকৃষ্ণে অপর্ণ—করিতে করিতে কৃষ্ণতত্ত্ব লাভ হইবে ; তাহা হইতেই পঞ্চবিধি মুক্তি লাভ করিয়া বৈকুণ্ঠে যাওয়া যায়। তাহা হইলে পঞ্চবিধি মুক্তি হইল শ্রেষ্ঠ সাধ্য।” পরবর্তী ২৪০ পয়ারের টীকা দ্রষ্টব্য।

**বর্ণাশ্রমধর্ম কৃষ্ণে সমর্পণ—**বর্ণাশ্রম ধর্মের ফল শ্রীকৃষ্ণে অপর্ণ। ইহাই কৃষ্ণভক্তের সাধন—কৃষ্ণতত্ত্ব লাভের উপায়। ২৮৫৫ পয়ারের টীকা দ্রষ্টব্য। **পঞ্চবিধি মুক্তি—**সালোক্য, সাষ্টি, সারপা, সামীপ্য ও সামুজ্য এই পাঁচ রকমের মুক্তি। ১৩১৬ পয়ারের টীকা দ্রষ্টব্য। “পঞ্চবিধি মুক্তি পাএঁগি বৈকুণ্ঠে গমন”—এই পয়ারার্দ্ধে একটী কথা বিবেচ্য। তত্ত্ববাদীরা বৈতবাদী ; তাহারা অবৈতবাদের ভয়ানক বিরোধী—এমন বিরোধী যে, প্রভুকে প্রথমে অবৈতবাদী মনে করিয়া তাহার সহিত কথাই বলেন নাই। এরপ অবস্থায়, তাহারা যে অবৈতবাদীদের সাধনের লক্ষ্য সামুজ্যমুক্তি (পঞ্চবিধি মুক্তির মধ্যে এক রকম মুক্তি) কামনা করিবেন, ইহা বিষ্঵াস করা যায় না ; সামুজ্যমুক্তির অভিলাষ বৈতবাদের বিরোধী। দ্বিতীয়তঃ সামুজ্যমুক্তির স্থানও বৈকুণ্ঠে নহে—বৈকুণ্ঠের বাহিরে জ্যোতির্ময় নির্বিশেষ ধাম সিদ্ধলোকে। আর বৈকুণ্ঠ বলিতে যদি পরব্যোগকে বুঝায় বলিয়া মনে করা যায়, তাহা হইলে সিদ্ধলোকও অবশ্য তাহার অস্ত্রভূত্তি হয় ( ১৫২৭ পয়ারের টীকা দ্রষ্টব্য ) ; কিন্তু তাহা হইলেও সামুজ্যমুক্তি বৈতবাদীদের প্রার্থনীয় হইতে পারে না। এসমস্ত কারণে মনে হয়—“পঞ্চবিধি মুক্তি”—স্থলে “চতুর্বিধি মুক্তি”—পাঠ হইলেই সম্পত্ত হইত। সম্ভবতঃ লিপিকর-প্রমাদ বশতঃই “চতুর্বিধি”—স্থলে “পঞ্চবিধি” পাঠ হইয়া গিয়াছে।

২৪০। তত্ত্ববাদী আচার্যের কথা শুনিয়া প্রভু বলিলেন—“আচার্য ! তুমি বলিতেছ, শ্রীকৃষ্ণে বর্ণাশ্রমধর্মের সমর্পণই কৃষ্ণতত্ত্বের শ্রেষ্ঠ সাধন ; কিন্তু তাহা ঠিক নহে ; শাস্ত্র বলেন—শ্রবণ-কীর্তনাদি নববিধি ভক্তি শ্রেষ্ঠ সাধন। আর তুমি বলিতেছ,—পঞ্চবিধি মুক্তি কৃষ্ণতত্ত্বের ফল ; শাস্ত্র তাহাও বলেন না ; শাস্ত্র বলেন—শ্রীকৃষ্ণের সেবাই কৃষ্ণতত্ত্বের ফল। তাহাহইলে শ্রীকৃষ্ণের প্রেমসেবাই হইল সাধ্য, আর তার সাধন হইল শ্রবণ-কীর্তনাদি নববিধি ভক্তি।”

**শ্রবণ-কীর্তন—**শ্রীকৃষ্ণের নাম-কৃপ-গুণাদির শ্রবণ ও কীর্তন। শ্রবণ-কীর্তনের উপলক্ষণে নববিধি ভক্তির কথাই এস্থলে বলা হইতেছে। **কৃষ্ণপ্রেম-সেবা-ফল—**শ্রীকৃষ্ণের প্রেমসেবাকৃপ ফল ; প্রেমের ( শ্রীতির ) সহিত শ্রীকৃষ্ণের যে সেবা, একমাত্র শ্রীকৃষ্ণের স্মৃথের নিমিত্তই শ্রীতিসহকারে শ্রীকৃষ্ণের যে সেবা, তাহাকেই শ্রবণ-কীর্তনাদি সাধনের ফল বলা হইয়াছে। **পরম-সাধন—**শ্রেষ্ঠ সাধন ( বা উপায় )।

শ্রবণ-কীর্তনাদিই যে শ্রেষ্ঠ সাধন, তাহার প্রমাণকৃপে নিয়ে দুইটী শ্লোক উন্নত হইয়াছে।

তথাহি (ভা: ১৫২৩, ২৪) —

শ্রবণং কীর্তনং বিষ্ণোঃ শ্রবণং পাদসেবনম্।  
অর্চনং বন্দনং দাঙ্গং সখ্যমাত্মনিবেদনম্॥ ১৮

ইতি পুংসার্পিতা বিষ্ণোঃ ভজিষ্ঠেন্নবলক্ষণ।

ক্রিয়েত ভগবত্যন্না তমচেহুদ্ধীতমুস্তমম্॥ ১৯

শোকের সংস্কৃত টীকা।

পাদসেবনং পরিচর্যা অর্চনং পূজা দাঙ্গং কর্মার্পণং সখ্যং তদ্বিদ্যাসাদি আত্মনিবেদনং দেহসমর্পণং যথা বিক্রীতস্ত গবাখাদে ভরণ-পালনাদি-চিন্তা ন ক্রিয়তে তথা দেহং তস্মৈ সমর্প্য তচিস্তাবর্জনমিত্যর্থঃ। ইতি নবলক্ষণানি যস্তাঃ সা অধীতেন চেদ্বৃতগবতি বিষ্ণোঃ ভজিঃ ক্রিয়েত সা চার্পিতৈব সতী যদি ক্রিয়েত ন তু কৃতা সতী পশ্চাদপ্রেত তত্ত্বমমধীতং মং নস্তমন্ত্রেৱারধীতং তথাবিধং কিঞ্চিদস্তীতিভাবঃ। স্বামী। ১৮-১৯।

গোর-কৃপা-তরঙ্গী টীকা।

শো। ১৮-১৯। অন্তর্য। বিষ্ণোঃ ( শ্রিবিষ্ণুর ) শ্রবণং ( শ্রবণ ), কীর্তনং ( কীর্তন ), শ্রবণং ( শ্রবণ ), পাদসেবনং ( পাদসেবন ), অর্চনং ( অর্চন ), বন্দনং ( বন্দন ), দাঙ্গং ( দাঙ্গ ), সখ্যং ( সখ্য ), আত্মনিবেদনং ( আত্মনিবেদন ), ইতি ( এই ) নবলক্ষণা ( নবলক্ষণ—নববিধা ) ভজিঃ ( ভজি ) ভগবতি বিষ্ণোঃ ( ভগবান् বিষ্ণুতে ) অন্না ( সাক্ষাৎ ) অর্পিতা ( অর্পিতা ) [ সতী ] ( হইয়া ) চেৎ ( যদি ) পুংসা ( কোনও ব্যক্তিকর্তৃক ) ক্রিয়েত ( কৃত—অচুষ্টিত হয় ), তৎ ( তাহাকে ) উত্তমং ( উত্তম ) অধীতং ( অধ্যয়ন ) মং ( মনে করি )।

অনুবাদ। শ্রিবিষ্ণুর শ্রবণ, কীর্তন, শ্রবণ, পাদসেবন, অর্চন, বন্দন, দাঙ্গ, সখ্য ও আত্মনিবেদন—এই নববিধা ভজি ( প্রথমতঃ ) ভগবান্ বিষ্ণুতে সাক্ষাৎ অর্পিত হইয়া ( তাহার পরে ) কোনও ব্যক্তিকর্তৃক যদি অচুষ্টিত হয়, তাহাহইলে তাহাকেই আগি উত্তম অধ্যয়ন বলিয়া মনে করি।

প্রহ্লাদের পিতা দৈত্যরাজ হিরণ্যকশিপু নিজেকে অজেয়, অজর, অমর এবং প্রতিপক্ষহীন অবিতীয় রাজাৱাপে প্রতিষ্ঠিত করিবার উদ্দেশ্যে মন্দর-পর্বতে গমন করিয়া উৎকট তপস্থায় রত হইয়াছিলেন ( শ্রী, ভা, ৭৩।১-২ )। যখন তিনি এইভাবে তপস্থায় নিরত ছিলেন, তখন তাহার অমুপস্থিতির স্মৃয়ে দেবতাগণ দৈত্যদিগের বিরুদ্ধে যুদ্ধের আয়োজন করিলেন; তবে দৈত্যগণ গৃহ-স্বজনাদি পরিত্যাগপূর্বক পলায়ন করিল। দেবরাজ ইন্দ্র হিরণ্যকশিপুর রাজপুরী বিনষ্ট করিয়া দৈত্যরাজ-মহিষীকে লইয়া গেলেন; তিনি ছিলেন তখন অস্তঃস্বত্ত্ব। পথিগদ্যে নারদের মাহিত ইন্দ্রের সাক্ষাৎ হইলে নারদ ইন্দ্রকে উপদেশ দিলেন; তাহার ফলে দেবরাজ হিরণ্যকশিপুর মহিষীকে নারদের হস্তে অর্পণ করিলেন। নারদ তাহাকে স্বীয় আশ্রমে নিয়া কল্পার ত্যায় পালন করিতে লাগিলেন এবং তাহাকে ভজিত্ব শিক্ষা দিতে লাগিলেন। নারদের কৃপায় গর্ভস্থ শিশুও সেই উপদেশ শ্রবণ এবং হৃদয়ে ধারণ করিতে পারিলেন। এই শিশু যখন ভূমিষ্ঠ হইলেন, তখন তাহারই নাম হইল প্রহ্লাদ। নারদের কৃপায় মাতৃগর্ভে অবস্থান-কালে প্রহ্লাদ যে ভজিত্ব শুনিয়াছিলেন, তিনি তাহা বিস্মিত হন নাই; ভূমিষ্ঠ হইয়াও তিনি তদনুসারে নিজেকে প্ররিচালিত করিতে লাগিলেন ( শ্রী, ভা, ৭ম স্কন্দ ৭ম অধ্যায় )। নারদের কৃপাই প্রহ্লাদের ভজিত্ব মূল। তপস্থায় সিদ্ধিলাভ করিয়া ব্রহ্মার বর লাভ করিয়া হিরণ্যকশিপু প্রবল পরাক্রমে রাজস্ব করিতে লাগিলেন, স্বর্গ জয় করিয়া ইন্দ্রপুরীতেই বাস করিতে লাগিলেন। যথাসময়ে তিনি স্বীয় পুত্র প্রহ্লাদকে অধ্যয়নার্থ শুরুগৃহে পাঠাইলেন।

গুরুগৃহে অধ্যয়ন-সমাপ্তির পরে প্রহ্লাদ যখন পিতার চরণে যাইয়া গ্রন্থ হইলেন, তখন তাহার পিতা<sup>১</sup> দৈত্যরাজ হিরণ্যকশিপু তাহাকে আশীর্বাদ ও ম্লেচ্ছরে আলিঙ্গনাদি করিয়া বলিলেন—“বৎস ! এত কাল গুরুগৃহে থাকিয়া যাহা শিখিয়াছ, তাহার মধ্যে উত্তম যাহা, তাহার কিঞ্চিৎ শুনাও দেখি।” তখনই পিতার কথার উত্তরে প্রহ্লাদ এই শোক দুইটা বলিয়াছিলেন।

## গোর-কৃপা-তরঙ্গী টীকা।

দৈত্যগুরু শুক্রাচার্যের দুই পুত্র ছিলেন ; তাহাদের নাম ষণ্মার্ক—ষণ ও অমার্ক । হিরণ্যকশিপু তাহাদের হস্তেই প্রহ্লাদের শিক্ষার ভার ছস্ত করিয়াছিলেন ; তাহারা তাহাকে বিষ্ণু-বিদ্যেষই শিক্ষা দিতেন । হিরণ্যকশিপুর কথা শুনিয়া এক্ষণে প্রহ্লাদ মনে মনে বলিলেন—“বিগ্রাধম ষণ্মার্ক আমার গুরুই নহেন ; শীনারদই আমার প্রকৃত গুরু ; তাহার মুখে ভক্তিসম্পন্নে যাহা শুনিয়াছি, তাহাই তো প্রকৃত শিক্ষা । সেই শিক্ষাকে আশ্রয় করিয়াই এক্ষণে পিতার কথার উত্তর দেওয়া যাউক (চক্রবর্তী) ।” মনে মনে এইরূপ ভাবিয়া প্রহ্লাদ বলিলেন—“শ্রবণং কীর্তনমিত্যাদি ।”—“বাবা ! শ্রবণ-কীর্তনাদি নববিধা-ভক্তি আগে বিষ্ণুতে অর্পিত হইয়া পরে যদি কাহারও দ্বারা অনুষ্ঠিত হয়, তাহা হইলে আমি মনে করি, তাহার অধ্যয়নই সর্বোত্তম হইয়াছে—তিনি যদি কিছু অধ্যয়ন না করিয়াও থাকেন, তাহা হইলেও তাহার তদ্বপ অনুষ্ঠানই তাহার পক্ষে সর্বোত্তম অধ্যয়ন হইবে (অর্থাৎ তদ্বারাই তিনি সর্বোত্তম অধ্যয়নের ফল পাইবেন) ; কিন্তু বাবা ! ষণ্মার্কের নিকটে আমি যে অধ্যয়ন করিয়াছি, তাহা উত্তম অধ্যয়ন নয় ।”

নবলক্ষণ—নয়টী লক্ষণ যাহার ; শ্রবণ, কীর্তন গ্রস্তি নয়টী সাধনাঙ্গ হইল শুন্ধা ভক্তির নয়টী লক্ষণ ; এই নয়টী লক্ষণদ্বারা যে ভক্তিকে চিনিতে পারা যায়, তাহারই নাম নবলক্ষণ ভক্তি বা নববিধা ভক্তি । নবলক্ষণ—**ভক্তিঃ—শ্রবণ-কীর্তনাদি নববিধা ভক্তি** ; শ্রবণ-কীর্তনাদি ভক্তি-অঙ্গ । এই নববিধা ভক্তি যদি প্রথমে ভগবতি বিষ্ণো—ভগবান বিষ্ণুতে অর্পিতা—সমর্পিতা হইয়া তাহার পরে পুংসা—পুরুষকর্তৃক, কোনও ব্যক্তিকর্তৃক (এহলে পুংসা শব্দে স্তু-পুরুষ-নির্বিশেষে জীবমাত্রকেই বুবাইতেছে ; স্বতরাং নববিধা ভক্তি যদি বিষ্ণুতে সমর্পিত হইয়া কোনও ব্যক্তি কর্তৃক ) ক্রিয়েত—কৃত বা অনুষ্ঠিত হয়, তাহা হইলেই তাহা শুন্ধাভক্তি বলিয়া কথিত হয় এবং এইরূপ শুন্ধাভক্তির যে অনুষ্ঠান, তৎ—তাহাই **উত্তমং অধীতৎ—উত্তম অধ্যয়ন বলিয়া আমি মণ্ডে—মনে করি** । সর্বোত্তম অধ্যয়নের যাহা ফল, এইরূপ শুন্ধাভক্তির অনুষ্ঠান যিনি করেন, ঐ অনুষ্ঠানদ্বারাই তিনি সেই ফল পাইতে পারেন । নববিধা ভক্তিকে কিরূপে বিষ্ণুতে সমর্পণ করিতে হইবে ? অঙ্কা—সাক্ষাংকৃপে, ফলকৃপে বা পরম্পরাকৃপে নহে । শ্রবণ-কীর্তনাদির ফল অর্পণ না করিয়া সাক্ষাং শ্রবণ-কীর্তনাদিকেই ভগবানে অর্পণ করিতে হইবে—“এসমস্ত শ্রবণ-কীর্তনাদি ভগবানেরই নিমিত্ত, ভগবানেরই প্রীতির নিমিত্ত, আমার ধর্মার্থাদি লাভের নিমিত্ত নহে, আমার ইহকালের বা পরকালের কোনওকৃপ স্বর্থের নিমিত্ত নহে—”এইরূপ ভাব দ্বায়ে পোষণ করিয়া যদি কেহ শ্রবণ-কীর্তনাদি ভক্তি-অঙ্গের অনুষ্ঠান করেন—কিন্তু আগে শ্রবণ-কীর্তনাদি করিয়া পরে সেই শ্রবণ-কীর্তনাদির ফলমাত্র ভগবানে অর্পণ করার কথা যদি তাহার মনেও না জাগে, তাহা হইলেই বলা যায় যে, তিনি আগে তৎসমস্ত ভগবানে অর্পণ করিয়া পরে তৎসমস্তের অনুষ্ঠান করিয়াছেন । ভৃত্য গ্রীষ্মকালে পাথা কিনিয়া আনিয়া কর্তৃকে দিল ; তাহা তখন কর্তৃর পাথা হইল ; সেই পাথা দিয়াই ভৃত্য কর্তৃর দেহে বাতাস করিয়া তাহার স্বত্ত্ববিধান করে—ইহাতে ভৃত্যের লাভের আশা কিছু নাই । ইহা হইল—আগে অর্পণ, পরে অনুষ্ঠানের ঘায় । আবার আর এক ভৃত্য নিজের পাথা দ্বারা কর্তৃকে বাতাস করিল ; ইহা হইল—আগে অনুষ্ঠান, তারপরে ফল সমর্পণের ঘায় । শ্রবণ-কীর্তনাদি ভগবানেরই জিনিস, যেহেতু তৎসমস্ত তার প্রীতির সাধন ; তাহারই জিনিসের দ্বারা তাহারই ভৃত্য আমি তাহার প্রীতি সাধনের চেষ্টা করিতেছি ; এইভাব দ্বায়ে পোষণ করিয়া শ্রবণ-কীর্তনাদির অনুষ্ঠান করিলেই সেই অনুষ্ঠান শুন্ধাভক্তির অঙ্গ হয় । আহার সকলেরই প্রয়োজন ; আহারের আয়োজনও সকলেই করিয়া থাকে ; কিন্তু ইহার মধ্যে দুই রকমের লোক আছে ; এক যাহারা নিজেদের জন্য রান্নাদি করিয়া খাইতে বসিয়া ঠাকুরের নামে নিবেদন করে । আর—যাহারা রান্নাদিই করে ঠাকুরের জন্য ; ঠাকুরের জন্য রাঁধিয়া সমস্তই ঠাকুরের ভোগে নিবেদন করিয়া পরে ঠাকুরের প্রসাদ গ্রহণ করে । প্রথমোক্ত ব্যক্তিগণের আগে অনুষ্ঠান, পরে ভগবানে অর্পণ । শেষোক্ত ব্যক্তিগণের—আগে অর্পণ, পরে অনুষ্ঠান । ঠাকুরের জন্য রান্না করে ঠাকুরেরই জিনিস—স্বতরাং সমস্ত জিনিস পূর্বেই ঠাকুরে অর্পিত হইয়া গিয়াছে ; রান্নাদির অনুষ্ঠান পরে । ভোগ-নিবেদন—বস্তুৎঃ অর্পণ নহে—সর্বপ্রথম

ଗୋର-କୃପା-ତରଞ୍ଜିଣୀ ଟୀକା ।

ଅର୍ପଣ ନହେ ; “ପ୍ରଭୁ, ତୋମାରି ଜିନିସ, ତୋମାରି ଉଦ୍ଦେଶ୍ୟ ତୋମାରି ଭ୍ରତ୍ୟ ବାଧ୍ୟା ଆନିଯାଛେ, କୃପା କରିଯା ଆହାର କର—”—ଇହାଇ ଭୋଗ-ନିବେଦନେର ତାତ୍ପର୍ୟ ; ସୁତରାଂ ଇହା ସର୍ବପ୍ରଥମ ଅର୍ପଣ ନହେ—ଇହା ଅପିତ ବନ୍ଦ ସଂକାରପୂର୍ବକ ସମ୍ମୁଖେ ଆନନ୍ଦ—ଇହା ଓ ଅନୁଷ୍ଠାନିକ—ସମର୍ପଣେର ପରବର୍ତ୍ତୀ ଅନୁଷ୍ଠାନ ।

ଶ୍ରବଣ-କୀର୍ତ୍ତନାଦି ନବବିଧା ଭକ୍ତିର ସମସ୍ତ ଅନ୍ତର୍ଗତ—ନୟଟୀ ଅନ୍ତର୍ଗତ ସାଧକକେ ଅନୁଷ୍ଠାନ କରିତେ ହିଁବେ, ତାହାଓ ନୟ ; “ତତ୍ତ୍ଵ ନବନକ୍ଷଣେ ସମୁଚ୍ଚମ୍ଭୋ ନାବଶ୍ରକଃ । ଏକେନୈବାନ୍ଦେନ ସାଧ୍ୟାବ୍ୟଭିଚାରଶ୍ରବଣାଂ କଟିଦ୍ଵାପ୍ରମିଶ୍ରଣକ୍ଷେତ୍ର ତଥାପି ଭିନ୍ନଅନ୍ଧାକୃତିଭାବ । କ୍ରମସନ୍ଦର୍ଭେ ଶ୍ରୀଜୀବଗୋଷ୍ଠାମୀ ।”—“ଏକ ଅନ୍ତ ସାଧେ କେହ ସାଧେ ବହ ଅନ୍ତ । ନିଷ୍ଠା ହେଲେ ଉପଜୟେ ପ୍ରେମେର ତରଙ୍ଗ ॥ ୨୨୨୭୬ ॥” ସାହାର ଯେ ଅନ୍ତେ ଶ୍ରଦ୍ଧା ଓ କୃତି ଜୟେ, ତିନି ଗେହ ଅନ୍ତେର ଅନୁଷ୍ଠାନ କରିତେ ପାରେନ ; ଏକାଧିକ ଅନ୍ତେର ଅନୁଷ୍ଠାନଓ ଶାନ୍ତି-ସମ୍ମତ । ଏ ମକଳ ଭକ୍ତି-ଅନ୍ତେର ଅନୁଷ୍ଠାନେ ଏକଟୀ କଥା ସାଧକକେ ବିଶେଷ କରିଯା ମନେ ରାଖିତେ ହିଁବେ—ଭକ୍ତି-ଅନ୍ତେର ଅନୁଷ୍ଠାନ ଯେନ ସାମନ୍ତ ହୁଏ ( ୧୮୧୫ ପଯାରେର ଟୀକା ଦ୍ରଷ୍ଟବ୍ୟ ) । ଶ୍ରବଣ-କୀର୍ତ୍ତନାଦିର ସମୟେ ଶ୍ରୀକୃଷ୍ଣର ସାକ୍ଷାତ୍-ଭଜନେ ପ୍ରସ୍ତରି ଥାକା ଦରକାର—“ଏହ ଆମି ଶ୍ରୀହରିର ସାକ୍ଷାତେ ଉପାସିତ ; ତାହାର ସାକ୍ଷାତେ ଉପାସିତ ଥାକିଯାଇ ତାହାର ଶ୍ରୀତିର ନିମିତ୍ତ ଆମି ଶ୍ରବଣ-କୀର୍ତ୍ତନାଦି ଭଜନାନ୍ଦେର ଅନୁଷ୍ଠାନ କରିତେଛି”—ଏହିରୁପ ଅନୁଭୂତି ଥାକା ଏକାନ୍ତ ଦରକାର ; ନଚେ “ବହୁଜନ୍ମ କରେ ଯଦି ଶ୍ରବଣ-କୀର୍ତ୍ତନ । ତଥାପି ନା ପାଇ କୁଷପଦେ ପ୍ରେମଧନ ॥ ୧୮୧୫ ।”

ଏକଣ, ଏହି ଶ୍ରବଣ-କୀର୍ତ୍ତନାଦି ଶନ୍ଦେର ତାତ୍ପର୍ୟ କି, ତାହାଇ ବିବେଚନା କରା ଯାଉକ ।

ଶ୍ରବଣ—ନାମ-ରୂପ-ଗୁଣ-ପରିକର-ଲୀଲାମୟଶକ୍ତାନାଂ ଶ୍ରୋତ୍ରିଷ୍ପର୍ଣ୍ଣଃ ( କ୍ରମସନ୍ଦର୍ଭ ) ; ଶ୍ରୀଭଗବାନେର ନାମ, ରୂପ, ଗୁଣ, ପରିକର-ସମ୍ବନ୍ଧିନୀ କଥା ଓ ଲୀଲା-ସମ୍ବନ୍ଧିନୀ କଥାର ଶ୍ରବଣ ବା କର୍ମକୁହରେ ଅବେଶ । ମହଦ୍ୟଭକ୍ତିଦିଗେର ମୁଖ-ନିଃଚୂତ ନାମରୂପାଦି କଥା-ଶ୍ରବଣେରି ବିଶେଷ ମାହାତ୍ମ୍ୟ । ଶ୍ରବଣେର ମଧ୍ୟେ ଶ୍ରୀଭାଗବତ-ଶ୍ରବଣି ପରମ ଶ୍ରେଷ୍ଠ ; ସେହେତୁ ଶ୍ରୀମଦ୍ଭାଗବତ ପରମ-ରସମଯ ଗ୍ରହ ଏବଂ ଏହି ଶ୍ରବଣେର ଶକ୍ତି-ଶ୍ରୁତି ଏକଟା ବିଶେଷ ଶକ୍ତି ଆହେ । ନାମ, ରୂପ, ଗୁଣ, ପରିକର ଓ ଲୀଲା—ଇହାଦେର ଯେ କୋନ୍ତେ ଏକଟାର ଶ୍ରବଣେ, ଅଥବା ଯେ କୋନ୍ତେ କ୍ରମାନୁସାରେ ଦୁଇଟି ବା ତିନଟିର ଶ୍ରବଣେଓ ପ୍ରେମ ଲାଭ ହିଁତେ ପାରେ ସତ୍ୟ ; ତଥାପି କିନ୍ତୁ ନାମେର ପର ରୂପ, ରୂପେର ପର ଗୁଣ, ଗୁଣେର ପର ପରିକର ଏବଂ ପରିକରେର ପର ଲୀଲାର କଥା ଶ୍ରବଣେର ଏକଟା ବିଶେଷ ସ୍ଵବିଧା ଓ ଉପକାରିତା ଆହେ । ପ୍ରଥମତଃ ନାମ-ଶ୍ରବଣେ ଅନୁଷ୍ଠାନ-ଶ୍ରୁତି ହିଁଯା ଥାକେ ; ଶୁଦ୍ଧିଷ୍ଟଃକରଣେ ରୂପେର କଥା ଶୁଣିଲେଇ ଚିତ୍ତେ ଶ୍ରୀକୃଷ୍ଣରୂପଟୀ ଉଦିତ ହିଁତେ ପରେ ; ଚିତ୍ତେ ଶ୍ରୀକୃଷ୍ଣରୂପଟୀ ସମୟକରୂପେ ଉଦିତ ହିଁଲେ ପରେ ଯଦି ଗୁଣେର କଥା ଶୁଣା ଯାଯ, ତାହା ହିଁଲେଇ ଚିତ୍ତେ ଯେ ସମସ୍ତ ଗୁଣ ଶୁଣିତ ହିଁତେ ପାରେ ; ଗୁଣ ଶୁଣିତ ହିଁଲେଇ ପରିକରଦେର କଥା ଶ୍ରବଣ କରାର ସ୍ଵବିଧା ; କାରଣ, ଗୁଣ ଶୁଣିତ ହିଁଲେଇ ପରିକରଦେର ବୈଶିଷ୍ଟ୍ୟରେ ଗୁଣ-ବୈଶିଷ୍ଟ୍ୟ ଶୁଣିତ ହୁଏ ; ଏହିରୁପେ ନାମ, ରୂପ, ଗୁଣ ଏବଂ ପରିକର-ବୈଶିଷ୍ଟ୍ୟ ଶୁଣିତ ହିଁଲେଇ ଚିତ୍ତେ ସମୟକରୂପେ ଲୀଲାର ଶୁଣିତ ହିଁତେ ପାରେ ।

କୀର୍ତ୍ତନ—ନାମ-ରୂପ-ଗୁଣ-ପରିକର-ଲୀଲାକଥାର କୀର୍ତ୍ତନ । ଏହିଲେଇ ଶ୍ରବଣେର ଶାୟ ନାମ-ରୂପାଦିର ଯଥାକ୍ରମେ କୀର୍ତ୍ତନ ବିଶେଷ ଉପକାରୀ । ନାମକୀର୍ତ୍ତନ ଉତ୍ତେଷ୍ମରେ କରାଇ ଅନ୍ତ୍ସ—“ନାମକୀର୍ତ୍ତନକ୍ଷେତ୍ରମୁକ୍ତେରେ ପ୍ରଶନ୍ତମ—କ୍ରମସନ୍ଦର୍ଭେ ଶ୍ରୀଜୀବ ।” କିନ୍ତୁ ନାମକୀର୍ତ୍ତନ କରିଲେ କୁଷପ୍ରେମ ଜନିତେ ପାରେ, ତୁଳାଦିପି ଶ୍ଲୋକେ ଶ୍ରୀମଦ୍ଭାଗବତ ତାହା ବଲିଯା ଗିଯାଛେନ । ୩୨୦।୧୬-୨୧ ପଯାରେର ଟୀକା ଦ୍ରଷ୍ଟବ୍ୟ । କଲିକାଲେ ନାମକୀର୍ତ୍ତନି ବିଶେଷ ପ୍ରଶନ୍ତ । “ନାମଶକ୍ତିର୍ମଲୀ ପରମ ଉପାୟ । ୩୨୦।୭ । ଭଜନେର ମଧ୍ୟେ ଶ୍ରେଷ୍ଠ—ନବବିଧା ଭକ୍ତି । କୁଷପ୍ରେମ କୁଷ ଦିତେ ଧରେ ମହାଶକ୍ତି । ତାର ମଧ୍ୟେ ସର୍ବଶ୍ରେଷ୍ଠ ନାମଶକ୍ତିର୍ମଲୀ । ୩୪୬।୬୬ ।” ଯେହେତୁ, “ନବବିଧା ଭକ୍ତି ପୂର୍ଣ୍ଣ ହୁଏ ନାମ ହେତେ ।” ନାମକୀର୍ତ୍ତନ-ସମ୍ବନ୍ଧେ ଦେଶ-କାଳାଦିର ନିୟମରେ ନାହିଁ । “ଥାଇତେ ଶୁଣିତ ଯଥା ନାମ ଲାଗ । କାଳ-ଦେଶ-ନିୟମ ନାହିଁ ସର୍ବଗିନ୍ଦ୍ରିୟ ହୁଏ । ୩୨୦।୧୪ ।” ନାମ-କୀର୍ତ୍ତନ-ସମ୍ବନ୍ଧେ କାଳ-ଦେଶାଦିର ନିୟମ ନା ଥାକିଲେଇ କଲିତେ ନାମକୀର୍ତ୍ତନେର ପ୍ରଶନ୍ତମାତ୍ରାନ୍ତରେ ହେତୁ ଏହି ଯେ—“ସର୍ବତ୍ରେ ସୁଗୋ ଶ୍ରୀମଦ୍ଭାଗବତ ସମାନମେବ ସାମର୍ଥ୍ୟଃ କଲୋ ତୁ ଶ୍ରୀଭଗବତ କୁପଯା ତଦ୍ରାହତେ, ଇତ୍ୟପେକ୍ଷିତେ ତତ୍ତ୍ଵ-ପ୍ରଶନ୍ତି ହେତୁ—କଲ ସୁଗୋ କୀର୍ତ୍ତନେର ସମାନ ସାମର୍ଥ୍ୟ ; କଲିତେ ଶ୍ରୀଭଗବାନ୍ ନିଜେଇ କୁପା କରିଯା ତାହା ଗ୍ରହଣ କରାନ, ଏହି ଅପେକ୍ଷାତେଇ କଲିତେ କୀର୍ତ୍ତନେର ପ୍ରଶଂସା ( କ୍ରମସନ୍ଦର୍ଭ ଶ୍ରୀଜୀବ ) ।” ଭଗବାନ୍ କଲିଯୁଗେ ଦୁଇଭାବେ ନାମ ପ୍ରଚାର କରେନ । ପ୍ରଥମତଃ, ଯୁଗାବତାର-ରୂପେ । କଲିଯୁଗେ ଧର୍ମହିତ ହିଁଲ ନାମ-ଶକ୍ତିର୍ମଲ ; ସାଧାରଣ କଲିତେ ଯୁଗାବତାର-ରୂପେଇ ଭଗବାନ୍ ନାମ-ଶକ୍ତିର୍ମଲ ପ୍ରଚାର କରେନ, ନାମ ବିତରଣ କରେନ । ଏହିରୁପେ

## গোপ-কৃপা-তরঙ্গী-টীকা।

শ্রীভগবান् কর্তৃক নাম বিতরিত হয় বলিয়া কলিয়গে নামের বৈশিষ্ট্য। দ্বিতীয়তঃ, বিশেষ কলিতে—স্বয়ংভগবান् শ্রীকৃষ্ণ যে দ্বাপরে অবতীর্ণ হন, তাহার অব্যবহিত পরবর্তী কলিতে—স্বয়ংভগবান् ব্রজেন্দ্র-নন্দন তাহার কৃপাশক্তিকে পূর্ণতম-ক্লপে বিস্তারিত করিয়া এইক্লপ বিশেষ কলিতেই আপামর-সাধারণকে হরিনাম গ্রহণ করাইয়া থাকেন, অন্ত কোনও যুগে এইক্লপ করেন না—ইহা এইক্লপ বিশেষ কলিতে হরিনামের অপূর্ব বৈশিষ্ট্য। পরমকৃপালু শ্রীমন্মহাপ্রভু নিজে এবং তাহার পার্ষদগণের দ্বারা অপামর সাধারণকে নামগ্রহণ করাইবার সময়ে নামের সঙ্গে নামগ্রহণকারীর মধ্যে স্বীয় কৃপাশক্তি সঞ্চারিত করিয়া থাকেন, যাহার প্রভাবে নামগ্রহণকারী অবিলম্বেই নামের মুখ্য ফল অনুভব করিতে সমর্থ হয়—ইহা কলিতে হরিনামের দ্বিতীয় বিশেষত্ব। এই বৈশিষ্ট্য অন্ত কোনও যুগে সম্ভব হয় না; কারণ, অন্য কোনও যুগে শ্রীচৈতন্য আত্মপ্রকট করেন না। মহাভাবময়ী শ্রীরাধার্হ পূর্ণতম প্রেম-ভাণ্ডারের একমাত্র অধিকারিণী; নিজে সেই প্রেম-ভাণ্ডারের আস্তাদন করিয়া আপামর সাধারণকে তাহার আস্তাদন পাওয়াইবার সঙ্গে লইয়াই শ্রীরাধার নিকট হইতে ঐ প্রেম-ভাণ্ডার গ্রহণ করিয়া স্বয়ং ব্রজেন্দ্র-নন্দন শ্রীকৃষ্ণচন্দ্র শ্রীরাধাকৃষ্ণ-যুগলিত-বিশ্বাহ শ্রীচৈতন্যক্লপে বিশেষ কলিতে আত্মপ্রকট করিয়া থাকেন এবং এই প্রেম আস্তাদনের মুখ্য উপায়স্বরূপ নাম বিতরণ করিবার ও করাইবার সময়ে নামকে প্রেমমণ্ডিত করিয়া দিয়া থাকেন। প্রেমময়বপু শ্রীমন্মহাপ্রভুর শ্রীমুখোদ্গীর্ণ নাম প্রেমামৃত-বিমণিত, পরমযথুর, অচিক্ষিতসম্পন্ন; শ্রীমন্মহাপ্রভুর অপ্রকটের পরেও জীবের মন্দলের নিমিত্ত প্রচারিত তাহার শ্রীমুখোচ্চারিত নাম পরম-শক্তিশালী—ইহা কলিতে নামের অপূর্ব বৈশিষ্ট্য। এসমস্ত কারণে কীর্তনকারীর প্রতি নামের কৃপা কলিতে যত সহজে হয়, অন্ত কোনও যুগে তত সহজে হয় না। “অতএব যত্পূর্ব ভক্তিঃ কলো কর্তব্যা, তদা তৎসংযোগেনৈবেত্যন্তম্—এজগ্রাহ কলিতে যদি অন্ত ভজনান্তের অনুষ্ঠান করিতেও হয়, তাহা হইলেও নাম-সঙ্কীর্তনের সংযোগেই তাহা করিবে। শ্রীজীব।” কিন্তু সাধককে দশটী নামাপরাধ হইতে নিজেকে রক্ষা দ্বারিয়া নামকীর্তন করিতে হইবে, নচেৎ নাম অভীষ্টফল—প্রেম—প্রদান করিবে না। ( ২১২২৬৩ পঞ্চারের টীকায় নামাপরাধের বিবরণ দ্রষ্টব্য )। অপরাধ থাকিলে নাম-কীর্তন করা সত্ত্বেও প্রেমের উদয় হয় না। “হেন কৃষ্ণনাম যদি লয় বহুবার। তবে যদি প্রেম নহে, নহে অশ্রদ্ধার ॥ তবে জানি অপরাধ আছয়ে প্রচুর। কৃষ্ণনাম বীজ তাহে না হয় অঙ্গুর ॥ ( ১৮২৫-২৬ )” নামাপরাধ থাকিলে যাহার নিকটে অপরাধ, তিনি ক্ষমা করিলে, কিন্তু অবিশ্বাস্ত নামকীর্তন করিলেই সেই অপরাধের থগন হইতে পারে। “মহদপরাধশ্চ ভোগ এবং নিবর্তক সুদমুগ্রহেৰ্বা—মহত্ত্বের নিকটে অপরাধ হইলে ভোগের দ্বারা অথবা তাহার অনুগ্রহদ্বারাই তাহার ক্ষয় হইতে পারে। ক্রমসন্দর্ভ।” নিজের দৈত্য গ্রাকাশ, স্বীয় অভীষ্টের বিজ্ঞপ্তি, স্তবপাঠাদিও এই কীর্তনেরই অন্তর্ভুক্ত ( শ্রীজীব )।

স্মরণম—লীলাস্মরণ। নামকীর্তনাপরিত্যাগেন স্মরণঃ কৃৰ্যাঃ—নামসঙ্কীর্তন পরিত্যাগ না করিয়া, নাম-সঙ্কীর্তনের সঙ্গে সঙ্গেই স্মরণ করিবে—শ্রীভগবানের লীলাদির চিত্তা করিবে। স্মরণের পাঁচটী স্তর—স্মরণ, ধারণা, ধ্যান, ধ্রুবাহুস্থৃতি ও সমাধি। স্মরণ—শ্রীভগবন্নীলাদিসম্বন্ধে যৎকিঞ্চিত্ব অনুসন্ধান। ধারণা—অন্ত সমস্ত বিষয় হইতে চিন্তকে আকর্ষণ করিয়া ভগবন্নীলাদিতে সামাজিকারে মনোধারণ হইল ধারণা। ধ্যান—বিশেষক্লপে কৃপাদির চিন্তনকে ধ্যান বলে। ধ্রুবাহুস্থৃতি—অমৃত-ধারার ছায় অবিচ্ছিন্নভাবে যে চিন্তন, তাহার নাম ধ্রুবাহুস্থৃতি। সমাধি—ধ্যেয়মাত্রের স্ফূরণকে বলে সমাধি। লীলাস্মরণে যদি কেবল লীলারই স্ফূর্তি হয়, অন্ত কিছুর স্ফূর্তি লোপ পাইয়া যায়, তবে তাহাকেও সমাধি ( বা গাঢ় আবেশ ) বলে; দাশস্থ্যাদি ভাবের স্ফূর্তদেরই এই জাতীয় সমাধি হইয়া থাকে। আর পূর্বোক্ত ধ্যেয় মাত্রের ( উপাস্ত শ্রীকৃষ্ণস্বরূপাদির ) স্ফূরণজনিত সমাধি প্রায়শঃ শাস্ত্রভক্তদেরই হইয়া থাকে। রাগামু-গামার্গে লীলা-স্মরণেরই মুখ্যত্ব। স্মরণসঙ্গের বিশেষত্ব এই যে, মনের যোগ না থাকিলে স্মরণসঙ্গের অনুষ্ঠান একেবারেই অসম্ভব এবং মনের যোগই ভজনকে সোসম্ভব দান করিয়া সফল করে। শ্রীলঠাকুর মহাশয় বলিয়াছেন—“সাধন স্মরণ লীলা। \* \* মনের স্মরণ প্রাণ। ( প্রেমভক্তিচন্দ্রিকা )।” প্রাণহীন দেহ যেমন শৃগাল-কুকুরাদির আক্রমণের বিষয় হয়, তদ্বপ ভগবৎ-স্মৃতিহীন মনও কাম-ক্রোধাদির ক্রীড়ানিকেতন হইয়া পড়ে। যাহা হউক, স্মরণে মনঃসংযোগের

## ଗୌର-କୃପା-ତରଙ୍ଗିଣୀ ଟୀକା ।

একান্ত প্রয়োজন ; মন শুন্দি না হইলে মনঃসংযোগ সম্ভব হয় না ; অগ্রাণ্য অঙ্গ এবং পুনঃ পুনঃ চেষ্টার ফলে আরণ্যাঙ্গও চিন্তশুক্রির সহায়তা করিয়া আরণ্যাঙ্গের সুষ্ঠু অমুষ্ঠানের সহায়তা করে ।

পাদসেবমং—চরণ সেবা। কিন্তু সাধকের পক্ষে শ্রীভগবানের চরণসেবা সম্ভব নহে বলিয়া পাদ-শব্দে এস্থলে চরণ না বুঝাইয়া অন্ত অর্থ বুঝায়। এস্থলে পাদ-শব্দে ভক্তি-শ্রদ্ধাদি বুঝায়। শ্রীজীবগোস্মামী বলেন—“পাদসেবায়াং পাদশব্দে। ভক্তৈব নির্দিষ্টঃ। ততঃ সেবায়াং সাদরস্তং বিধীয়তে।” পাদসেবা-শব্দে সেবায় সাদরস্ত—খুব শ্রীতির সহিত সেবা—বুঝাইতেছে। শ্রীমুর্তির দর্শন, স্পর্শন, পরিক্রমা, অশুব্রজন, ভগবন্নান্দিরে বা গঙ্গা, পুরুষোত্তম ( শ্রীক্ষেত্র ), দ্বারকা, মথুরাদি তীর্থস্থানাদিতে গমন, মহোৎসব, বৈষ্ণবসেবা, তুলসীসেবা প্রভৃতিও পাদসেবার অন্তর্ভুক্ত ( ক্রমসম্বর্তে শ্রীজীব )।

অর্চনং—পূজা। ক্রমসন্দর্ভে শ্রীজীবগোস্মামী বলেন—“শ্বেত-কীর্তনাদি নববিধি ভজ্ঞির যে কোনও এক অঙ্গের অনুষ্ঠানেই যখন পূরুষার্থ সিদ্ধি হইতে পারে এবং শ্রীবিষ্ণোঃ শ্রবণে পরীক্ষিদিত্যাদি তত্ত্বসমান্বিতসিদ্ধুর ( ১২১ ১২২ ) বচনে যখন তাহার প্রমাণও পাওয়া যায় ; তখন শ্রীভাগবতমতে—পঞ্চরাত্রাদিবিহিত অর্চনাগার্ণের অত্যাৰশ্বকতা নাই। তথাপি, যাহারা শ্রীনারদাদি কথিত পছার অমুসুরণ করিতে ইচ্ছুক, তাহাদের পক্ষে অর্চনাঙ্গের আবশ্যকতা আছে ; কারণ, শ্রীগুরুদেব দীক্ষাবিধানের দ্বারা শ্রীভগবানের সহিত তাহাদের যে সম্বন্ধের স্থচনা করিয়াছেন, শ্রীনারদবিহিত অর্চনাঙ্গের অনুষ্ঠানে তাহা পরিষ্কৃত হইতে পারে।” অর্চন দুই বকমের ; বাহু ও মানস ; যথাপ্রতি উপাচারাদি সংগ্রহ করিয়া দেবালয়াদিতে শ্রীমূর্তি-আদিৰ যথাবিহিত পূজাই বাহপূজা। আৱ কেবল মনে মনে যে পূজা, তাহার নাম মানস-পূজা ; মানস-পূজার উপকরণাদি মনে মনেই সংগ্রহ করিতে হয় ; মনে করিতে হয়—“সপৰিকৰ শ্রীকৃষ্ণ সাক্ষাতে উপস্থিত ; তাহারই সাক্ষাতে আমিও উপস্থিত থাকিয়া পাত্নি-অর্ধ্যাদি দ্বারা তাহার সেবা করিতেছি, স্বর্ণথালাদিতে যথেচ্ছত্বাবে উপকরণাদি সজ্জিত করিয়া তদ্বারা তাহার পূজা করিতেছি, তাহার আৱতি-আদি করিতেছি, তাহাকে চামৰ-ব্যজন করিতেছি, দণ্ডবৎ-নতি পরিক্রমাদিও করিতেছি—ইত্যাদি।” বাহ পূজার পূৰ্বে মানস-পূজার বিধি আছে ; স্বতরাং মানস-পূজ। অর্চনেরই একটি অঙ্গ—মানস-পূজাই অর্চনাঙ্গের সামগ্র্য দান করে। শিলাময়ী, দারুময়ী, ধাতুময়ী, বালুকাময়ী, মণ্ডয়ী, লেখ্যা বা চিত্রপটাদি, মণিময়ী এবং মনোময়ী—এই আট বকমের শ্রীমূর্তিৰ মধ্যে মনোময়ী শ্রীমূর্তিটী কোনও পরিদৃশ্যমান বস্তুদ্বারা গঠিত নহে ; শান্তাদিতে শ্রীকৃষ্ণকৃপের যে বর্ণনা আছে, তদমূর্যায়ী মনে চিহ্নিত শ্রীকৃষ্ণমূর্তিই এই মনোময়ী শ্রীমূর্তি—মানসীমূর্তি। শ্রীমূর্তি পূজার উপলক্ষ্যে এই মনোময়ীমূর্তি-পূজার বিধি থাকাতে বাহপূজাব্যূতীত স্বতন্ত্রত্বাবে কেবল মানস-পূজার বিধি ও পাওয়া যাইতেছে ; ক্রমসন্দর্ভে মানস-পূজা সম্বন্ধে শ্রীজীব-গোস্মামীও লিখিয়াছেন—“এমা কচিং স্বতন্ত্রাপি ভৰতি। মনোময্যা মূর্ত্তেরষ্টমতয়া স্বাতন্ত্র্যেণ বিধানান্ত। অর্চাদৌ দুদয়ে বাপি যথালক্ষে পচারকৈ রিত্যাবিৰ্হোত্বচনে বা শক্তান্ত।” এই সমস্ত প্রমাণ হইতে বাহপূজা না করিয়া কেবলমাত্র মানস-পূজার বিধি ও পাওয়া যায়। মানস-পূজার মাহাত্ম্য সম্বন্ধে ব্রহ্মবৈবর্তপুরাণের একটি উপাখ্যান শ্রীজীবগোস্মামী ক্রমসন্দর্ভে বিবৃত করিয়াছেন। তাহা এই। প্রতিষ্ঠানপুরে এক বিপ্র ছিলেন ; অত্যন্ত দুরিত্ব ; স্বীয় কৰ্মকল মনে করিয়া এই দারিদ্র্যকে তিনি শান্তচিত্তেই বহন করিতেন। এই সরদাবুদ্ধি বিপ্র একদিন এক প্রাঙ্গণ-সভায় বৈষ্ণব-ধর্মের বিবরণ শুনিলেন ; প্রমস্তুতে তিনি শুনিলেন—“তে চ ধৰ্ম্মা মনসাপি সিদ্ধান্তি—সেই বৈজ্ঞানিক কেবল মনের দ্বারাও সিদ্ধ হইতে পারে।” ইহা শুনিয়া তিনিও মানস-পূজাদি করিতে ইচ্ছুক হইলেন। তিনি প্রত্যহ গোদাবরীতে স্নান করিয়া নিত্যকৰ্ম্ম সমাপন পূর্বক মন স্থির করিয়া মনে মনে শ্রীহরিমূর্তি স্থাপন পূর্বক মানস-পূজায় প্রবৃত্ত হইতেন ; তিনি মনে করিতেন—তিনি নিজেও যেন রেশমীবস্ত্র পরিয়াছেন, শ্রীমন্দির-মার্জনাদি করিতেছেন ; তারপর স্বর্গ-রোপ্য কলসে সমস্ত তীর্থের জল আনিয়া তাহাতে সুগন্ধি দ্রব্যাদি মিশ্রিত করিয়া এবং অপর নানা বিধি পরিচর্যার দ্রব্য আনিয়া শ্রীমূর্তিৰ স্নানাদি করাইয়া মণিরত্নাদি দ্বারা বেশভূষা করাইতেছেন ; তারপর আৱত্তিকাদি করিয়া মহারাজোপচারে ভোগৱাগাদি দিয়া পৰম পরিতোষ দ্বারা করিতেন। দিনের পৰ দিন এই ভাবে বিপ্রের ভজন চলিতে লাগিল। এইরূপে বহুকাল অতিবাহিত হইল। একদিন তিনি মনে মনে স্বত-সমষ্টি

শ্রবণ-কীর্তন-হৈতে কৃষ্ণে হয় প্রেম।

। সেই পরম পুরুষার্থ—পুরুষার্থসীমা ॥ ২৪১

## গৌর-কৃপা-তরঙ্গী টীকা।

পরমাম প্রস্তুত করিয়া স্বর্ণথালায় তাহা ঢালিয়া ( মনে মনে ) শ্রীহরির ভোজনের নিমিত্ত থালাথানা হাতে ধরিয়া উঠাইতে গিয়া বুবিতে পারিলেন যে, পরমাম অত্যন্ত গরম। যে পরিমাণ গরম হইলে ভোজনের উপযোগী হইতে পারে, তদপেক্ষা অধিক গরম কিনা—তাহা পরীক্ষা করিবার নিমিত্ত যেই মাত্র তিনি মনে মনে পরমাম্বের মধ্যে আঙ্গুল দিলেন, তৎক্ষণাৎই তাহার আঙ্গুল পুড়িয়া গেল বলিয়া তাহার মনে হইল ( এ সমস্তই কিন্তু মনে মনে হইতেছে )। আঙ্গুল পুড়িয়া যাওয়ায়, পোড়া অঙ্গুলের স্পর্শে পরমাম নষ্ট হইয়া গেল—ভাবিতেই তাহার আবেশ ছুটিয়া বাহুকুর্তি হইল; বাহুজ্ঞান ফিরিয়া আসার পরে তিনি দেখিলেন—তাহার যথাবস্থিত দেহের আঙ্গুল পুড়িয়া গিয়াছে, সেই আঙ্গুলে বেশ বেদনাও অনুভূত হইতেছে। এদিকে শ্রীনারায়ণ বৈকুণ্ঠে বসিয়া বিশ্বের এসমস্ত ব্যাপার জানিয়া একটু হাসিলেন; তাহার হাসি দেখিয়া লক্ষ্মীদেবী হাসির কারণ জিজ্ঞাসা করিলে ভক্তবৎসল-শ্রীনারায়ণ বিমান পাঠাইয়া সেই বিপ্রকে বৈকুণ্ঠে আনাইয়া লক্ষ্মী-আদিকে দেখাইলেন এবং তাহার ভজনে তৃষ্ণ হইয়া বিপ্রকে বৈকুণ্ঠেই স্থান দান করিলেন।

অর্চনাম্বের সাধনে সেবাপরাধাদি বর্জন করিতে হইবে। অর্চনাম্বের বিধি এবং সেবাপরাধাদির বিবরণ শ্রীহরিভক্তবিলাসাদিতে দ্রষ্টব্য। ২১২১৬৩-পয়ারের টীকায় সেবাপরাধের বিবরণ দ্রষ্টব্য।

**বন্দনং—নমস্কার।** বস্তুতঃ ইহা অর্চনেরই অস্তুর্ভূত; তথাপি বন্দনাদির অত্যধিক মাহাত্ম্যশতঃ বন্দনও একটী স্বতন্ত্র অঙ্গনাপে কীর্তিত হইয়াছে। এক হস্তে, বন্দ্রাবৃতদেহে, শ্রীমূর্তির অগ্রে, পশ্চাতে বা বামভাগে নমস্কারাদি করিলে অপরাধ হয়। অর্চনাম্বের স্থায় বন্দনেও অপরাধ-বিচার আছে।

**দাস্তুং—আমি শ্রীকৃষ্ণের দাস—** এইরূপ অভিমানের সহিত তাহার দেবা। এইরূপ অভিমান না থাকিলে ভজন সিদ্ধ হয় না। “অস্ত তাবত্ত্বজনপ্রয়াসঃ কেবলতাদৃশস্ত্বাভিমানেনাপি সিদ্ধির্বত্তি—ক্রমসন্দর্ভ।” পরিচর্যাদিদ্বারাই দাস্তু প্রকাশ পায়।

**সখ্য—বন্ধুবৎজ্ঞান।** শ্রীতগবান্ত অনস্ত ক্রিশ্যের অধিপতি হইলেও সাধক যদি তাহাকে স্বীয় বন্ধুর স্থায় মনে করেন, বন্ধুর স্থায় মনে করিয়া তাহার ( ভগবানের ) মঙ্গলের বা স্মৃথের নিমিত্ত চেষ্টা করেন, তাহা হইলেই ভগবানের প্রতি তাহার স্থথ্য প্রকাশ পায়। শ্রীস্ত্রের উত্তাপে উপাস্ত-দেবের খুব কষ্ট হইতেছে মনে করিয়া সাধক যদি তাহাকে ব্যজন করিতে থাকেন, চন্দনাদি স্রুগন্ধি ও শীতল দ্রব্যের যোগাড় করিয়া দেন, তাহা হইলেই বন্ধুর কাজ হইবে। দাস্তু অপেক্ষা সর্থোর বিশেষত্ব এই যে, সর্থো শ্রীতিমূলক বিশ্রান্ত—বিশ্বাসময় ভাব আছে।

**আভ্যন্তিবেদনং—শ্রীতগবানে আভ্যন্তর্মৰ্পণ।** আভ্যন্তর্মৰ্পণ করিলে নিজের জন্য আর কোনও চেষ্টাই থাকে না; দেহ, মন, প্রাণ সমস্তই শ্রীতগবানের কার্যেই নিয়োজিত হইয়া থাকে। যে ব্যক্তি তাহার গরু বিক্রয় করিয়া ফেলে, সে যেমন আর সেই গরুর ভরণ-পোষণাদির জন্য কোনওরূপ চেষ্টা করে না, তদ্রূপ যিনি ভগবানে আভ্যন্তর্মৰ্পণ করেন, তিনিও আর নিজের ভরণ-পোষণের নিমিত্ত স্বতন্ত্র ভাবে কোনও চেষ্টা করেন না।

২৪১। শ্রেষ্ঠ সাধনের কথা বলিয়া শ্রেষ্ঠ সাধ্যের কথা বলিতেছেন। শ্রীকৃষ্ণপ্রেমই শ্রেষ্ঠ সাধ্যবস্তু।

**শ্রবণ-কীর্তন হইতে ইত্যাদি—শ্রবণ-কীর্তনাদি ভক্তি-অঙ্গের অনুষ্ঠান করিতে করিতে চিত্ত শুন্দ হইলে হৃদয়ে শ্রীকৃষ্ণপ্রেমের আবির্ভাব হয়।** “নিত্যসিদ্ধ কৃষ্ণপ্রেম সাধ্য কভু নয়। শ্রবণাদি-শুন্দচিত্তে করয়ে উদয়। ২১২১৫৭।” সেই পরম পুরুষার্থ—সেই প্রেমই পরম ( বা সর্বশেষ ) পুরুষার্থ ( বা জীবের কাম্য বস্তু )। ধৰ্ম, অর্থ, কাম ও মৌল্য এই চারিটীকে সাধারণতঃ চারি পুরুষার্থ বলে; এই চারিটী পুরুষার্থ হইতেও শ্রেষ্ঠ হইল কৃষ্ণপ্রেম; এজন্য কৃষ্ণপ্রেমকে পরম-পুরুষার্থ বলা হইয়াছে। কোনও কোনও গ্রন্থে “পরমপুরুষার্থ”-স্থলে “পঞ্চম পুরুষার্থ”-পাঠ দৃষ্ট হয়; অর্থ এই—ধৰ্ম-অর্থাদি চারিটী পুরুষার্থের পরে কৃষ্ণপ্রেম হইল পঞ্চম-পুরুষার্থ। **পুরুষার্থ-সীমা—পুরুষার্থের**

তথাহি ( ভা: ১১২।৪০ )—

এবং ব্রতঃ স্বপ্নিযনামকীর্ত্ত্য।  
জাতাহুরাগো দ্রুতচিত্ত উচ্চেঃ।  
হস্তযথো রোদিতি রোতি গায়-  
ত্যনাদবন্ধু ত্যতি লোকবাহুঃ ॥ ২০ ॥  
কর্ম্মত্যাগ কর্ম্মনিন্দা—সর্ববশাস্ত্রে কহে।  
কর্ম্ম হৈতে কুষ্ঠপ্রেমভক্তি কভু নহে ॥ ২৪২

তথাহি ( ভা: ১১।১।৩২ )—

আজ্ঞাহৈবঃ গুণান্ম দেৰান্ম যয়াদিষ্টানপি স্বকান্ম  
ধৰ্মান্ম সন্ত্যজ্য যঃ সর্বান্ম মাং ভজেৎ স চ সন্তমঃ ॥ ২১

তথাহি ভগব্দগীতায়ান্ম ( ১৮।৬৬ )—

সর্বধৰ্মান্ম পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ ।

অহং স্তাং সর্বপাপেভ্যো মোক্ষযিষ্যামি মা শুচঃ ॥ ২২

গৌর-কৃপা-তরঙ্গী-টাকা ।

শেষসীমা ; যাহার পরে আর কোনও পুরুষার্থ ( বা জীবের কাম্যবস্ত ) থাকিতে পারে না, শ্রীকৃষ্ণপ্রেমই সেই পুরুষার্থ। সমগ্র বিশ্বব্রহ্মাণ্ডের এবং সমগ্র অগ্রাহ্যত জগতের—সমস্ত ভগবৎ-স্বরূপাদিরও—আশ্রয় হইলেন শ্রীকৃষ্ণ ; প্রেমদ্বারা সেই শ্রীকৃষ্ণকে পাওয়া যায় ; শ্রীকৃষ্ণকে পাইলে পাওয়ার বাকী আর কিছুই থাকে না ; তাহি এতাদৃশ শ্রীকৃষ্ণপ্রাপ্তির উপায়স্বরূপ প্রেমই হইল পুরুষার্থসীমা । ভূমিকায় “পুরুষার্থ”-প্রবন্ধ দ্রষ্টব্য ।

শ্রবণ-কীর্তনাদি ভজনাঙ্গের অনুষ্ঠান করিতে করিতে যে প্রেম লাভ হয়, তাহার প্রমাণক্রমে নিম্নে “এবং ব্রতঃ” ইত্যাদি শ্লোকটি উন্নত হইয়াছে ।

শ্লো । ২০ । অষ্টম । অষ্টাব্দি ১৭।৪ শ্লোকে দ্রষ্টব্য ।

শ্রীমদ্বাগবতের উক্তশ্লোকের পূর্ববন্তীশ্লোকে “শৃগন্ম স্বতদ্বাণি রথাঙ্গপাণের্জন্মানি কর্মাণি চ যানি লোকে । গীতানি নামানি তদর্থকানি গায়ন্ম বিলজ্জো বিচরেদসম্পঃ ॥”—ইত্যাদি বাক্যে শ্রবণ-কীর্তনের উপদেশ করা হইয়াছে ; এই শ্রবণ-কীর্তনের ফলে যাহা হয়, তাহাই “এবং ব্রতঃ”-শ্লোকে বিবৃত হইয়াছে ; কুষ্ঠপ্রেম জন্মিলে ভজ্বের যে অবস্থা হয়, তাহাই “এবং ব্রত”-শ্লোকে বলা হইয়াছে ; স্বতরাং শ্রবণ-কীর্তনাদির ফলে যে কুষ্ঠপ্রেম জন্মে, তাহাই “এবং ব্রতঃ”-শ্লোকে বলা হইল ।

২৪২ । শ্রীমন্মহাপ্রভু শ্রবণ-কীর্তনাদির সাধনত্বাপন করিয়া এক্ষণে তত্ত্বাদী-আচার্যের ( ২৩৮ পয়ারোক্ত ) মত খণ্ডন করিতেছেন । আচার্য বলিয়াছিলেন—বর্ণশ্রমধর্মের কুষ্ঠে সমর্পণই ( অর্থাৎ কুষ্ঠে কর্মাপর্ণই ) শ্রেষ্ঠ সাধন । প্রভু বলিতেছেন—“আচার্য ! তুমি কুষ্ঠে কর্মাপর্ণকে কুষ্ঠভক্তির শ্রেষ্ঠ সাধন বলিতেছ ; কিন্তু শাস্ত্র তাহা বলেন না ; শাস্ত্রে বরং কর্মের নিন্দা এবং কর্মত্যাগের প্রশংসনার কথাই শুনা যায় ; কারণ, কর্মদ্বারা কখনও প্রেমভক্তি পাওয়া যায় না ।”

কর্ম্মত্যাগ—কর্ম্মে ( বা বর্ণশ্রমধর্মে ) বন্ধন জন্মে বলিয়া এবং কর্ম্মে স্বস্তুখামুসন্ধান আছে বলিয়া—বিশেষতঃ ইহা ভক্তির অঙ্গ নহে বলিয়া—শাস্ত্র কর্ম্মত্যাগ করার কথাহি বলেন । পরবর্তী ২১, ২২, ২৩ শ্লোক ইহার প্রমাণ । কর্ম্মনিন্দা—কর্ম্ম ভক্তির অঙ্গ নহে বলিয়া, আধিক্য ইহা স্বস্তুখামুসন্ধানমূলক বলিয়া শাস্ত্র কর্ম্মের নিন্দা করিয়াছেন । রায়-রামানন্দের সহিত সাধ্য-সাধনতত্ত্ব বিচারে শ্রীমন্মহাপ্রভু কর্ম্মকে এবং কুষ্ঠে কর্মাপর্ণকেও “এহো বাহ” বলিয়াছেন । ২৮।৫৫-৫৬ পয়ারের টাকা দ্রষ্টব্য ।

শাস্ত্র কর্ম্মত্যাগ ও কর্ম্মনিন্দার কথা বলেন কেন, তাহার হেতু বলিতেছেন “কর্ম্ম হৈতে” ইত্যাদি বক্যে । কর্ম্ম হৈতে ইত্যাদি—কর্ম্মদ্বারা কুষ্ঠপ্রেম পাওয়া যায় না বলিয়াই শাস্ত্র কর্ম্মকে নিন্দা করেন এবং কর্ম্মত্যাগের উপদেশ দিয়া থাকেন ।

এই পয়ারোক্তির প্রমাণক্রমে নিম্নে তিনটী শ্লোক উন্নত হইয়াছে ।

শ্লো । ২১-২২ । অষ্টম । অষ্টাব্দি ২৮।৬-৭ শ্লোকে দ্রষ্টব্য ।

তথাহি ( ভাৰ ১১২০৯ )—  
তাৰৎ কৰ্মাণি কুৰৰীত ন নিৰ্বিঘেত যাবতা।  
মৎকথা-শ্রবণাদো বা শ্ৰদ্ধা যাবন্ন জায়তে ॥ ২৩

পঞ্চবিধ মুক্তি ত্যাগ কৰে ভক্তগণ।  
ফল্প কৰি মুক্তি দেখে নৱকেৰ সম ॥ ২৪৩

শ্রোকেৰ সংস্কৃত টীকা।

সাৰধিং কৰ্ম্যোগমাহ তাৰদিতি নৱতিঃ। কৰ্মাণি নিত্যনৈমিত্তিকানি। যাবতা যাবৎ। স্বামী।

গোৱ-কৃপা-তৱঙ্গী টীকা।

শ্লো । ২৩। অন্তঃয়। যাবতা ( যে পৰ্যন্ত ) ন নিৰ্বিঘেত ( নিৰ্বেদ অবস্থা না জন্মে ) বা ( অথবা ) যাবৎ ( যে পৰ্যন্ত ) মৎকথা-শ্রবণাদো ( কুষ্ঠকথা-শ্রবণাদিতে ) শ্ৰদ্ধা ( শ্ৰদ্ধা ) ন জায়তে ( না জন্মে ), তাৰৎ ( সে পৰ্যন্ত ) কৰ্মাণি ( কৰ্ম—নিত্য-নৈমিত্তিক কৰ্ম ) কুৰৰীত ( কৰিবে )।

অনুবাদ। উদ্ধবেৰ অতি শ্ৰীকুষ্ঠ বলিতেছেন—“যে পৰ্যন্ত নিৰ্বেদ অবস্থা না জন্মে, কিম্বা যে পৰ্যন্ত—আমাৰ কথা—শ্ৰীকুষ্ঠকথা—শ্রবণাদিতে শ্ৰদ্ধা না জন্মে, সে পৰ্যন্ত নিত্য-নৈমিত্তিক কৰ্মসমূহ কৰিবে।” ২৩

শ্ৰীগত্তোগবতে এই শ্লোকেৰ পূৰ্ববৰ্তী দুই শ্লোকে দুই বকম অধিকাৰীৰ কথা বলা হইয়াছে। প্ৰথমতঃ—নিত্যনৈমিত্তিক-কৰ্ম্মেতে নিৰ্বেদ জন্মিয়াছে বলিয়া ধাহারা কৰ্ম্মত্যাগ কৰিয়াছেন, তাহাদেৱ কথা ; জ্ঞানযোগহী ইহাদেৱ পক্ষে সিদ্ধি প্ৰদ। “নিৰ্বিশানাং জ্ঞানযোগে ত্বাসিনামিহ কৰ্ম্মমু।” শ্ৰীতা. ১১২০৭॥” দ্বিতীয়তঃ—কোনও মহাপুৰুষেৰ কৃপাৰ ফলে ভগবৎ-কথা-শ্রবণাদিতে ধাহাৰ শ্ৰদ্ধা জন্মিয়াছে, তাহাৰ কথা ; কৰ্ম্মবিষয়ে তিনি তখন আৱ অতি বিৱৰণও নহেন, অতি আসক্তও নহেন। এইকপ ব্যক্তিৰ পক্ষে ভক্তিযোগহী সিদ্ধি প্ৰদ। “যদৃচ্ছয়া মৎকথাদো জাতশ্রদ্ধস্ত যঃ পুৰানু।” ন নিৰ্বিশ্লো নাতিসক্তে ভক্তিযোগোহস্ত সিদ্ধিদঃ ॥ শ্ৰীতা, ১১২০৮॥”

জীব স্বভাৱতঃই কৰ্ম্মে আসক্ত ; সুতৰাং কৰ্ম্মে অধিকাৰ জীবেৰ পক্ষে স্বাভাৱিক। কিন্তু কত কাল পৰ্যন্ত এই কৰ্ম্মাধিকাৰ চলিবে—পূৰৰোক্ত দুই বকমেৰ অধিকাৰীৰ মধ্যে জীব কখনই বা জ্ঞানযোগেৰ অধিকাৰী হইতে পাৱে এবং কখনই বা ভক্তিযোগেৰ অধিকাৰী হইতে পাৱে—তাহাই এই শ্লোকে বলা হইয়াছে।

যে পৰ্যন্ত কৰ্ম্মে নিৰ্বেদ না জন্মিবে, কিম্বা যে পৰ্যন্ত ভগবৎ-কথা-শ্রবণাদিতে শ্ৰদ্ধা না জন্মিবে—সেই পৰ্যন্ত কৰ্ম্ম কৰিবে অৰ্থাৎ সেই পৰ্যন্তই কৰ্ম্মে অধিকাৰ—সেই পৰ্যন্তই কৰ্ম্ম কৰিতে হইবে। কৰ্ম্মে যখন নিৰ্বেদ জন্মে, তখন কৰ্ম্মত্যাগ কৰিয়া জ্ঞানযোগেৰ অনুষ্ঠান কৰিবে—তখনই সাধক জ্ঞানযোগেৰ অধিকাৰী হয়। কিম্বা, মহৎ-কৃপাদিৰ ফলে ভগবৎ-কথা-শ্রবণাদিতে যখন শ্ৰদ্ধা জন্মে, তখনও কৰ্ম্মত্যাগ কৰিবে, কৰিয়া ভক্তিযোগেৰ অনুষ্ঠান কৰিবে—তখনই সাধক ভক্তিযোগেৰ অধিকাৰী হইবেন। যাবতা—যে পৰ্যন্ত ন নিৰ্বিঘেত—নিৰ্বেদ না জন্মে ; কৰ্ম্মবিষয়ে নিৰ্বেদ না জন্মে ; নিষ্কাম কৰ্ম্মেৰ অনুষ্ঠান কৰিতে কৰিতে অন্তঃকৰণ শুন্ধ হইলে পৱ যে পৰ্যন্ত নিৰ্বেদ না জন্মে। নিৰ্বেদ—ইহলোকেৰ বা পৱলোকেৰ বিষয়াদিতে দুঃখবুদ্ধিজনিত বিৱৰণ ; কৰ্ম্মেৰ ফলে বন্ধন জন্মে বলিয়া—ইহলোকে ও পৱলোকে দুঃখ জন্মে বলিয়া—যাহা কিছু স্বৰূপ পাওয়া যায়, তাহাৰ দুঃখমিশ্রিত এবং পৱিণামে দুঃখময় বলিয়া—কৰ্ম্ম যে বিৱৰণি জন্মে, অশ্ৰদ্ধা জন্মে, তাহাই নিৰ্বেদ ; নিষ্কাম-কৰ্ম্মেৰ অনুষ্ঠান কৰিতে কৰিতে অন্তঃকৰণ শুন্ধ হইলেই এইকপ নিৰ্বেদ জন্মে ; এইকপ নিৰ্বেদ যে পৰ্যন্ত না জন্মিবে, সেই পৰ্যন্ত কৰ্ম্ম কৰিবে। নিষ্কাম কৰ্ম্ম কৰিতে কৰিতে চিত্তশুল্কি জন্মিলে যদি কোনও ভাগ্যবশতঃ মহৎ-কৃপা লাভ হয়, তাহা হইলে নিৰ্বেদ না জন্মিয়া ভগবৎ-কথা-শ্রবণাদিতে শ্ৰদ্ধা জন্মে ; এইকপ শ্ৰদ্ধা যে পৰ্যন্ত না জন্মে, সেই পৰ্যন্ত কৰ্ম্ম কৰিবে। শ্ৰদ্ধা—“শ্ৰদ্ধাশদ্দে কহিয়ে বিশ্বাস সুদৃঢ় নিশ্চয়। কুষ্ঠভক্তি কৰিলে সৰ্ব কৰ্ম্ম কৃত হয়।” ২১২২১০৭॥” শুন্ধভক্তেৰ সঙ্গপ্ৰভাৱে, শুন্ধভক্তেৰ কৃপাতেই এইকপ শ্ৰদ্ধা জন্মিতে পাৱে। শাস্ত্ৰবাক্যে সুন্ধ বিশ্বাসই শ্ৰদ্ধা।

২৪৩। তদ্বাদী আচাৰ্যেৰ কথিত সাধনেৰ খণ্ডন কৰিয়া একগে তাহার কথিত সাধ্যেৰ খণ্ডন কৰিতেছেন। তদ্বাদীদেৱ মতে পঞ্চবিধ-মুক্তি শ্ৰেষ্ঠসাধন ( ২০৮২০৯ ) ; কিন্তু প্ৰতু বলিতেছেন—ভক্তগণ পঞ্চবিধা মুক্তিৰ কোনও

ତଥାହି ( ଭାଃ ୬୨୯।୧୩ )—

ସାଲୋକ୍ୟସାହିତ୍ୟ-ସାମୀପ୍ୟ-ସାରପୈକସ୍ମପ୍ୟୁତ ।  
ଦୀଯମାନଂ ନ ଗୁରୁତ୍ୱ ବିନା ମୁମ୍ବେନଂ ଜନାଃ ॥ ୨୪

ତତ୍ତ୍ଵେବ ( ଭାଃ ୫୧୪।୪୪ )—

ଯୋ ଦୁଷ୍ଟଜାନ୍ କ୍ଷିତିଶ୍ଵତସ୍ଵଜନାର୍ଥଦାରାନ୍  
ପ୍ରାର୍ଥ୍ୟାଂ ଶ୍ରିୟଂ ସ୍ଵରବରୈଃ ସଦୟାବଲୋକାମ୍ ।  
ନୈଛନ୍ତିପଞ୍ଚତୁଚ୍ଛିତଃ ମହତାଂ ମଧୁଦ୍ଵିଟ-  
ଶେବାହୁରତ୍ତମନସାମଭବୋହପି ଫଳ୍ପଃ ॥ ୨୫

ଶୋକେର ସଂସ୍କରିତ ଟୀକା ।

ତଶ୍ରେବଂ ବିଷ୍ଵରତ୍ୟାଗୋ ନ ଚିତ୍ରମିତ୍ୟାହ ଯ ଏବଂ ଭୂତୋହ୍ସୌ ନୃପଃ ସ କିତ୍ୟାଦିନ୍ ନୈଛଦିତି ଯଥ ତତ୍ତ୍ଵଚିତଃ ସଦୟା-  
ବଲୋକାଂ ଭରତଶ୍ଵ ଦୟା ସଥା ଭବତି ଏମବଲୋକୋ ସଥା ହିତି ପରିଜନାବଲୋକଃ ଶ୍ରିୟାମୁପର୍ଯ୍ୟତେ ସତୋ ମଧୁଦ୍ଵିଷଃ ସେବାଯା-  
ମହୁରତ୍ତଃ ମନୋ ସେବାଂ ତେୟାଂ ମହତାଂ ଅଭବୋ ମୋକ୍ଷୋହପି ଫଳ୍ପ ସ୍ତର୍ଚ ଏବ । ସାମୀ । ୨୫

ଗୌର-କୃପା-ତରଞ୍ଜିଣୀ ଟୀକା ।

ମୁକ୍ତିଇ ଆକାଙ୍କ୍ଷା କରେନ ନା ; ତାହାରା ମୁକ୍ତିକେ ନରକତୁଳ୍ୟ ମନେ କରେନ ; କାରଣ, ମୁକ୍ତିତେ ଭଗବନ୍-ସେବା ନାହିଁ । କାଜେଇ  
ପଞ୍ଚବିଧ-ମୁକ୍ତି ସାଧ୍ୟଶ୍ରେଷ୍ଠ ହିତେ ପାରେ ନା ।

**ପଞ୍ଚବିଧ ମୁକ୍ତି—ସାଲୋକ୍ୟାଦି** ପାଂଚ ରକମେର ମୁକ୍ତି ; ପୂର୍ବବର୍ତ୍ତୀ ୨୩୯ ପଯାରେର ଟୀକା ଦ୍ରଷ୍ଟବ୍ୟ । ତ୍ୟାଗ କରେ—  
ମୁକ୍ତିତେ ଭଗବନ୍-ସେବା ନାହିଁ ବଲିଯା ଭକ୍ତଗଣ ତାହା ତ୍ୟାଗ କରେନ, ଅର୍ଥାଂ ମୁକ୍ତି ଲାଭ କରିତେ ଇଚ୍ଛା କରେନ ନା ।  
ସାଲୋକ୍ୟାଦି ଚାରିପ୍ରକାରେ ପ୍ରତ୍ୟେକ ପ୍ରକାର ମୁକ୍ତିଇ ଆବାର ହୁଇ ରକମେର ; ଏକ ରକମେ ସେବାର ସ୍ଵଯୋଗ ଆଛେ, ଆର  
ଏକ ରକମେ ସେବାର ସ୍ଵଯୋଗ ନାହିଁ, ତାହା କୋନ୍ତ ଭକ୍ତି ଗ୍ରହଣ କରେନ ନା ( ୧୩।୧୬ ପଯାରେର ଟୀକା ଦ୍ରଷ୍ଟବ୍ୟ ) । ସାଲୋକ୍ୟାଦି  
ଚତୁର୍ବିଧା ମୁକ୍ତିତେ ଭଗବାନେର ତ୍ରିଶ୍ରେଷ୍ଠ ଜ୍ଞାନ ଭକ୍ତେର ଚିତ୍ତେ ପ୍ରାଦାନ୍ତ ଲାଭ କରେ ବଲିଯା ସେବାବାସନା ସମ୍ଯକ୍ ଫୁରିତ ହିତେ  
ପାରେ ନା ଏବଂ ମମସ୍ତୁନ୍ଦିବି ବିକଶିତ ହିତେ ପାରେ ନା ବଲିଯା ପ୍ରାଣଟାଳା ସେବାର ସ୍ଵଯୋଗ ନାହିଁ । ଏଜୟ ଶୁଦ୍ଧଭକ୍ତିମାର୍ଗେର  
ଭକ୍ତ—ସେ ସାଲୋକ୍ୟାଦିତେ ସେବାର କିଛୁ ସ୍ଵଯୋଗ ଆଛେ ତାହା ଓ—ଗ୍ରହଣ କରିତେ ଚାହେନ ନା ; ସେହେତୁ, ସାଲୋକ୍ୟାଦିର  
ସେବା ସଙ୍କୋଚାତ୍ମିକା, ଇହା ପ୍ରାଣଟାଳା ମମସ୍ତୁନ୍ଦିନ୍ଦ୍ରିୟା ସେବା ନହେ । ଆର ସାୟୁଜ୍ୟମୁକ୍ତି ତୋ ଭକ୍ତିର ବିରୋଧୀଇ ; ସୁତରାଂ  
କୋନ୍ତ ଭକ୍ତିଇ ସାୟୁଜ୍ୟମୁକ୍ତି କାମନା କରେନ ନା । “ସାୟୁଜ୍ୟ ନା ଲୟ ଭକ୍ତ ସାହାତେ ବ୍ରଙ୍ଗ ଏକ୍ୟ ॥ ୧୩।୧୬ ॥” ଫଳ୍ପ—ତୁଚ୍ଛ ।  
ମୁକ୍ତିତେ ଭଗବନ୍-ସେବାର ସ୍ଵଯୋଗ ନାହିଁ ବଲିଯା ଭକ୍ତଗଣ ମୁକ୍ତିକେ ସାଧ୍ୟହିସାବେ ଅତି ତୁଚ୍ଛ ମନେ କରେନ । ନରକେର ସମ—  
ନରକ ସେମନ କଷ୍ଟକର, ଭଗବନ୍-ସେବାବିହୀନ ସାଲୋକ୍ୟାଦି ମୁକ୍ତିଓ ଭକ୍ତେର ପକ୍ଷେ ତର୍କପ କଷ୍ଟକର ; ତାହିଁ ଭକ୍ତଗଣ ମୁକ୍ତି ଓ  
ନରକକେ କଷ୍ଟକରିବେର ଏବଂ ସେବାତ୍ୱା-ବିହୀନତାର ଦିକ୍ ଦିଯା ତୁଲ୍ୟ ମନେ କରେନ ।

ଏହି ପଯାରୋତ୍ତିର ପ୍ରମାଣକରି ନିଯେ ଶ୍ରୀମଦ୍ଭାଗବତେର ଶୋକ ଉନ୍ନତ ହିଁଯାଛେ ।

ଶୋ । ୨୪ । ଅସ୍ତ୍ରୟ । ଅସ୍ତ୍ରୟାଦି ୧୪।୩୬ ଶୋକେ ଦ୍ରଷ୍ଟବ୍ୟ । ଏହି ଶୋକେର ତାତ୍ପର୍ୟ ସମ୍ବନ୍ଧେ ୧୩।୧୬ ପଯାରେର  
ଟୀକାଓ ଦ୍ରଷ୍ଟବ୍ୟ । ଭକ୍ତଗଣ ସେ ମୁକ୍ତି ଚାହେନ ନା, ତାହାର ପ୍ରମାଣ ଏହି ଶୋକ ।

ଶୋ । ୨୫ । ଅସ୍ତ୍ରୟ । ଯଃ ( ଯେ ) ନୃପଃ ( ରାଜୀ—ମହାରାଜ ଭରତ ) ଦୁଷ୍ଟଜାନ୍ ( ଦୁଷ୍ଟ୍ୟଜ୍ୟ ) କ୍ଷିତିଶ୍ଵତସ୍ଵଜନାର୍ଥ-  
ଦାରାନ୍ ( ପୃଥିବୀ ବା ପୃଥିବୀର ରାଜସ୍ତ, ପୁତ୍ର, ଆତ୍ମୀୟ-ସ୍ଵଜନ, ଅର୍ଥ ଏବଂ ପତ୍ନୀ ଏସମସ୍ତକେ ) ସ୍ଵରବରୈଃ ( ଏବଂ ଅମରୋତ୍ତମ-  
ପ୍ରାର୍ଥ୍ୟାଂ ( ପ୍ରାର୍ଥନୀୟା ) ସଦୟାବଲୋକାଂ ( ସଦୟ-ଦୃଷ୍ଟିଯୁକ୍ତା ) ଶ୍ରିୟଂ ( ଲଙ୍ଘିକେଓ ) ନ ଐଚ୍ଛଃ ( ଇଚ୍ଛା କରେନ ନାହିଁ )—ତ୍ୱଃ  
( ତାହା—ମହାରାଜ ଭରତେର ଏହିକରି ଆଚରଣ ) ଉଚ୍ଚିତଃ ( ଉଚ୍ଚିତ କାର୍ଯ୍ୟହୀ ହିଁଯାଛେ ; ସେହେତୁ ) ମଧୁଦ୍ଵିଟ-ସେବାହୁରତ୍ତ-ମନସାଂ  
( ମଧୁରିପୁ-ଶ୍ରୀକଷେର ସେବାତେ ଅହୁରତ୍ତଚିତ୍ ) ମହତାଂ ( ମହାପୁରୁଷଦିଗେର ନିକଟେ ) ଅଭବଃ ( ମୋକ୍ଷ ) ଅପି ( ଓ ) ଫଳ୍ପଃ  
( ଅକିଞ୍ଚିକର—ତୁଚ୍ଛ ) ।

ଅନୁବାଦ । ଭରତ-ମହାରାଜେର ପ୍ରସଙ୍ଗ-ବର୍ଣ୍ଣନୋପଲକ୍ଷ୍ୟ ଶ୍ରୀଶ୍ରୀକର୍ଣ୍ଣ-ମହାରାଜକେ ବଲିଯାଛିଲେନ—“ଲୋକେର  
ପକ୍ଷେ ସାଧାରଣତଃ ଯାହା ଦୁଷ୍ଟ୍ୟଜ୍ୟ—ଏକପ ପୃଥିବୀର ରାଜସ୍ତ, ପୁତ୍ର, ଆତ୍ମୀୟ-ସ୍ଵଜନ, ଅର୍ଥ ଏବଂ ପତ୍ନୀ ଏସମସ୍ତକେ ଏବଂ ଅମରୋତ୍ତମ-  
ଦିଗେର ପ୍ରାର୍ଥନୀୟା ସଦୟ-ଦୃଷ୍ଟିଯୁକ୍ତା ଲଙ୍ଘିକେଓ ସେ ଭରତ-ମହାରାଜ ଇଚ୍ଛା କରେନ ନାହିଁ, ତାହା ତାହାର ଶାଯ ଲୋକେର ପକ୍ଷେ

তত্ত্বে ( ভাঃ ৬।১।২৮ )—  
নারায়ণপরাঃ সর্বে ন কৃতশ্চন বিভ্যতি ।

স্বর্গাপবর্গনরকেষপি তুল্যার্থদর্শিনঃ ॥ ২৬

শ্লোকের সংস্কৃত টাকা ।

স্বর্গাদাবেব তুল্যার্থঃ প্রয়োজনমিতি দ্রষ্টঃ শীলঃ যেবাং তে তথা । স্বামী । স্বর্গ ইতি অযাগামেব ভজিস্থ-  
রাহিত্যেনারোচকস্থাবিশেষাদিতি ভাবঃ । চক্রবর্তী । ২৬

গোরু-কৃপা-তরঙ্গী টাকা ।

উচিত কার্যই হইয়াছে ; কারণ, যে সমস্ত মহাপুরুষের চিত্ত সধুরিপু-শ্রীকৃষ্ণের সেবায় অহুরত, তাহাদের নিকটে  
মোক্ষ ও অকিঞ্চিত্কর । ” ২৫

রাজধি ভরতের চিত্ত ভগবৎ-সেবার নিমিত্ত সর্বদাই ব্যাকুল থাকিত ; তাই ভগবৎ-সেবার অন্তরোধে তিনি  
যৌবনেই রাজ্যেশ্বর্য, পুত্র-কলত্বাদি সমস্তকে মলবৎ পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছিলেন ।

ক্ষিতি-স্তুত-স্বজনার্থ-দারান্ত—ক্ষিতি ( পৃথিবী, এন্দ্রলে পৃথিবীর রাজস্ব ), স্তুত ( পুত্র ), স্বজন, অর্থ এবং  
দারা ( বা পত্নী )—এ সমস্তকে । সংসারাসন্ত লোকের পক্ষে এই কয়টী বস্তুর প্রত্যেকটাই দুষ্যজ্য ; সংসারে  
আস্তুচিত্ত ব্যক্তি পৃথিবীর রাজস্ব তো দূরের কথা, নিজের ক্ষুদ্র বস্তু-বাত্তীটীও ত্যাগ করিতে পারে না ; স্বী, পুত্র,  
আত্মীয়-স্বজন, কি টাকা পয়সা—ইহাদের যে কোনও একটাকে ছাড়িয়া যাইতেই তাহার যেন হৃদয় ছিঁড়িয়া যায় ;  
কিন্তু ভরত-মহারাজ এই কয়টা দুষ্টাজান্ত—দুষ্যজ্য বস্তুর সকলটাকেই ত্যাগ করিয়া চলিয়া গিয়াছেন ; কেবল ইহাই  
নহে ; তাহার ত্যাগের আরও বিশেষত্ব আছে । স্তুরবর্তৈঃ প্রার্থ্যাং—স্তুরবরদিগের ( অর্থাৎ দেবতাদিগের মধ্যে  
শ্রেষ্ঠ যাহারা, তাহাদিগেরও ) প্রার্থনীয়া যিনি এবং সদয়াবলোকাং—সদয়দৃষ্টিসম্পন্না, অর্থাৎ—“ভরত-মহারাজ  
বৈরাগ্যজনিত শারীর-কষ্ট সহ না করিয়া আমাকর্তৃক লাল্যমান হইয়া নিজের গৃহেই অবস্থান করুক”-এইরূপ ইচ্ছার  
সহিত সকলণ দৃষ্টিতে যিনি ভরতের প্রতি চাহিয়াছিলেন ( চক্রবর্তী )—যিনি মহারাজ-ভরতকে গৃহে রাখিয়াই অতুল  
গ্রিশ্যোর স্থুতে স্বচ্ছন্দে রাখিতে চাহিয়াছিলেন—সেই শ্রীয়ং—লক্ষ্মীকেও তিনি ন ত্রিচুৎ—ইচ্ছা করেন নাই ।  
ভরত-মহারাজ অমরোক্তমদিগেরও প্রার্থনীয় লক্ষ্মীর কৃপাকেও উপেক্ষা করিয়া চলিয়া গেলেন । ভারত-মহারাজের  
এরূপ আচরণ আশ্চর্যের বিষয় নহে ; কারণ, তিনি তো ক্ষিতি-স্তুতাদি ইহলোকের স্থুতভোগ-সাধনমাত্র ত্যাগ  
করিয়া গিয়াছেন ; কিন্তু তাহার ঘায় অধুরিত্বেস্বান্তুরক্তঘনসাং—সধুরিপু-শ্রীকৃষ্ণের সেবায় অহুরত চিত্ত যাহারা,  
তাহাদের নিকটে গ্রহিত্বক্ষেত্রের কথা তো দূরে, অভবঃ অপি—মোক্ষ, মুক্তি ও ফুল্লঃ—অতি তুচ্ছ । শ্রীকৃষ্ণসেবায়  
এতই আনন্দ তাহারা পাইয়া থাকেন যে, সেই আনন্দের তুলনায় গ্রহিত্ব স্থুত তো দূরের কথা, মুক্তির আনন্দও অতি  
তুচ্ছ বলিয়া মনে হয় ।

ক্ষণভক্ত যে মুক্তিকে ফল্পন—অতি তুচ্ছ—বলিয়া মনে করেন—এই ২৪৩ পয়ারোক্তির প্রমাণ এই শ্লোক ।

শ্লো । ২৬ । অন্তঃ । নারায়ণপরাঃ ( নারায়ণপর—নারায়ণের ভক্ত ) সর্বে ( সকল ) কৃতশ্চন ( কাহা  
হইতেও ) ন বিভ্যতি ( তব পায়েন না ) ; [ যতঃ ] ( যেহেতু ) [ তে ] ( তাহারা ) স্বর্গাপবর্গ-নরকেষু ( স্বর্গ, মুক্তি ও  
নরকে ) তুল্যার্থদর্শিনঃ ( তুল্য প্রয়োজন দর্শন করেন ) ।

অনুবাদ । শ্রীনারায়ণের ভক্তসকল কাহা হইতেও তব পায়েন না ; যেহেতু, তাহারা স্বর্গ, মুক্তি ও নরকে  
সমান-প্রয়োজন দর্শন করেন । ২৬

মহারাজ চিত্রকেতু শ্রীঅনন্তদেবের কৃপায় অতুল গ্রিশ্য প্রাপ্ত হইয়া আকাশ-পথে বিচরণ করিতে করিতে  
এক দিন দেখিলেন—মুনিদিগের সভায় মহাদেব পার্বতীকে স্বীয় অক্ষে স্থাগনপূর্বক হস্ত দ্বারা আলিঙ্গন করিয়া বিস্যায়  
আছেন ; দেখিয়া চিত্রকেতু ক্ষণকাল দোড়াইলেন এবং মহাদেবের প্রতি উপহাস-বাক্যপ্রয়োগ পূর্বক বলিয়াছিলেন—  
গ্রাহক মাছুবও যে আচরণে লজ্জা বোধ করে, লোকগুরু এবং ধর্মবক্তা স্বয়ং মহাদেব মুনিদিগের সভায় কিঙ্কুপে তাহা

କର୍ମ-ମୁକ୍ତି ହୁଇ ବସ୍ତ ତଜେ ଭକ୍ତଗଣ ।

ସନ୍ନ୍ୟାସୀ ଦେଖିଯା ଆମା କରହ ବନ୍ଧନ ? ॥ ୨୪୮

ପୌର-କ୍ରପା-ତରଙ୍ଗି-ଟୀକା ।

କରିତେହେନ ! ଶୁନିଯା ଗନ୍ତୀରଚିତ୍ତ ମହାଦେବ ଏବଂ ମୁନିଗଣ ତୁଣ୍ଡିତ୍ତାବ ଅବଲମ୍ବନ କରିଲେନ ; କିନ୍ତୁ ଜଗଜ୍ଜନନୀ ପାର୍ବତୀ ବିଦ୍ୟାଧର-ଚିତ୍ରକେତୁର ବାକ୍ୟ ସହ କରିତେ ନା ପାରିଯା ତୋହାର ପ୍ରତି ରଷ୍ଟ ହଇଯା ଅସୁର-ଯୋନି ପ୍ରାପ୍ତ ହେଉଥାର ନିମିତ୍ତ ଚିତ୍ରକେତୁକେ ଅଭିସମ୍ପାଦ ଦିଲେନ । ଚିତ୍ରକେତୁ ଜାନିତେନ—ପାର୍ବତୀର ଅଭିସମ୍ପାଦ ଅବ୍ୟର୍ଥ ; ତଥାପି କିନ୍ତୁ ଅଭିସମ୍ପାଦ ଶୁନିଯା ଚିତ୍ରକେତୁ କିଞ୍ଚିତ୍ତାବ୍ରତ ବିଚଲିତ ହଇଲେନ ନା ; ତିନି ତ୍ରଣଗାନ୍ଧ ବିମାନ ହଇତେ ନାମିଯା ନତମନ୍ତକେ ପାର୍ବତୀକେ ବଲିଲେନ—“ମା, ତୋମାର ଅଭିସମ୍ପାଦ ଆମି ଅଞ୍ଜଳି ଦ୍ୱାରା ଗ୍ରହଣ କରିତେଛି, ଆମାର କର୍ମଫଳ ଆମାକେ ଭୋଗ କରିତେଇ ହିଁବେ । ଏହି ସଂସାର ମାଯାମୟ ଶୁଣମୁହେର ପ୍ରବାହସ୍ତରପ ; ଇହାତେ ଶାପହି ବା କି, ଅମୁଶହି ବା କି, ସୁଧାହି ବା କି, ଦୁଃଖହି ବା କି, ସ୍ଵର୍ଗହି ବା କି, ଆର ନରକହି ବା କି—ସବହି ସମାନ—ଶୁଣପ୍ରବାହ । ମା, ତୁମି ଯେ ଆମାକେ ଅଭିଶାପ ଦିଯାଇ, ଦେଇ ଶାପ-ମୋଚନାର୍ଥ ଆମି ତୋମାକେ ଅଶ୍ଵରୋଧ କରିତେଛି ନା ; କିନ୍ତୁ ଆମି ସାହା ବଲିଯାଇଁ, ତାହା ବସ୍ତତଃ ସାଧୁ ହଇଲେଓ ତୁମି ଯେ ତାହାକେ ଅସାଧୁ ବଲିଯା ମନେ କରିଯାଇ, ତୁମି କ୍ରପା କରିଯା ତାହାହି କ୍ଷମା କର ।” ଏହି କଥା ବଲିଯା ଚିତ୍ରକେତୁ ବିମାନେ ଆରୋହଣ କରିଯା ଚଲିଯା ଗେଲେନ । ତାରପର ସମ୍ମ ମୁନିଗଣେର ସମକ୍ଷେଇ ସଭାସ୍ଥଲେ ପାର୍ବତୀକେ ସମ୍ବୋଧନ କରିଯା ମହାଦେବ ବଲିଲେନ—“ଦେବି ! ଅନ୍ତୁତକର୍ମୀ ଭଗବାନ୍ ହରିର ଦାସମୁଦ୍ରାସଗଣ କିଳୁପ ନିଷ୍ଠୁର, ତାହା ଏକବାର ବିବେଚନା କର ; ତୋହାଦେର ଶାହାଘ୍ୟ ତୋ ଦେଖିଲେ ? ପ୍ରିୟତମେ ! ଯାହାରା ଶ୍ରୀନାରାୟଣେର ଭକ୍ତ, ତୋହାରା କାହା ହିଁତେଇ ଭୟ ପାନ ନା ; ସ୍ଵର୍ଗ, ନରକ ଓ ମୁକ୍ତି ଏହି ତିନଟୀକେଇ ତୋହାରା ସମାନ ମନେ କରେନ । ତାହି ତୋମାର ଅଭିସମ୍ପାଦତେ ପରମଭକ୍ତ ଚିତ୍ରକେତୁ କିଞ୍ଚିତ୍ତାବ୍ରତ ବିଚଲିତ ହଇଲେନ ନା ।”

ନାରାୟଣପରାଃ—ନାରାୟଣନିଷ୍ଠ ; ନାରାୟଣେହି ଏକମାତ୍ର ନିଷ୍ଠା ଯାହାଦେର, ତାଦୃଶ । ସବେ—ସକଳେହି ; କେବଳ ଚିତ୍ରକେତୁ ନହେ ; ପରମ୍ପରା ଚିତ୍ରକେତୁର ଶାୟ ଶ୍ରୀହରିନିଷ୍ଠ ଯାହାରା, ତୋହାଦେର ସକଳେହି । କୁତ୍ରଚଳନ ନ ବିଭ୍ୟତି—କିଛୁତେଇ ଭୀତ ହନ ନା ; ଅଭିସମ୍ପାଦତେଇ ଦାଓ, କି ନରକେଇ ଫେଲ, କିମ୍ବା ପ୍ରହଳାଦେର ଶାୟ ମାପେର ମୁଖେ, କି ଅଗ୍ନିକୁଣ୍ଡେ, କି କରିପଦ-ତଳେହି ନିଷ୍କେପ କର, କିଛୁତେଇ ଭଗବଦ୍-ଭକ୍ତଗଣ ବିଚଲିତ ହିଁବେନ ନା । କାରଣ, ତୋହାରା ସ୍ଵର୍ଗ, ଅପବର୍ଗ (ମୁକ୍ତି) ଓ ନରକ—ଏହି ତିନଟୀକେଇ ସମାନ ମନେ କରେନ । ଯେହେତୁ—ସ୍ଵର୍ଗେ ଓ ଭକ୍ତିମୁଖ ନାହିଁ, ମୁକ୍ତିତେ ଓ ଭକ୍ତିମୁଖ ନାହିଁ, ନରକେ ଓ ଭକ୍ତିମୁଖ ନାହିଁ ; ତୋହାଦେର ଏକମାତ୍ର କାମାବସ୍ତ ହିଁଲ ଭକ୍ତିମୁଖ ; ସ୍ଵର୍ଗ, ମୁକ୍ତି ଓ ନରକ—ଏହି ତିନଟୀର କୋଣଟୀତେଇ ଭକ୍ତିମୁଖ ନାହିଁ ବଲିଯା ତିନଟୀଇ ତୋହାଦେର ଦୃଷ୍ଟିତେ ତୁଳ୍ୟ । ସ୍ଵାଧୀନତା-ସୁଖ-ପ୍ରୟାସୀ ଯେ ସକଳ ବ୍ୟକ୍ତି ଜେଲଥାନାର କରେଦୀ, ତୋହାରା ପ୍ରଥମ-ଶ୍ରେଣୀର କରେଦୀଇ ହଟୁନ, କିମ୍ବା ତୃତୀୟ ଶ୍ରେଣୀର କରେଦୀଇ ହଟୁନ, କାହାରହି ଯେମନ ସ୍ଵାଧୀନତା-ସୁଖ ନାହିଁ, ସ୍ଵତରାଃ ସ୍ଵାଧୀନତା-ସୁଖେର ଅଭାବେ ଦିକ୍ ଦିଯା ସକଳ ଶ୍ରେଣୀଇ ଯେମନ ସମାନ—ତନ୍ଦ୍ରପ ଯାହାରା ଭକ୍ତିମୁଖ-ପ୍ରୟାସୀ, ଭଗବନ୍-ସେବାମୁଖ ପାଇତେ ପାରେନ ନା ; ସ୍ଵତରାଃ ଭଗବନ୍-ସେବାମୁଖ-ଶୁଭ୍ରତାର ଦିକ୍ ଦିଯା ସ୍ଵର୍ଗ, ନରକ ଓ ମୁକ୍ତି—ତିନଟୀ ସମାନ । ତବେ ଜେଲଥାନାର କରେଦୀଦେର ଯେମନ ପ୍ରଥମ, ଦିତୀୟ ଓ ତୃତୀୟ ଶ୍ରେଣୀତେ ଶାରୀରିକ ସୁଖ-ଦୁଃଖେର କିଛୁ ପାର୍ଥକ୍ୟ ଆଛେ,—ତନ୍ଦ୍ରପ ସ୍ଵର୍ଗ, ନରକ ଓ ମୁକ୍ତିତେ ଓ ଶାରୀରିକ ସୁଖ-ଦୁଃଖେର ତାରତମ୍ୟ ଆଛେ ସତ୍ୟ ; କିନ୍ତୁ ସୁଖ-ଦୁଃଖେର ସମସ୍ତ ଦେହେର ସମେ ; ଭଗବନ୍-ଭକ୍ତଗଣେର ଦେହାଭିନିବେଶ ନା ଥାକାଯ, ଏହି ସୁଖ-ଦୁଃଖେର ତାରତମ୍ୟ ତୋହାଦେର ଚିତ୍ରକେ ସ୍ପର୍ଶ କରିତେ ପାରେ ନା । ସ୍ଵାଧୀନତା-ପ୍ରୟାସୀ କରେଦୀ ଜେଲଥାନାର ପ୍ରଥମ-ଶ୍ରେଣୀର ସୁଖ-ଶୁବ୍ଧିଭାବେ ଅଭାବେ ସର୍ବଦା ଯେମନ ଦୁଃଖେ ତ୍ରିୟମାଣ ହଇଯା ଥାକେନ, ତନ୍ଦ୍ରପ ଭକ୍ତି-ସୁଖପ୍ରୟାସୀ ଭଗବନ୍-ଭକ୍ତ ସ୍ଵର୍ଗାଦିର ଅତୁଳ ଭୋଗେର ମଧ୍ୟ ଧାକିଯାଓ ଭକ୍ତିମୁଖେର ଅଭାବ-ଜନିତ ଦୁଃଖେ ସର୍ବଦା ଜର୍ଜିରିତ ହିଁତେ ଥାକେନ ।

ଭକ୍ତଗଣ ଯେ ମୁକ୍ତି ଓ ନରକକେ ସମାନ ମନେ କରେନ, ଏହି ୨୪୩ ପଯାରୋକ୍ତିର ପ୍ରମାଣ ଏହି ଝୋକ ।

୨୪୮ । ଶ୍ରୀମନ୍ ମହାପ୍ରଭୁ ସଭାବ-ସୁଲଭ ଦୈତ୍ୟ ପ୍ରକାଶ କରିଯା ତତ୍ତ୍ଵବାଦୀ ଆଚାର୍ୟେର ମର୍ଯ୍ୟାଦା ରକ୍ଷାର ଉଦ୍ଦେଶ୍ୟ ବଲିଲେନ—“ଅଧିକାର୍ୟ ! ଭକ୍ତଗଣ କର୍ମ ଏବଂ ମୁକ୍ତି ଏହି ଦୁଇଟୀ ବସ୍ତୁକେଇ ପରିତ୍ୟାଗ କରିଯା ଚଲେନ ; ତୁମିଓ ତାହା ଜାନ ଏବଂ ତୁମିଓ

এই ত বৈষ্ণবের নহে সাধ্য-সাধন ।

সেই দুই স্থাপ তুমি সাধ্য-সাধন ॥ ২৪৫

শুনি তত্ত্বাচার্য হৈলা অন্তরে লজ্জিত ।

প্রভুর বৈষ্ণবতা দেখি হইলা বিস্মিত ॥ ২৪৬

আচার্য কহে—তুমি যেই কহ সেই সত্য হয় ।

সর্ববশাস্ত্রে বৈষ্ণবের এই স্বনিশ্চয় ॥ ২৪৭

তথাপি মধ্বাচার্য যে করিয়াছে নির্বক্ষ ।

সেই আচরিয়ে সভে সম্প্রদায়-সম্বন্ধ ॥ ২৪৮

প্রভু কহে—কর্ম্মা, জ্ঞানী দুই ভক্তিহীন ।

তোমার সম্প্রদায় দেখি সেই দুই চিহ্ন ॥ ২৪৯

গোর-কৃপা-তরঙ্গী-টীকা ।

পরিত্যাগ কর । তথাপি তুমি যে কর্ম ও মুক্তির শ্রেষ্ঠত্বের কথা আমার নিকটে বলিলে, তাহার হেতু বোধ হয় এই যে—আমার সন্ধ্যাদের বেশ দেখিয়া তুমি আমাকে ভক্তিবিরোধী বলিয়া মনে করিয়াছ ; তাই আমার সঙ্গে ভক্তি-সম্বন্ধীয় আলোচনায় স্থুৎ হইবে না ভাবিয়াই বোধ হয় কর্ম ও মুক্তির কথা বলিয়া আমাকে কোনও রকমে বিদ্যম করিতে চেষ্টা করিয়াছ ।”

কর্ম-গুরুত্ব ইত্যাদি—ভক্তগণ সাধন হিসাবে কর্মকে এবং সাধ্য হিসাবে মুক্তিকে পরিত্যাগ করেন। সন্ধ্যাসী দেখিয়া ইত্যাদি—তৎকালে বৈষ্ণব-সন্ধ্যাসীর সংখ্যা খুবই কম ছিল ; আয় সন্ধ্যাসী মাত্রই তখন মায়াবাদী ছিলেন ; তাই সন্ধ্যাসী দেখিলেই লোকে ভক্তিবিরোধী মায়াবাদী সন্ধ্যাসী বলিয়া মনে করিত । করহ বঞ্চন—প্রতারিত কর ; প্রাণের কথা না বলিয়া বাজে কথাদ্বারা প্রবোধ দিতে চেষ্টা কর ।

২৪৫। এই ত—কর্ম ও মুক্তি । নহে সাধ্য-সাধন—বৈষ্ণবের সাধ্যও মুক্তি নহে, বৈষ্ণবের সাধনও কর্ম ( বর্ণশ্রমধর্ম ) নহে । তত্ত্ববাদীরা বৈষ্ণব-সম্প্রদায়ভুক্ত ; তাই প্রভু বৈষ্ণবের সাধ্য ও সাধনের কথা বলিলেন। সেই দুই—কর্ম ও মুক্তি এই দুইটাকে যথাক্রমে সাধন ও সাধ্য বলিয়া তুমি ( তত্ত্ববাদী আচার্য ) সিদ্ধান্ত করিলে ।

তত্ত্ববাদী কিন্তু প্রভুকে বঞ্চিত করিতে পারেন, তাহাই এই পয়ারে বলা হইল । বৈষ্ণবগণ মুক্তি ও কর্মকে সাধ্য ও সাধন বলিয়া মনে করেন না ; তথাপি বৈষ্ণব তত্ত্ববাদী-আচার্য মুক্তি ও কর্মের সাধ্যস্ত ও সাধনস্ত স্থাপন করিলেন ; ইহাই বঞ্চনা ।

২৪৬। তত্ত্বাচার্য—তত্ত্ববাদী আচার্য, মাত্র-সম্প্রদায়ের আচার্য । লজ্জিত—বৈষ্ণব-সিদ্ধান্তের প্রতিকূল কথা বলিয়াছেন বলিয়া লজ্জিত হইলেন । বৈষ্ণবতা—বৈষ্ণব-সিদ্ধান্তে অভিজ্ঞতা এবং বৈষ্ণবোচিত দৈন্ত্য-বিনয় ।

২৪৭। এই স্বনিশ্চয়—ইহাই, প্রভু যে সিদ্ধান্ত করিয়াছেন, তাহাই শান্তসম্মত নিশ্চিত সিদ্ধান্ত ।

২৪৮। তত্ত্ববাদী আচার্য বলিলেন—“প্রভু, তুমি যাহা সিদ্ধান্ত করিলে, তাহাই শান্তসম্মত ; আমরাও তাহা জানি ; জানিয়াও কিন্তু তদচুক্তপ কাজ করিতেছিলা ; কারণ, শ্রীমন् মধ্বাচার্য মুক্তিকেই সাধ্য বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন এবং পঞ্চে কর্মার্পণকেই তাহার সাধন বলিয়া গিয়াছেন ; আমরাও মাত্রসম্প্রদায়ী বলিয়া সম্প্রদায়-অনুরোধে তাহার সিদ্ধান্তের অনুরূপ আচরণই করিয়া থাকি ।”

২৪৯। প্রভু তত্ত্ববাদীদিগকে কর্ম্মা ও জ্ঞানী বলিয়াছেন । ইহার হেতু বোধ হয় এই যে, তত্ত্ববাদীগণ কর্মকেই সাধন বলিয়া গ্রহণ করেন ; তাই প্রভু তাহাদিগকে কর্ম্মা বলিয়াছেন ; আর তত্ত্ববাদীগণ পঞ্চবিধি মুক্তিকেই সাধ্য বলিয়া মনে করেন ; পঞ্চবিধি মুক্তির অন্তর্গত যে সাধ্যজ্য মুক্তি, তাহা একমাত্র জ্ঞানীদেরই ( অর্থাৎ অবৈত্ববাদী জ্ঞানমার্গের সাধকদেরই ) অভীষ্ট ; তত্ত্ববাদীদেরও তাহা অগ্রতম অভীষ্ট বলিয়া প্রভু তাহাদিগকেও জ্ঞানী বলিয়াছেন । সর্বদর্শন-সংগ্রহে মধ্বাচার্যের উপদিষ্ট ভজন-সম্বন্ধে এইরূপ পাওয়া যায় “ভজনং দশবিধিং বাচ সত্যং হিতং প্রিয়ং স্বাধ্যায়ঃ, কায়েন দানং পরিত্রাণং পরিরক্ষণং, মনসা দয়া স্পৃহা শ্রদ্ধা চেতি । অত্রৈকেকং নিষ্পাদ্য নারায়ণে সমর্পণং ভজনম ।—ভজন দশবিধি ; সত্য, হিত ও প্রিয়কথন এবং শান্তাচুশ্চীলন—এই চারিটা বাচিক ভজন । দয়া, স্পৃহা ও শ্রদ্ধা—এই তিনটা মানসিক ভজন । দান, পরিত্রাণ ও পরিরক্ষণ—এই তিনটা কায়িক ভজন । ইহার এক একটা সম্পাদনপূর্বক নারায়ণে সমর্পণ করাকেই ভজন বলে ।” এছলে ভগবানে কর্ম্মার্পণক্রম ভজনের কথা পাওয়া যায় ।

সবে এক গুণ দেখি তোমার সম্পন্নায় ।  
সত্য বিশ্রাহ করি ঈশ্বরে করহ মিশচয় ॥ ২৫০  
এইমত তাঁর ঘরে গবর্ব চূর্ণ করি ।  
ফল্পুতীর্থে তবে চলি আইলা গৌরহরি ॥ ২৫১  
ত্রিতৃকৃপ বিশালার করি দৰশন ।  
পঞ্চাপ্সরা-তীর্থ আইলা শচীর নন্দন ॥ ২৫২  
গোকৰ্ণ শিব দেখি আইলা দ্বৈপায়নী ।  
সূর্পারক তীর্থে আইলা ন্যামিশিরোমণি ॥ ২৫৩  
কোলাপুরে লক্ষ্মী দেখি ক্ষীর-ভগবতী ।  
লাঙ্গাগণেশ দেখি চোরাভগবতী ॥ ২৫৪  
তথা হৈতে পাঞ্চপুর আইলা গৌরচন্দ ।  
বিঠ্ঠল ঠাকুর দেখি পাইল আনন্দ ॥ ২৫৫  
প্রেমাবেশে কৈল বহু নর্তন-কীর্তন ।  
প্রভুর প্রেম দেখি সভার চমৎকার মন ॥ ২৫৬

তাঁ এক বিপ্র তাঁরে নিমন্ত্রণ কৈল ।  
ভিক্ষা করি তাঁ এক শুভ বার্তা পাইল—॥ ২৫৭  
মাধবপুরীর শিষ্য শ্রীরঞ্জপুরী নাম ।  
দেই গ্রামে বিপ্রগৃহে করেন বিশ্রাম ॥ ২৫৮  
শুনিএও চলিলা প্রভু তাঁরে দেখিবারে ।  
বিপ্রগৃহে বসি আছেন দেখিল তাঁহারে ॥ ২৫৯  
প্রেমাবেশে করে তাঁরে দণ্ড-পরণাম ।  
পুলকাশ্রম কম্প সব অঙ্গে পড়ে ঘাম ॥ ২৬০  
দেখিয়া বিস্মিত হৈল শ্রীরঞ্জপুরীর ঘন ।  
'উঠ উঠ শ্রীপাদ !' বলি বলিল বচন—॥ ২৬১  
শ্রীপাদ ! ধৰহ আমার গোসাগ্রিম সমন্বন্ধ ।  
তাঁহা বিনু অন্যত্র নাহি এই প্রেমার গন্ধ ॥ ২৬২  
এত বলি প্রভুকে উঠাইয়া কৈল আলিঙ্গন ।  
গলাগলি করি দোহে করেন ক্রন্দন ॥ ২৬৩

## গৌর-কৃপা-ত্রন্তিগী টীকা ।

মন্বাচার্যের মতে—“বিষ্ণুর প্রতি ধাহার গ্রীতি জন্মে, তাঁহার আর জন্মান্তর হয় না। তিনি বৈকুণ্ঠবাসী হইয়া সাক্ষী, সালোক্য, সামীপ্য ও সাষ্টি”—এই চতুর্বিধ মুক্তি লাভ করিয়া অনির্বচনীয় সুখভোগ করিয়া থাকেন। (বিশ্বকোষ)।” এস্বলে সাক্ষীপ্যাদি চতুর্বিধ মুক্তি মন্বাচার্যের মতে সাধ্য বলিয়া জানা যায়। সাযুজ্যমুক্তি মন্বাচার্যের অচুমোদিত নহে; বরং সাযুজ্যমুক্তিকামী অবৈতবাদিগণ মন্বাচার্যের দ্বৈতবাদ প্রচারে হৃদয়ে অত্যন্ত আবাহিনী পাইয়াছিলেন। একপ অবস্থায়ও তত্ত্ববাদী আচার্য পঞ্চবিধা মুক্তিকে মন্বাচারীদের সাধ্য কেন বলিলেন তাহা বুঝা যায় না।

২৫০। **সত্যবিশ্রাহ**—সচিদানন্দ বিশ্রাহ। প্রভু তত্ত্ববাদীকে বলিলেন—“কর্মী ও জ্ঞানী উভয়েই শক্তি হীন; বৈষ্ণব-সম্পন্নায় তত্ত্ব হইয়াও তোমরা কর্মীর ও জ্ঞানীর আচরণ গ্রহণ করিয়াছ; ইহা প্রশংসন বিষয় নহে। তবে তোমাদের সম্পন্নায়ে একটা প্রশংসন বিষয় এই যে—যদিও তোমরা জ্ঞানীদের অভীষ্ঠ মুক্তিকে তোমাদেরও অভীষ্ঠ বলিয়া মনে কর; তথাপি কিন্তু জ্ঞানীদের শায় তোমরা ঈশ্বরের শ্রীবিশ্রাহকে মাধ্যিক বলিয়া মনে কর না—সচিদানন্দময় বলিয়াই মনে কর।” তত্ত্বিকায় “শ্রীমহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্য”-প্রবক্ষে “বিচার ও আলোচনা”-অংশ দ্রষ্টব্য।

২৫১। **এই মত**—এইক্রমে; পূর্ববর্তী ২৪০-২৫০ পয়ারোক্তক্রমে। **তাঁর ঘরে**—তত্ত্ববাদীর ঘরে বা সম্পন্নায়ে। তত্ত্ববাদীদের সম্পন্নায়ের যে গর্ব ছিল, প্রভু শাস্ত্রযুক্তি দ্বারা তাহা চূর্ণ করিলেন। তত্ত্ববাদীদের গর্বের বিবরণ পূর্ববর্তী ২৩৭ পয়ারের টীকায় দ্রষ্টব্য।

২৬০। **দণ্ডপরণাম**—দণ্ডবৎ প্রণাম। ঘাম—ধৰ্ম; বেদ-নামক সাহিত্য বিকার।

২৬১। **শ্রীপাদ**—সম্মানসূচক সম্মোধন। ২৩২-পয়ারের টীকা দ্রষ্টব্য।

২৬২। **আমার গোসাগ্রিম**—আমার গুরু শ্রীপাদ মাধবেন্দ্রপুরীর। শ্রীরঞ্জপুরী প্রভুর প্রেমবিকার দেখিয়া প্রভুকে বলিলেন—“আমার মনে হইতেছে, আমার গুরুদেব শ্রীপাদ মাধবেন্দ্রপুরীর সহিত তোমার কোনও সম্বন্ধ আছে; কারণ, শ্রীপাদপুরীগোথামীর সমন্বয় ব্যতীত একপ প্রেমবিকার অগ্রত্ব তুল্বিত।”

২৬৩। **ক্রন্দন**—গ্রেনের ক্রন্দন।

ক্ষণেকে আবেশ ছাড়ি দোহার ধৈর্য হৈল ।  
 ঈশ্বরপুরীর সমন্বয় প্রভু জানাইল ॥ ২৬৪  
 দুইজনে কৃষকথা কহে রাত্রি-দিনে ।  
 এইমত গোড়াইল পাঁচমাত দিনে ॥ ২৬৫  
 কৌতুকে পুরী তাঁরে পুছিল জন্মস্থান ।  
 গোসাঙ্গি কৌতুকে নিল নবদ্বীপ-নাম ॥ ২৬৬  
 শ্রীমাধবপুরীর সঙ্গে শ্রীরঞ্জপুরী ।  
 পূর্বে আমিয়াছিলা নদীয়া-নগরী ॥ ২৬৭  
 জগন্মাথমিশ্রঘরে ভিক্ষা যে করিল ।  
 অপূর্ব মোচার ঘট তাঁ যে খাইল ॥ ২৬৮  
 জগন্মাথের ব্রাক্ষণী মহাপতিরতা ।  
 বাংসলে হয় তেঁহো যেন জগন্মাতা ॥ ২৬৯  
 রক্ষনে নিপুণা নাহি তা-সম ত্রিভুবনে ।  
 পুরুষম স্নেহে করায় সন্ধ্যাসি ভোজনে ॥ ২৭০  
 তাঁর এক পুঁজি ঘোগ্য করিয়া সন্ধ্যাস ।  
 শক্ররারণ্য নাম তাঁর অলপ-বয়স ॥ ২৭১  
 এই তীর্থে শক্ররারণ্যের সিদ্ধিপ্রাপ্তি হৈল ।

প্রস্তাবে শ্রীরঞ্জপুরী এতেক কহিল ॥ ২৭২  
 প্রভু কহে— পূর্ববাশ্রমে তেঁহো মোর ভাতা ।  
 জগন্মাথমিশ্র মোর পূর্ববাশ্রমে পিতা ॥ ২৭৩  
 এইমত দুইজনে ইষ্টগোষ্ঠী করি ।  
 দ্বারকা দেখিতে চলিলা শ্রীরঞ্জপুরী ॥ ২৭৪  
 দিন-চারি প্রভুকে তাঁ রাখিল ব্রাক্ষণ ।  
 ভীমরথী-স্নান করে বিঠ্ঠলদর্শন ॥ ২৭৫  
 তবে মহাপ্রভু আইলা কৃষবেঘা-তাঁরে ।  
 নানাতীর্থ দেখি তাঁ দেবতামন্দিরে ॥ ২৭৬  
 ব্রাক্ষণ-সমাজ সব বৈষ্ণবচরিত ।  
 বৈষ্ণব সকল পঢ়ে কৃষকর্ণামৃত ॥ ২৭৭  
 কর্ণামৃত শুনি প্রভুর আনন্দ হইল ।  
 আগ্রহ করিয়া পুঁথি লেখাইয়া নিল ॥ ২৭৮  
 কর্ণামৃতসম বস্ত নাহি ত্রিভুবনে ।  
 যাহা হৈতে হয় শুক্র-কৃষ্ণপ্রেম-জ্ঞানে ॥ ২৭৯  
 সৌন্দর্য্য মাধুর্য কৃষ্ণলীলার অবধি ।  
 সে জানে যে কর্ণামৃত পঢ়ে নিরবধি ॥ ২৮০

## গোর-কৃপা-তরঙ্গী টীকা ।

২৬৪। আবেশ ছাড়ি—প্রেমের আবেশ ছুটিয়া গেলে। ঈশ্বরপুরীর ইত্যাদি—প্রভু যে শ্রীপাদ ঈশ্বরপুরীর শিষ্য, তাহা তিনি বলিলেন।

২৭১। প্রভু যখন বলিলেন যে, তাঁর জন্মস্থান নবদ্বীপে, তখন শ্রীরঞ্জপুরীও নবদ্বীপের কথা বলিতে লাগিলেন ২৬১-৭১ পয়ারে; শ্রীপাদ মাধবেন্দ্রপুরীর সঙ্গে তিনি একবার নবদ্বীপে গিয়াছিলেন এবং শ্রীলজগন্মাথ মিশ্রের গৃহে শচীমাতার হস্তে ভিক্ষা করিয়াছিলেন; তাহাই তিনি বলিলেন।

২৭১ পয়ারে বিশ্বরূপের কথা বলিতেছেন; সন্ধ্যাসের পরে তাঁর নাম হইয়াছিল শক্ররারণ্য। অলপ বয়স—অল্প বয়স।

২৭২। এই তীর্থে—পাঁতুপুরে। সিদ্ধিপ্রাপ্তি—দেহত্যাগ।

২৭৩। তেঁহো মোর ভাতা—সেই শক্ররারণ্য আমার ভাই।

২৭৫। তাঁ—পাঁতুপুরে। ভীমরথী—পাঁতুপুরের নিকটস্থ নদীর নাম।

২৭৭। বৈষ্ণবচরিত—বৈষ্ণবোচিত চরিত্র ধারাদের। সেখানকার ব্রাক্ষণদের সকলের চরিত্রই (অর্থাৎ আচরণই) বৈষ্ণবোচিত ছিল। সেখানকার ব্রাক্ষণ-সমাজেই প্রভু সর্বপ্রথম শ্রীকৃষ্ণকর্ণামৃত পাঠ শুনিলেন। কর্ণামৃত—শ্রীবিদ্মহমন্ত্রাকুর প্রণীত শ্রীকৃষ্ণকর্ণামৃত-নামক গ্রন্থ। প্রভু কৃষবেঘাতীর হৃষিতে নকল করাইয়া এই গ্রন্থানি নীলাচলে লইয়া আসেন; তারপর গৌড়ের ভজনিগকে ইহার প্রতিলিপি দেন; এইক্রমেই বাঙালাদেশে শ্রীকৃষ্ণকর্ণামৃতের গ্রচলন হয়।

২৭৯। শুক্র কৃষ্ণপ্রেমজ্ঞানে—শ্রীকৃষ্ণবিষয়ক বিশুদ্ধ প্রেমের জ্ঞান।

২৮০। সৌন্দর্য্য ইত্যাদি—সৌন্দর্য্য, মাধুর্য ও বৃক্ষলীলা—এই তিনটী শব্দের অত্যেকটুর সহিত

অঙ্গসংহিতা কর্ণামৃত দুই পুঁথি পাঞ্চ।  
মহারত্নপ্রায় পাই আইলা সঙ্গে লঞ্চ। ॥ ২৮১  
তাপী-স্নান করি আইলা মাহিম্বতী-পুরে।  
নানাতীর্থ দেখে তাঁ নর্মদার তীরে। ॥ ২৮২  
ধনুতীর্থ দেখি কৈলা নির্বিক্ষ্যাতে স্নানে।  
ধ্যমুখ-পর্বতে আইলা দণ্ডক-অরণ্যে। ॥ ২৮৩  
সপ্ত তালবৃক্ষ তাঁ কানন ভিতর।  
অতি-বৃদ্ধ অতি-সুল অতি উচ্চতর। ॥ ২৮৪  
সপ্ততাল দেখি প্রভু আলিঙ্গন কৈল।  
সশরীরে সপ্ততাল বৈকুঞ্জে চলিল। ॥ ২৮৫  
শৃণ্যস্থান দেখি লোকের হৈল চমৎকার।  
লোক কহে—এ সন্ন্যাসী রাম-অবতার। ॥ ২৮৬  
সশরীরে গেল তাল ত্রৈবেকৃষ্ণধাম।  
ঝঁছে শক্তি কার হয় বিনা এক রাম। ॥ ২৮৭  
প্রভু আসি কৈলা পম্পা-সরোবরে স্নান।  
পঞ্চবটী আসি তাঁ করিলা বিশ্রাম। ॥ ২৮৮  
মাসিক-ত্যুষক দেখি গেলা অঙ্গগিরি।  
কুশাবর্তে আইলা যাঁ জন্মিলা গোদাবরী। ॥ ২৮৯  
সপ্তগোদাবরী দেখি তীর্থ বহুতর।  
পুনরপি আইলা প্রভু বিদ্যানগর। ॥ ২৯০  
রামানন্দরায় শুনি প্রভুর আগমন।  
আনন্দে আসিয়া কৈল প্রভুর মিলন। ॥ ২৯১

দণ্ডবৎ হইয়া পড়ে চরণে ধরিয়া।  
আলিঙ্গন কৈল প্রভু তাঁরে উঠাইয়া। ॥ ২৯২  
দুই জন প্রেমাবেশে করয়ে ক্রন্দন।  
প্রেমাবেশে শিথিল হৈল দু' জনার ঘন। ॥ ২৯৩  
কথোক্ষণে দুই জন সুস্থির হইয়া।  
নানা ইষ্টগোষ্ঠী করে একত্র বসিয়া। ॥ ২৯৪  
তীর্থাত্মা-কথা প্রভু সকল কহিল।  
কর্ণামৃত অঙ্গসংহিতা দুই পুঁথি দিলা। ॥ ২৯৫  
প্রভু কহে—তুমি যেই সিদ্ধান্ত কহিলে।  
এই দুই পুঁথি সেই সব সাক্ষী দিলে। ॥ ২৯৬  
রায়ের আনন্দ হৈল পুস্তক পাইয়া।  
প্রভু-সহ আস্মাদিল—রাখিল লিখিয়া। ॥ ২৯৭  
'গোসাগ্রিঃ আইলা' গ্রামে হৈল কোলাহল।  
গোসাগ্রিঃ দেখিতে লোক আইল সকল। ॥ ২৯৮  
লোক দেখি রামানন্দ গেলা নিজ ঘরে।  
মধ্যাহ্নে উঠিলা প্রভু ভিক্ষা করিবারে। ॥ ২৯৯  
রাত্রিকালে রায় পুন কৈল আগমন।  
দুই জন কৃষ্ণকথায় করে জাগরণ। ॥ ৩০০  
দুই জনে কৃষ্ণকথা হয় রাত্রি-দিনে।  
পরম আনন্দে গেল পাঁচ সাত দিনে। ॥ ৩০১  
রামানন্দ কহে গোসাগ্রিঃ। তোমার আজ্ঞা পাওয়া।  
রাজাকে লিখিল আমি বিনতি করিয়া। ॥ ৩০২

গৌর-কৃপা-তরঙ্গিণী চীকা।

“অবধি” শব্দের অন্য ; শ্রীকৃষ্ণের সৌর্যের অবধি, মাধুর্যের অবধি এবং লীলার অবধি। অবধি—শেষ সীমা।

২৮১। অঙ্গসংহিতা—পয়স্ত্বিনীতীরে আদিকেশ্ব-মন্দিরে অঙ্গসংহিতা পাওয়া গিয়াছিল (পূর্ববর্তী ২২০ পয়ার)।

২৮৫। প্রভু সাতটী তালগাছকে আলিঙ্গন করা মাত্রেই তালগাছগুলি অন্তর্ভুক্ত হইল, তাহারা সশরীরে বৈকুঞ্জে চলিয়া গেল। কবি-কর্ণপূর্ণ একথা বলিয়াছেন। মহাকাব্য। ১৩।১৭-১৮।

২৮৭। শ্রীরামচন্দ্র বনবাস-উপলক্ষ্য যখন দণ্ডকারণ্যে আসিয়াছিলেন, তখন তিনি বাণবারা সাতটী তালগাছকে ভেদ করিয়াছিলেন। রামায়ণের কিঞ্চিক্ষ্যাকাণ্ড একাদশ-সর্গে ইছা বর্ণিত আছে।

২৮৯। কুশাবর্ত—গোদাবরী-নদীর উৎপত্তিস্থান।

২৯৪। ইষ্টগোষ্ঠী—কৃষ্ণকথার আলাপন।

২৯৯। ভিক্ষা—আহার।

রাজা মোরে আজ্ঞা দিলা নীলাচল যাইতে ।  
 চলিবার সজ্জা আমি লাগিয়াছি করিতে ॥ ৩০৩  
 প্রভু কহে—এখা মোর এ নিমিত্ত আগমন ।  
 তোমা লৈয়া নীলাচলে করিব গমন ॥ ৩০৪  
 রায় কহে—প্রভু ! আগে চল নীলাচল ।  
 মোর সঙ্গে হাথি-ঘোড়া-সৈন্যকোলাহল ॥ ৩০৫  
 দিন-দশে ইঁহা সব করি সমাধান ।  
 তোমার পাছে পাছে আমি করিব প্রয়াণ ॥ ৩০৬  
 তবে মহাপ্রভু তাঁরে আসিতে আজ্ঞা দিয়া ।  
 নীলাচল চলিলা প্রভু আনন্দিত হৈয়া ॥ ৩০৭  
 যেই পথে পূর্বে প্রভু করিলা গমন ।  
 সেই পথে চলিলা প্রভু দেখি বৈষ্ণবগণ ॥ ৩০৮  
 ঘাঁঁ ঘায় উঠে লোক হরিধরনি করি ।  
 দেখিয়া আমন্দ বড় পাইলা গৌরহরি ॥ ৩০৯  
 আলালনাথ আসি কৃষ্ণদাস পাঠাইলা ।  
 নিত্যানন্দ-আদি নিজ-গণে বেলাইলা ॥ ৩১০  
 প্রভুর আগমন শুনি নিত্যানন্দরায় ।  
 উঠিয়া চলিলা, প্রেমে থেহ নাহি পায় ॥ ৩১১

জগদানন্দ দামোদর পশ্চিত মুকুল ।  
 নাচিয়া চলিলা, দেহে না ধরে আনন্দ ॥ ৩১২  
 গোপীনাথাচার্য চলে আনন্দিত হণ্ণি ।  
 প্রভুরে মিলিলা সভে পথে লাগ পাঞ্জা ॥ ৩১৩  
 প্রভু প্রেমাবেশে সভা কৈল আলিঙ্গন ।  
 প্রেমাবেশে সভে করে আনন্দে কুন্দন ॥ ৩১৪  
 সার্বভৌম ভট্টাচার্য আনন্দে চলিলা ।  
 সমুদ্রের তৌরে আসি প্রভুরে মিলিলা ॥ ৩১৫  
 সার্বভৌম মহাপ্রভুর পড়িলা চরণে ।  
 প্রভু তাঁরে উঠাইয়া কৈল আলিঙ্গনে ॥ ৩১৬  
 প্রেমাবেশে সর্বভৌম করেন কুন্দনে ।  
 সভা-সঙ্গে আইলা প্রভু ঈশ্বর-দর্শনে ॥ ৩১৭  
 জগন্মাথ দেখি প্রভুর প্রেমাবেশ হৈল ।  
 কম্প স্বেদ পুলকাশ্রয় শরীর ভাসিল ॥ ৩১৮  
 বহু নৃত্য কৈল প্রভু প্রেমাবিষ্ট হৈয়া ।  
 পাঞ্চাপাল সব আইলা প্রসাদ মালা লৈয়া ॥ ৩১৯  
 মালা-প্রসাদ পাইয়া তবে প্রভু স্থির হৈলা ।  
 জগন্মাথের সেবক সব আনন্দে মিলিলা ॥ ৩২০

গোর-কপা-তরঙ্গী টীকা ।

৩০৩। সজ্জা—আয়োজন ; যোগাড় ।

৩০৫। মোর সঙ্গে ইত্যাদি—রামানন্দ-রায় ছিলেন রাজ-প্রতিনিধি ; কটক ছিল তাহার রাজা প্রতাপকুন্দের রাজধানী ; রাজ-প্রতিনিধিকে রাজধানীতে যাইতে হইলে ( অস্ত্র কোথাও যাইতে হইলেও ) তাহার পদোচিত গৌরব-রক্ষার নিমিত্ত সৈন্যাদিকে সঙ্গে লইতে হইত । সৈন্যাদির কোলাহলে প্রভু স্বত্ব পাইবেন না বলিয়া রামানন্দ ঘায় বলিলেন—“প্রভু, তুমি আগে যাও ; আমি পাছে আসিতেছি ।”

৩১০। আলালনাথে আসিয়া প্রভু কৃষ্ণদাসকে নীলাচলে পাঠাইয়া শ্রীনিত্যানন্দাদিকে ডাকাইলেন । কৃষ্ণদাস-নামক ব্রাহ্মণ নীলাচল হইতে প্রভুর সঙ্গেই গিয়াছিলেন ।

৩১১। থেহ—স্থিরতা ; স্বৈর্য । প্রেমে তিনি অস্থির হইয়া গিয়াছিলেন । কোনও কোনও গ্রন্থে “প্রেমে থেহ মাহি পায়”—হলে “আনন্দ দেহে না আমায়”-পাঠাস্তর দৃষ্ট হয় । না আমায়—আমায় না ; ধরে না ; স্থান হয় না ।

৩১৩। পথে লাগ পাঞ্জা—প্রভুও আলালনাথ হইতে নীলাচলে আসিতেছিলেন ; আর শ্রীনিত্যানন্দাদি নীলাচল হইতে আলালনাথে যাইতেছিলেন ; পথে প্রভুর সঙ্গে তাহাদের সাক্ষাৎ হইল ।

৩১৭। ঈশ্বর-দর্শনে—শ্রীজগন্মাথের দর্শন করিতে ।

৩১৯। “বহুনৃত্য”-হলে “বহুনৃত্যগীত”-পাঠাস্তরও দৃষ্ট হয় । পাঞ্চাপাল—পাঞ্চাদের পাল বা দল ; পাঞ্চাগণ । “পাঞ্চাপাল”-হলে “পশ্চপালক”-পাঠাস্তরও দৃষ্ট হয় । পশ্চপালক—পাঞ্চা । প্রসাদমালা—শ্রীজগন্মাথের প্রসাদ এবং প্রসাদীমালা ।

৩২০। স্থির হৈলা—শ্রীজগন্মাথের প্রসাদ-মালা পাইয়া প্রভুর প্রেমাবেশ-জনিত অস্থিরতা প্রশমিত হইল ।

কাশীমিশ্র আসি পড়িলা প্রভুর চরণে ।  
 মান্য করি প্রভু তারে কৈল আলিঙ্গনে ॥ ৩২১  
 জগন্মাথের পড়িছা আসি প্রভুরে মিলিলা ।  
 প্রভু লঞ্চা সার্বভৌম নিজঘরে গেলা ৩২২  
 ‘মোর ঘরে ভিক্ষা’ বলি নিমন্ত্রণ কৈলা ।  
 দিব্যদিব্য মহাপ্রসাদ অনেক আনাইলা ৩২৩  
 মধ্যাহ্ন করিয়া প্রভু নিজ-গণ লৈয়া ।  
 সার্বভৌম-ঘরে ভিক্ষা করিলা আসিয়া ॥ ৩২৪  
 ভিক্ষা করাইয়া তাঁরে করাইল শয়ন ।  
 আপনে সার্বভৌম করে পাদ-সংবাহন ॥ ৩২৫  
 প্রভু তাঁরে পাঠাইলা ভোজন করিতে ।  
 সেই রাত্রি তাঁর ঘরে রহিলা তাঁর প্রীতে ৩২৬  
 সার্বভৌম সঙ্গে আর লঞ্চা নিজ-গণ ।  
 তীর্থ্যাত্মা-কথা কহি কৈলা জাগরণ ॥ ৩২৭  
 প্রভু কহে—এত তীর্থ কৈল পর্যটন ।  
 তোমা সম বৈষ্ণব না দেখিল একজন ॥ ৩২৮  
 এক রামানন্দরায় বহু স্মৃথ দিল ।  
 ভট্ট কহে—এই লাগি মিলিতে কহিল ॥ ৩২৯

তীর্থ্যাত্মা-কথা এই হৈল সমাপন ।  
 সংক্ষেপে কহিল, বিস্তার না যায় বর্ণন ॥ ৩৩০  
 অনন্ত চৈতন্যকথা—কহিতে না জানি ।  
 লোভে লজ্জা খাঞ্চা তার করি টানাটানি ॥ ৩৩১  
 প্রভুর তীর্থ্যাত্মা কথা শুনে যেই জন ।  
 চৈতন্য-চরণে পায় গাঢ় প্রেমধন ॥ ৩৩২  
 চৈতন্যচরিত্র শুন শ্রদ্ধা-ভক্তি করি ।  
 মাংসর্য্য ছাড়িয়া মুখে বোল ‘হরি হরি’ ৩৩৩  
 এই কলিকালে আর নাহি অন্য ধর্ম ।  
 বৈষ্ণব বৈষ্ণব শাস্ত্র এই কহে মর্ম ॥ ৩৩৪  
 চৈতন্যচন্দ্রের লীলা—অগাধ গন্তীর ।  
 প্রবেশ করিতে নারি স্পর্শি রহি তীর ॥ ৩৩৫  
 চৈতন্যচরিত্র শ্রদ্ধায় শুনে যেই জন ।  
 যতেক বিচারে, তত পায় প্রেমধন ॥ ৩৩৬  
 শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ ।  
 চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৩৩৭  
 ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে দক্ষিণ-  
 দেশ-তীর্থভূগণং নাম নবমপরিচ্ছেদঃ ॥

গৌর-কৃপা-তরঙ্গী চীকা ।

৩২৪। মধ্যাহ্ন করিয়া—মধ্যাহ্ন-স্নানাদি ও মধ্যাহ্ন-সন্ধ্যাবন্ধনাদি সমাধা করিয়া। নিজগণ—শ্রীনিত্যানন্দাদিকে।  
 ৩২৫। পাদসংবাহন—প্রভুর চরণসেবা।  
 ৩২৮। তোমা সম—তোমার (সার্বভৌমের) তুল্য।  
 ৩২৯। ভট্ট—সার্বভৌম ভট্টাচার্য। এই লাগি—এই নিমিত্ত; রামানন্দ-রায়ের সঙ্গে তুমি আনন্দ পাইবে বলিয়া।  
 ৩৩০। এই পয়ার হইতে গ্রস্থকারে উক্তি আরম্ভ।  
 ৩৩১। লোভে—শ্রীচৈতন্যের লীলাকথা বর্ণন করার লোভবশতঃ। লজ্জা খাঞ্চা—বর্ণন করিবার শক্তি  
 নাই, তথাপি বর্ণনে প্রবৃত্ত হইতেছি; এজন্ত নিজের অসামর্থ্য-জনিত যে লজ্জা, সেই লজ্জার মাথা খাইয়া; নিজের  
 অসামর্থ্যের জন্য লজ্জিত না হইয়া। করি টানাটানি—বর্ণনার শক্তি নাই, তথাপি বর্ণনার চেষ্টা করি।  
 ৩৩৩। শ্রদ্ধা—দৃঢ়বিশ্বাস। ভক্তি—সম্মান। মাংসর্য্য—পরশ্রী-কাতরতা; অঙ্গের মঙ্গলের প্রতি দ্রেষ।  
 অমৎসর (পরশ্রী-কাতরতাশৃঙ্গ) হইয়া হরিনাম করিলেই নামের ফল পাওয়া যায়।  
 ৩৩৪। অন্তর্ধর্ম—হরিনাম ব্যতীত অন্য ধর্ম।  
 ৩৩৫। অগাধ—অতল। গন্তীর—গভীর, সমুদ্রতুল্য। স্পর্শি রহি তীর—প্রভুর লীলাকৃপ সমুদ্রে প্রবেশ করিবার  
 (তুব দিবার) শক্তি নাই; তীরে দাঁড়াইয়া তাহা স্পর্শ করিলাম মাত্র। অতি সামান্য একটু বর্ণনার আভাসমাত্র দিলাম।  
 ৩৩৬। যতেক বিচারে—যতই বিচার করিবে।